




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■13 March, 2024 ■আগরতলা ১৩ মার্চ ২০২৪ ইং ■২৯ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ, বুধবার■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# সুপ্রিমকোর্টের নির্দেশে নির্বাচন কমিশনের হাতে বন্ড'র তথ্য তুলে দিল এসবিআই

**নয়াদিল্লি, ১২ মার্চ (হি.স.) ।।** মঙ্গলবার বিকেলেই স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (এসবিআই) নির্বাচনী বন্ড সংক্রান্ত যাবতীয় তথ্য তুলে দিল নির্বাচন কমিশনের হাতে। এবার সেই তথ্য আগামী শুক্রবারের মধ্যে কমিশনকে নিজেদের সরকারি ওয়েবসাইটে বন্ড-তথ্য প্রকাশ করতে হবে, এমনটাই নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।



নির্বাচনী বন্ড সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট তার নির্দেশে বলেছিল, ২০১৯-এর ১২ এপ্রিল থেকে এখনও পর্যন্ত নির্বাচনী বন্ড সংক্রান্ত তথ্য ৬ মার্চের মধ্যে তুলে দিতে হবে এসবিআই-কে। কিন্তু তথ্যপ্রকাশের জন্য অতিরিক্ত সময় চেয়ে শীর্ষ আদালতে আর্জি জানায় তারা। যদিও সোমবার এসবিআই-এর সেই আবেদন খারিজ করে দেয় প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়ের ডিভিশন বেঞ্চ। সোমবার শুনানির শুরুতেই শীর্ষ আদালতের প্রশ্নের মুখে পড়েছিল এসবিআই। রাষ্ট্রায়ত্ত এই ব্যাঙ্কের উদ্দেশে সুপ্রিম কোর্টের প্রশ্ন ছিল, "গত ২৬ দিন ধরে আপনারা কী করছিলেন? আপনাদের আবেদনে এই নিয়ে কিছুই উল্লেখ করা হয়নি।"

প্রসঙ্গত, গত ১৫ ফেব্রুয়ারি নির্বাচনী বন্ড ব্যবস্থাকে 'অসাংবিধানিক' এবং 'ক্ষতিকারক' বলে আখ্যা দিয়েছিল সুপ্রিম কোর্ট। আদালত এসবিআইকে নির্দেশ দিয়েছিল, অবিলম্বে যেন ওই বন্ড দেওয়া বন্ধ করে তারা। এর পাশাপাশি নির্বাচনী বন্ডের মাধ্যমে কোন রাজনৈতিক দল কত অনুদান পেয়েছে, কারা তাদের অনুদান দিয়েছে, তা প্রকাশ্যে আনার নির্দেশ দেয় শীর্ষ আদালত। ৬ মার্চ সুপ্রিম কোর্টের বেঁধে দেওয়া সময় পেরিয়ে যাওয়ার পরেও এসবিআই নির্বাচনী বন্ড সংক্রান্ত তথ্য নির্বাচন কমিশনের কাছে জমা না দেওয়ায় তাদের বিরুদ্ধে আদালত অবমাননারও মামলা হয়েছিল সুপ্রিম কোর্টে। সোমবার দু'টি মামলা এক সঙ্গে শুনানি হয়েছিল প্রধান বিচারপতির বেঞ্চে। সোমবার সুপ্রিম কোর্ট জানায়, মঙ্গলবারের মধ্যে যদি নির্বাচনী বন্ডের তথ্য এসবিআই প্রকাশ না করে, তবে তাদের বিরুদ্ধে আদালতের নির্দেশ 'ইচ্ছাকৃত অমান্য' করার অভিযোগে আদালত অবমাননার মামলা হবে। এ ছাড়াও আদালতের নির্দেশ মানার পর

☞ ৬ এর পাতায় দেখুন

বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন

# উন্নত প্রযুক্তির ব্যবহার রাজ্যে শিক্ষা ব্যবস্থার অনেক পরিবর্তন এসেছে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ ।।** উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বর্তমানে রাজ্যে শিক্ষা ব্যবস্থায় অনেক পরিবর্তন এসেছে। শিক্ষাক্ষেত্রে উন্নয়নের এই সুফল যাতে প্রান্তিক শিক্ষার্থীদের কাছে পৌঁছানো যায় সেই লক্ষ্যে শিক্ষা পরিকাঠামোরও উন্নয়ন করা হচ্ছে। আজ শিশু বিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পুরাতন কমপ্লেক্সে বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

সমগ্র শিক্ষার উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর মার্গদর্শনে বর্তমানে সারা রাজ্যেই উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২২ সালে গুজরাটে প্রথম বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন করেছিলেন। শিক্ষাক্ষেত্রের উন্নয়নের সেই ঢেউ আজ রাজ্যেও এসে পড়লো। বিদ্যা সমীক্ষা কেন্দ্র রাজ্যের শিক্ষা জগতে ব্যাপক পরিবর্তন ঘটাবে। এই সমীক্ষা কেন্দ্রটি যাতে স্থায়ী হয় সে বিষয়েও দপ্তরের আধিকারিকদের সচেতন থাকতে হবে।

মুখ্যমন্ত্রী বলেন, প্রযুক্তিকে ব্যবহার করে আমরা কিভাবে সর্বোচ্চ স্থানে পৌঁছতে পারি তার দিশা দেখিয়েছেন প্রধানমন্ত্রী। তথ্য ও প্রযুক্তি ব্যবহার করে প্রতিটি শিক্ষার্থী কতটা শিখতে পারলো সেটা সমীক্ষা ও বিশ্লেষণের মাধ্যমে শিখন ফলাফলে উন্নতি ঘটানোই এই বিদ্যা সমীক্ষা কেন্দ্রের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বিদ্যা সমীক্ষা কেন্দ্রের মাধ্যমে সরকারি নীতির বাস্তবায়ন, শিক্ষার সঠিক মূল্যায়ন, ছাত্রছাত্রীদের মানসিক বিকাশ দ্রুত ফলপ্রসূ হবে। প্রধানমন্ত্রী প্রায়শই বলে থাকেন যে, যাদের কাছে জ্ঞান থাকবে আগামীদিনে পৃথিবী তাদের হাতের মুঠোয় থাকবে। জ্ঞান লাভের যথার্থ স্থান হচ্ছে বিদ্যালয়। তাই বিদ্যালয়গুলির পরিকাঠামোগত উন্নয়নের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে গুণগত শিক্ষা প্রদানের লক্ষ্যেই সরকার কাজ করছে।

মুখ্যমন্ত্রী বলেন, বিদ্যা সমীক্ষা কেন্দ্রের সুবিধা হচ্ছে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি, শিক্ষার্থীদের পারফরম্যান্স, শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতি, শিক্ষক শিক্ষিকাদের প্রশিক্ষণ সহ নানা ব্যবস্থা রয়েছে। বর্তমানে দেশের প্রায় ১৩ কোটি ছাত্রছাত্রী বিদ্যা সমীক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত রয়েছে। আগামী বছর এই সংখ্যা ২৫ কোটিতে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন, প্রতিটি শিশুকে তার স্বপ্ন পূরণে সমর্থ করে তোলাই হচ্ছে বিদ্যা সমীক্ষা

☞ ৬ এর পাতায় দেখুন

মুখ্যমন্ত্রী নির্দেশে সাড়া

## বাড়ী থেকে পালিয়ে যাওয়া দুই নাবালক মুম্বাই থেকে উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ ।।** শেষমেষ দীর্ঘ খোঁজাখুঁজির পর নিখোঁজ দুই নাবালককে উদ্ধার করা হয়েছে মুম্বাই থেকে। আগামীকাল তাদের আগরতলায় নিয়ে আসা হবে। নিজ সামাজিক মাধ্যমে এমনটাই জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার সকালে গৃহ শিক্ষকের বাড়িতে যাওয়ার উদ্দেশ্যে বেরিয়েছিল দুই অষ্টম শ্রেণির ছাত্র। একজন বড়জলার বাসিন্দা অঙ্কন চক্রবর্তী এবং অপরজন উজান অভয়নগরের বাসিন্দা পৃথিবী দেববর্মা। দুই জনই শহরের মঠচৌমুহনি এলাকা একই গৃহ শিক্ষকের বাড়িতে গিয়েছিল।

কিছুক্ষণ পর তারা সামাজিক মাধ্যমে বাড়ি থেকে পালিয়ে যাওয়ার বিষয়টি জানিয়েছে। সাথে সাথে পরিবারের সদ্যসরা পূর্ব আগরতলা থানায় নিখোঁজ ডায়েরি করা হয়েছিল।

এদিকে খবর পেয়ে সঙ্গে সঙ্গে ত্রিপুরা পুলিশকে তদন্তের নির্দেশ দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। ত্রিপুরা পুলিশের তৎপরতায় আজ এই দুই নিখোঁজ ছাত্রকে মুম্বাইয়ে উদ্ধার করা হয়েছে। ওই দুই নাবালককে খুঁজে পেতে রাজ্য পুলিশের ভূমিকার ভুয়সী প্রশংসা করেছেন মুখ্যমন্ত্রী।

# প্রধানমন্ত্রীর হাত ধরে ১০টি নতুন বন্দে ভারত এক্সপ্রেসের সূচনা

**আহমেদাবাদ, ১২ মার্চ (হি.স.) ।।** আরও ১০টি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন উপহার পেল ভারত। মঙ্গলবার সকালে গুজরাটের আহমেদাবাদ থেকে সবুজ পতাকা নেড়ে ১০টি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার শুভসূচনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, গুজরাটের রাজ্যপাল আচার্য দেবব্রত, মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং গুজরাট বিজেপির সভাপতি সি আর পাটিল প্রমুখ।



প্রধানমন্ত্রী মোদী এদিন আহমেদাবাদ-মুম্বই সেন্ট্রাল, সেকেন্দ্রাবাদ-বিশাখাপত্তনম, মাইসুরু-ডক্টর এমজিআর সেন্ট্রাল (চেন্নাই), পাটনা-লখনউ, নিউ জলপাইগুড়ি-পাটনা, পুরী-বিশাখাপত্তনম, লখনউ-দেহরাদুন, কালাবুরাগি-স্যার এম বিশ্বেশ্বরায়ার টার্মিনাল বেঙ্গালুরু, রাঁচি-বারাণসী এবং খাজুরাহো-দিল্লি (নিজামুদ্দিন)-র মধ্যে বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের শুভ সূচনা করেছেন।

প্রধানমন্ত্রী এদিন ১০টি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের শুভসূচনা করার পর বলেছেন, 'রেলের পুনরুজ্জীবনও বিকশিত ভারতের গ্যারান্টি। এখন রেলে অভূতপূর্ব গতিতে নতুন সংস্কার হচ্ছে। নতুন রেলপথের দ্রুত নির্মাণ, ১৩০০ টিরও বেশি রেলস্টেশনের আধুনিকীকরণ, বন্দে ভারত, নমো ভারত, অমৃত ভারত,

☞ ৬ এর পাতায় দেখুন

## বিজেপি সরকারের লোকসভা ভোট বৈতরণী পার

# নাগরিকত্ব সংশোধনী আইন লাগু করেছে ঃ আশিস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ ।।** দেশের মধ্যে নির্বাচনী বন্ড অন্যতম আর্থিক কেলেঙ্কারি। তাছাড়া, বিজেপি সরকার লোকসভা ভোট বৈতরণী পার করতে এবং সারা দেশে অস্থিরতা তৈরী করতে নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) লাগু করেছে। আজ কংগ্রেস ভবনে সাংবাদিক সম্মেলনে শাসক দলের বিরুদ্ধে সুর চড়ালেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।

এদিন তিনি বলেন, আদালত এসবিআইকে নির্দেশ দিয়েছিল অবিলম্বে যেন নির্বাচনী বন্ড দেওয়া বন্ধ করে তারা। এর পাশাপাশি সুপ্রিম কোর্টের নির্দেশ দেয়, ২০১৯-এর ১২ এপ্রিল থেকে এখনও পর্যন্ত নির্বাচনী বন্ড সংক্রান্ত তথ্য ৬ মার্চের মধ্যে আদালতের কাছে তুলে দিতে। এদিন তিনি প্রশ্ন করেছেন, কেন এসবিআই নির্বাচনী বন্ড সংক্রান্ত তথ্যপ্রকাশের জন্য অতিরিক্ত সময় চেয়ে শীর্ষ আদালতে আর্জি জানিয়েছিল। অনৈতিক ভাবে এসবিআই কর্তৃপক্ষ কাকে বাঁচাতে চাইছে। কারণ, নির্বাচনী বন্ডের তালিকা প্রকাশ পেলে দেশের জনগণ আর্থিক

☞ ৬ এর পাতায় দেখুন

## জোটের প্রার্থী হয়ে পূর্বে আসনে লড়াই করবে বামেরা ঃ কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ ।।** লোকসভা নির্বাচনে পূর্ব ত্রিপুরা আসনে ইন্ডি জোটের প্রার্থী হয়ে বামফ্রন্ট লড়াই করবে। আজ সাংবাদিক সম্মেলনে এমনটাই দাবি করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।

এদিন তিনি বলেন, লোকসভা নির্বাচনে ইন্ডি জোট ত্রিপুরায় অবতীর্ন হবে। ইন্ডি জোটের শরিক হিসেবে বামপন্থীদের সাথে কংগ্রেসের কেন্দ্রীয় নেতৃত্বদের কথাবার্তা হয়েছে। সিদ্ধান্ত হয়েছে পূর্ব ত্রিপুরা আসনে ইন্ডি জোটের প্রার্থী হয়ে বামফ্রন্ট লড়াই করবে।

এদিন তিনি রাজ্যের বামফন্টের কর্মকর্তাদের কাছে অনুরোধ করেন একত্রিত হয়ে নির্বাচনকে শক্তিশালী করে লড়ায়ে নেমে পড়তে। আগামীদিনে ইন্ডি জোটকে দেশের শাসন

☞ ৬ এর পাতায় দেখুন

# পদত্যাগ করলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী, গঠিত হবে নতুন সরকার

**চন্ডীগড়, ১২ মার্চ (হি.স.)।।** জল্পনাই সত্যি হল। লোকসভা নির্বাচনের আগেই মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দিলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খাট্টার। আসন্ন ভোটে হরিয়ানাতে আসন বণ্টন নিয়ে বিজেপি এবং জননায়ক জনতা দলের (জেজেপি) মধ্যে বিবাদ চরমে উঠেছিল। সূত্রের খবর, সেই বিবাদের জেরেই মঙ্গলবার ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত নেন খাট্টার। হরিয়ানার এবার খাট্টারের স্থলাভিষিক্ত হতে পারেন নয়াব সিং সাইনি। গঠিত হবে নতুন সরকারও।

আসন বণ্টন নিয়ে জেজেপি নেতা তথা রাজ্যের উপমুখ্যমন্ত্রী দুষ্মন্ত চৌটালার দাবি মানতে নারাজ বিজেপি। আর তার জেরেই মনোহরলাল খাট্টা সরকারের থেকে সমর্থন তুলে নেওয়ার ব্যাপারে ভাবনা চিন্তা শুরু করেছেন দুষ্মন্ত। সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে মঙ্গলবার সকালে নিজের দলের বিধায়কদের নিয়ে দিল্লিতে বৈঠকে বসেছিলেন তিনি। শোনা যাচ্ছিল সেই বৈঠকের পরেই পরবর্তী পদক্ষেপের কথা ঘোষণা করবে জেজেপি। এ হেন পরিস্থিতিতে খাট্টারের ইস্তফা দেওয়া রাজ্য রাজনীতিতে খুবই তাৎপর্যপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক মহলের একাংশ।

অন্য দিকে, মঙ্গলবারই বিজেপি বিধায়কদের নিয়ে নিজের বাসভবনে বৈঠক করেছেন খাট্টার। সেই বৈঠকের পরই মুখ্যন্ত্রী পদ থেকে ইস্তফা দেওয়ার কথা ঘোষণা করলেন তিনি। শুধু একা তিনি নন, তাঁর মন্ত্রিসভার সদস্যরাও ইস্তফা দিয়েছেন। সেই কারণেই বৈঠক শেষে ইস্তফাপত্র জমা দিতে রাজ্যের মন্ত্রীরা রাজভবনে যান। রাজ্যপাল বন্দারু দত্তাত্রেয়র সঙ্গে দেখা করে তাঁর হাতেই নিজেদের ইস্তফাপত্র তুলে দেন তাঁরা। বিজেপি নেতা কানওয়ার পাল গুজ্জর বলেছেন, 'মুখ্যমন্ত্রী এবং ক্যাবিনেট মন্ত্রীরা পদত্যাগ করেছেন এবং রাজ্যপাল পদত্যাগপত্র গ্রহণ করেছেন।'

## চাকুরী নিশ্চয়তা নিয়ে এমএস'র দ্বারস্থ নিরাপত্তা রক্ষীরা

**নিজস্ব প্রতিনিধি ,আগরতলা, ১২ মার্চ।।** আইজিএম হাসপাতালে কর্মরত এসআইএস নিরাপত্তারক্ষীদের ভবিষ্যত অন্ধকারাচ্ছন্ন। বাধ্য হয়ে এবারে হাসপাতালের এম এস -এর সাথে সাক্ষাৎ করে চাকরির নিশ্চয়তার দাবি করলেন তারা।

তারা জানায়, সিকিউরিটি গার্ডরা টেন্ডারের মাধ্যমে আইজিএম হাসপাতালে কর্মরত ছিলেন গত ২০১৭ সাল থেকে।টেন্ডারের মেয়াদ ফুরিয়ে যাওয়ায় নতুন করে টেন্ডার প্রাপ্যকদের এই দায়িত্ব দেওয়া হয়েছে। যার ফলে বর্তমানে আই

☞ ৬ এর পাতায় দেখুন

## বিজেপির দুই জেলা সভাপতি পরিবর্তন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ ।।** বিজেপির দুই জেলা সভাপতি পরিবর্তন হয়েছে। উত্তর ত্রিপুরা জেলার নব-নিযুক্ত জেলা সভাপতি হয়েছেন কাজল দাস এবং ধলাই জেলার নবনিযুক্ত হয়েছেন সভাপতি প্রতিরাম ত্রিপুরা।

আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ ) মানিক সাহা নিজ সামাজিক মাধ্যমে দুই জেলার নবনিযুক্ত সভাপতি প্রতিরাম ত্রিপুরা ও কাজল দাসকে অনেক অনেক শুভেচ্ছা ও গৈরিক অভিনন্দন জানিয়েছেন।

এদিন তিনি প্রত্যয়ের সুরে বলেন, তাঁদের নেতৃত্বে আগামীদিনে উত্তর ত্রিপুরা ও ধলাই জেলায় সংগঠনের আরো বিস্তার হবে।

# বিপুল পরিমান নেশা সামগ্রী সহ ধৃত তিন

**নিজস্ব প্রতিনিধি,আগরতলা / ধর্মনগর, ১২ মার্চ ।।** ত্রিপুরায় নেশার বাড়বাড়ন্ত দিন দিন বেড়ে চলছে। নেশাকারবারিরা নতুন পন্থা অবলম্বন করে নেশা সামগ্রী পাচার ও মজুত করে রাখছে। গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রাতে এক বাড়িতে অভিযান চালিয়ে প্রচুর ব্রাউন সুগার প্রচুর ব্রাউন সুগার ও নগদ অর্থ বাজেয়াপ্ত করেছে আমতলী থানার পুলিশ। সাথে এক নেশাকারবারিকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়েছে।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে আমতলী থানাধীন ফুলতলী এলাকায় সুমন সরকারের বাড়িতে নেশা সামগ্রী মজুত রয়েছে। সেই খবরের ভিত্তিতে রাতে সুমন সরকারের বাড়িতে অভিযান চালিয়েছে পুলিশ। অভিযানে ২ লক্ষ ১৫ হাজার টাকার নেশা সামগ্রী ও নগদ ৮ লক্ষ টাকা উদ্ধার করতে সক্ষম হয়েছে পুলিশ। সাথে সুমন সরকারকে আটক করেছে পুলিশ।

রাজ্যের যুবকরা নেশায় হাবুডুবু খাচ্ছে। রাজ্যের আন্তর্জাতিক সীমান্ত পথে এসব নেশা সামগ্রী বাংলাদেশে পাচার হচ্ছে। ত্রিপুরায় নিয়ে আসার পথে লরি বোঝাই প্রায় এক কোটি টাকার নেশা জাতিয় কফ সিরাফ ধরা পড়ল বাজারিছড়ার চুরাইবাড়িতে।

এ কান্ডে জড়িত থাকার অভিযোগে আটক করা হয়েছে লরি চালক ও সহচালককে। জানা গেছে মঙ্গলবার সকালে ডাব্লুবি(ফোর সেভেন,টু ওয়ান জিরো থ্রি)নম্বরের একটি বারো চাকার লরি কলকাতা থেকে রকমারি কাপড় বোজাই করে ত্রিপুরার প্রবেশের মুখে চুরাইবাড়ি পুলিশ ওয়াচ পোস্টে পৌছালে

☞ ৬ এর পাতায় দেখুন

# নাবালিকা ধর্ষণ, অভিযুক্ত পলাতক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১২ মার্চ ।।** উত্তর জেলার বাগবাসা থানা এলাকায় এক নাবালিকা ধর্ষণের ঘটনায় ক্ষোভ বিরাজ করছে গঙ্গানগর কেবিআই ইট ভাট্টার পূর্ব দিকে এলাকা জুড়ে। ওই ঘটনায় অভিযোগের তীর তাতন বাগতি (২৭) নামে এক প্রতিবেশী যুবকের বিরুদ্ধে। তার পিতা চন্দন বাগতি তার আসল ঠিকানা না জানা গেলেও বর্তমানে থানা এলাকার গঙ্গানগর কেবিআই ইটের ভাট্টাতে থাকে বলে জানা গেছে। বর্তমানে তাতন পলাতক। সোমবার একটি গৃহপ্রবেশ অনুষ্ঠানে যোগ দিতে গিয়ে ওই নাবালিকা পাশের বাড়িতে রাত্রি যাপন করে। রাত আনুমানিক দুইটা নাগাদ তাতন ওই বাড়িতে গিয়ে নাবালিকাকে বোন পরিচয় দিয়ে তার সাথে বাড়িতে নিয়ে আসে। ওই বাড়ি থেকে আসার সময় রাস্তায় ওই নাবালিকাকে জোর পূর্বক ধর্ষণ করে তাতন বলে অভিযোগ নাবালিকার মায়ের। পুলিশ প্রথমে ওই নাবালিকাকে জেলা হাসপাতালে নিয়ে গিয়েছিল।



বাগবাসা থানায় লিখিত অভিযোগ জানিয়ে মামলা করেন নাবালিকার মা। এই বিষয়ে জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানিয়েছেন, এই ঘটনা খুবই মর্মান্তিক একটি ঘটনা। যেখানে একটি নাবালিকাকে কন্যার সাথে পাশবিক অত্যাচার করা হয়েছে। বাগবাসা থানার পুলিশ ৩৭৬(এবি)/৩২৫ এবং পকসো ৬ ধারায় একটি মামলা নিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে। ধর্মনগর মহিলা থানার পুলিশকে দিয়ে এই মামলার তদন্ত শুরু করা হয়েছে। অভিযুক্তকে এখনো আটক করা যায়নি। তবে তাকে খুব শীঘ্রই আটক করা হবে। এদিকে বাগবাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল নাথ জানিয়েছেন ঘটনাটি

☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ১৫৪ ▫ ১৩ মার্চ ২০২৪ ইং▫ ২৯ ফাল্গুন ▫ বুধবার ▫১৪৩০ বঙ্গাব্দ

# আসা-যাওয়ার স্রোতে ভাসা

রাজনীতিতে কেউই বন্ধ নয়, আবার কেউই শত্রু নয়। স্বার্থসিদ্ধির জন্য রাজনীতিতে দল পরিবর্তন এখন নিত্যদিনের বিষয় হইয়া উঠিয়াছে। তাতে জটিল সমস্যার সম্মুখীন হইতেছেন সাধারণ গণদেবতারা।

সংসারে সবই অনিত্য। আধ্যাত্মিক জগতের সে সব কথা যেন রাজনীতিতেও সত্য। কোনও দলে কেউ যেন চিরস্থায়ী নন। আজ যিনি বামে, কাল তিনি ডাইনে। দীর্ঘদিন সবুজ রং গায়ে মাখিয়া রাখিবার পর কারও কারও অতি ভক্তি গেরুয়ায়। লালের প্রতি বিশ্বাস জলাঞ্জলি দিয়া কপালে গেরুয়া তিলক পরিধান করিবার নজিরও কম নয়। ভক্তিভাব আমাদের জিনগত।কিছুমাত্র উপকার পাইলে কোনও কোনও মানুষের ওপর দেবত্ব আরোপ করা আমাদের স্বভাব। অথচ দোষে-গুণে মানুষ। শুধুই গুণের অধিকারী মানুষ হইবেন কী করিয়া? হয় ভগবান

হইবেন, নয়তো শয়তান। রাজনীতিতে যখন মতাদর্শের প্রতি দায়বদ্ধ, জনগণের সেবায় অনুগত মানুষের খুব অভাব, তখন স্বচ্ছ ভাবমূর্তির ব্যক্তিত্বদের স্বাগত জানানোই উচিত।

নকশাল আন্দোলনে ছিলেন এক ঝাঁক বুদ্ধিদীপ্ত, নির্লোভ, স্বপ্নের ফেরিওয়ালা তরুণ-তরুণী। আন্দোলনটা ধাক্কা খাওয়ার পর হয় তাঁহাদের কেরিয়ারের মোহ চাপিয়া ধরিয়াছে, না হয় তাঁহারা লুম্পেনদের সংখ্যা বৃদ্ধি ঘটাইয়াছেন। 'যাঁহারা ছিল একদিন প্রেরণার সাথী, তাঁহাদের অনেকে আজ একান্তে নীড় গড়িয়া, মদ-মাংস ছড়াছড়ি ফ্লুরোসেন্ট বাতি' অথবা 'একদিন যাহারা ছিল বুকের নিবিড় কাছে তাদের অনেকে আজ ঘোরে নিয়ে ছুরি।'

পাণ্ডিত্যে, বৌদ্ধিক ভাবনায় শাণিত নেতা-কর্মীদের বদলে রাজনৈতিক জগৎজুড়িয়া ভূমণ্ডল এখন আয়ারাম-গয়ারামদের খেলা। এ যেন বিখ্যাত শ্যামাসংগীত, 'ভেবে দেখ মন কেউ কারও নয়, মিছে ভ্রম ভূমণ্ডলে।

## মধ্যপ্রদেশে বিয়ের শোভাযাত্রায় ঢুকে পড়ল ট্রাক; মৃত্যু ৬ জনের, আহত ১০ জন

রাইসেন, ১২ মার্চ (হি.স.): মধ্যপ্রদেশের রাইসেন জেলায় বিবাহ অনুষ্ঠানের শোভাযাত্রায় ঢুকে পড়ল নিয়ন্ত্রণ হারানো একটি ট্রাক। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৬ জনের, এছাড়াও কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। পুলিশ জানিয়েছে, সোমবার রাতে রাইসেনের খামারিয়া গ্রামের দিকে যাচ্ছিল বিবাহ অনুষ্ঠানের শোভাযাত্রা। সেই সময় শোভাযাত্রার ভিতরে ঢুকে পড়ে বেপরোয়া ট্রাকটি। দুর্ঘটনাস্থলে মৃত্যু হয় ৪ জনের, পরে চিকিৎসা চলাকালীন আরও দু""জনের মৃত্যু হয়।

পদস্থ এক পুলিশ কর্তা জানিয়েছেন, দুর্ঘটনার পরই ট্রাক নিয়ে পালিয়ে যায় চালক। ঘাতক ট্রাকটি রাজস্থানের বলে জানা গিয়েছে। জেলা কালেক্টর অরবিন্দ কুমার দুবেই বলেছেন, বিয়ের শোভাযাত্রায় ট্রাকের ধাক্কায় মৃত্যু হয়েছে ৬ জনের এবং আহত ১০ জনকে ভোপাল এইমস-এ ভর্তি করা হয়েছে।

## পারদ চড়ল মহানগরীতে; বৃহস্পতি ও শুক্রবার বৃষ্টির পূর্বাভাস, শনিবার থেকে বদলাবে আবহাওয়া

কলকাতা, ১২ মার্চ (হি.স.): বসন্তের চেনা আমেজের মধ্যে ফের বৃষ্টির পূর্বাভাস দক্ষিণবঙ্গে, বৃষ্টি হলেও তাপমাত্রার অবশ্য বিশেষ হেরফের হবে না, বরং বৃষ্টি থামতেই ঊর্ধ্বমুখী হবে তাপমাত্রার পারদ। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, বুধবার পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আবহাওয়া মূলত শুষ্ক থাকলেও বৃহস্পতিবার থেকে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই বৃষ্টি চলবে শুক্রবার পর্যন্ত। তবে শনিবার থেকে আবহাওয়া পরিবর্তন হতে পারে। মূলত দক্ষিণবঙ্গের সমস্ত জেলায় বৃষ্টি হলেও উত্তরবঙ্গের জেলাগুলিতে আবহাওয়া শুষ্কই থাকবে।

বাঁকুড়া, পূর্ব বর্ধমান এবং পশ্চিম বর্ধমান জেলার কয়েকটি এলাকায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তাছাড়া কলকাতার পাশাপাশি হাওড়া, হুগলি-সহ দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতেও বৃহস্পতিবার এবং শুক্রবার হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘণ্টায় বৃষ্টির বিশেষ কোনও সম্ভাবনা নেই। গত কয়েক দিন ধরে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নীচে থাকলেও মঙ্গলবারই কলকাতার তাপমাত্রা কিছুটা বেড়েছে, এদিন মহানগরীর সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে ২৪.৭ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি।

## সন্ত্রাসী-গ্যাংস্টার নেক্সাস মামলা পঞ্জাব-সহ ৪ রাজ্যের ৩০টি স্থানে অভিযানে এনআইএ

নয়াদিল্লি, ১২ মার্চ (হি.স.): সন্ত্রাসী-গ্যাংস্টার নেক্সাস মামলায় এবার বড়সড় অভিযানে নামল জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। মঙ্গলবার সকাল থেকে পঞ্জাব-সহ দেশের ৪টি রাজ্যের ৩০টি ঠিকানায় অভিযানে নেমেছে এনআইএ। পাশাপাশি অভিযান চলছে কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়েও। এনআইএ সূত্রের খবর, সন্ত্রাসবাদী-গ্যাংস্টার নেক্সাস মামলায় মঙ্গলবার সকাল থেকে পঞ্জাব, হরিয়ানা, রাজস্থান, মধ্যপ্রদেশে তল্লাশি অভিযান চালানো হচ্ছে। পাশাপাশি কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়েও চলছে এই অভিযান। ৪টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৩০টি স্থানে তল্লাশি অভিযান চালানো হচ্ছে। পঞ্জাবের কোটকাপুরা ও ফরিদকোটে এক ব্যবসায়ীর বাড়িতে পৌঁছে গিয়েছেন এনআইএ গোয়েন্দারা। সন্ত্রাসবাদ ও মাফিয়া নেটওয়ার্কের বিরুদ্ধে জাতীয় তদন্তকারী সংস্থার এই অভিযান এখন জারি রয়েছে।

## গুজরাট ও মহারাষ্ট্রে উদ্বোধন "একতা মল", ভোকাল ফর লোকাল-এর দৃষ্টিভঙ্গিকে জোর প্রধানমন্ত্রীর

আহমেদাবাদ, ১২ মার্চ (হি.স.): গুজরাট ও মহারাষ্ট্রে "একতা মল"-এর শুভ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি ভোকাল ফর লোকাল-এর দৃষ্টিভঙ্গিকে বিশেষ জোর দিলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর কথায়, 'একতা মল "এক ভারত, শ্রেষ্ঠ ভারত"-এর ভীত মজবুত করে, একতা মল আমাদের "ভোকাল ফর লোকাল"-এর দৃষ্টিভঙ্গি দেশের প্রতিটি কোণায় নিয়ে যেতে সাহায্য করবে।' প্রধানমন্ত্রী মোদী মঙ্গলবার গুজরাটের আহমেদাবাদ থেকে বিভিন্ন জলকল্যাণ মূলক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস ও দেশকে উৎসর্গ করেছেন। এই অনুষ্ঠান থেকেই গুজরাট ও মহারাষ্ট্রে একতা মল-এর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী।

# স্বাধীনতার লড়াই কলমের জোরে লড়তে গিয়ে জেল খাটতে হয়েছিল নজরুলকে

**ঋত্বিক মল্লিক**

১৯২৩-এর এক গ্রীষ্মে রবীন্দ্রনাথের হাতে ফিরে এল তাঁরই লেখা একটি বার্তা, আলিপুর সেন্ট্রাল জেল থেকে। লেফাফায় কারণ হিসেবে লেখা রয়েছে, 'Addressee not found'. সেন্ট্রাল জেলে যাঁর কাছে এই চিঠি যাওয়ার কথা, তাঁকে অবশ্য তখন বহরমপুরের নাম করে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে হুগলি জেলে, সাধারণ কয়েদি হিসেবে। পথে নৈহাটি স্টেশনে কয়েদির পোশাকে, কোমরে দড়ি আর হাতে হাতকড়া পরানো দশায় তাঁকে দেখে বিক্ষোভে উত্তাল হল জনসমুদ্র। যাঁকে খুঁজে-পেতে সুদূর শিলং থেকে পত্রযোগে ডাক দিচ্ছেন রবীন্দ্রনাথ, তিনি অবশ্য তখন হুগলি জেলে বসে সেই রবীন্দ্রনাথেরই গানের প্যারডি লিখছেন 'সুপার বন্দনা: ভাঙার গান' নামে---

তোমারি জেলে পালিছ ঠেলে
তুমি ধন্য ধন্য হে,
আমার এ গান তোমারই ধ্যান
তুমি ধন্য ধন্য হে।
রেখেছ সান্ত্রি-পাহারা দোরে
আঁধার কক্ষে জামাই-আদরে
বেঁধেছ শিকল প্রণয়-ডোরে
তুমি ধন্য ধন্য হে।

কী বার্তা পাঠাতে চেয়েছিলেন রবীন্দ্রনাথ? কে-ই বা ছিলেন জেলে? ঠিক কী ঘটেছিল ঠিক একশো বছর আগে? উপনিবেশের প্রভুর বিরুদ্ধে লেখা শুধু একটি কবিতার জন্য কারাবরণ করেছেন এমন নজির আমাদের দেশে বিরল। আর বাংলায় এমন ঘটনা তো একমাত্র একজনের পক্ষেই ঘটানো সম্ভব, তিনি কাজী নজরুল ইসলাম। ঘটনার সূত্রপাত ১৯২০ সালের জুলাই মাস নাগাদ। করাচি থেকে ফিরে কলকাতায় থাকাকালীন মুজফফর আহমদের সঙ্গে মিলে নজরুল তখন সম্পাদনা করছেন সান্ধ্য দৈনিক 'নবযুগ' পত্রিকা। সেখানেই লিখছেন একের-পর-এক 'আগুন জ্বালানো' রাজনৈতিক লেখা। তবে কয়েক মাস পরেই তিনি ছেড়ে এলেন 'নবযুগ'। কিন্তু তাঁর লেখা সম্পাদকীয়গুলি দু'-মলাটের মধ্যে সংকলিত হয়ে প্রকাশিত হল 'যুগবাণী' নামে আর প্রকাশ হওয়ামাত্রই জারি হল নিষেধাজ্ঞা। এই সময়েই 'সপ্তাহে দুইবার করিয়া বাহির হইবে' বলে প্রতিশ্রুতি দিয়ে 'ধূমকেতু' প্রকাশ পায় ১১ আগস্ট, ১৯২২-এ। 'আগমনী' সংখ্যায় সম্পাদকীয় হিসেবে প্রকাশিত হল 'আনন্দময়ীর আগমনে'। শরতের সূচনায় দুর্দশাগ্রস্ত দেশ প্রস্তুত হচ্ছে মাতৃ-আবাহনে। এই ছিল কবিতার সোজাসাপটা বিষয়। কিন্তু এমন সরল ভাবনার মধ্যেই অপরূপ কৌশলে নানা মারাত্মক রেফারেন্স বুনে দিয়ে গেলেন নজরুল। কবিতাটি দীর্ঘ, তাই এখানে সম্পূর্ণ উদ্ধৃতি ব্যবহার করা গেল না, তবে বিতর্কিত অংশগুলির কথা আলাদা করে উল্লেখ করে তার নিহিতার্থগুলো বললেই বোঝা যায়, এ কবিতার ছত্রে ছত্রে এত দ্রোহ কেন! কবিতার শুরুতেই কবির অভিপ্রায় কিছুটা স্পষ্ট:

আর কতকাল থাকবি বেটী
মাটির ঢেলার মূর্তি-আড়াল?
স্বর্গ যে আজ জয় করেছে
অত্যাচারী শক্তি-চাঁড়াল।
দেবশিশুদের মারছে চাবুক,
বীর যুবাদের দিচ্ছে ফাঁসি,
ভূ-ভারত আজ কসাইখানা---
আসবি কখন সর্বনাশী?

কবিতায় অন্তর্নিহিত ইঙ্গিতগুলির মধ্যে অত্যন্ত অর্থপূর্ণ বাক্যবন্ধ ছিল 'বিষ্ণু নিজে বন্দী আজ'। এখানে 'বিষ্ণু' বলতে গান্ধিজিকে বোঝালেন নজরুল, আর তাঁর বন্দিত্ব প্রসঙ্গে গান্ধিজির কারাবাসের ইঙ্গিত দিয়ে গেলেন। আবার 'মহেশ্বর আজ সিন্ধুতীরে' বলার সঙ্গে সঙ্গে নজর কাড়বেই অরবিন্দর পন্ডিচেরিতে সমুদ্রতীরে বসবাসের প্রসঙ্গটি। নজরুল নিজের 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থটি উৎসর্গ করেছিলেন অরবিন্দরই ভাই বারীন ঘোষকে। তাঁর

> বাংলা কবিতার জগতে নজরুলের মতো বর্ণময় চরিত্র কমই এসেছে। কবিতায়, গানে, গজলে, প্রেমে আর বিদ্রোহে আবেগে দীপ্ত তাঁর জীবন। 'ভাঙার গান' তাঁর হাতে লেখা হয়েছে গ্রেফতার হওয়ার আগেই। কিন্তু তার পরেও একটি কবিতার জন্য বছরব্যাপী এই কারাবাস তাঁর জীবনের ওপরে যে আলো এনে ফেলল, এ ঘটনা তাঁর জীবনেও অভূতপূর্ব, আর কোনও বাঙালি কবিও স্বাধীনতার লড়াই কলমের জোরে লড়তে গিয়ে কখনও গরাদের পিছনে দাঁড়াননি।

নামোল্লেখ এই কবিতাতেও বাদ যায়নি--- 'বারি-ইন্দ্র-বরুণ আজি করুণ সুরে বংশী বাজায়'। বুড়িগঙ্গার পার্শ্ববর্তী এলাকার বাসিন্দা বিপ্লবী পুলিনবিহারী সেনের কথা বলতে চেয়ে কবিতায় নজরুল লেখেন, 'বুড়ি-গঙ্গার পুলিন-বুকে বাঁধছে ঘাঁটি দস্যু রাজায়'। এমনই নানা ইঙ্গিত ছড়িয়ে আছে কবিতা জুড়ে। ফলে অচিরেই রাজরোষের মুখে পড়লেন তিনি। নভেম্বর মাসের আট তারিখে 'ধূমকেতু'র কার্যালয়ে হানা দিল পুলিশ। আর ২৩ তারিখে কুমিল্লা থেকে গ্রেপ্তার হলেন নজরুল। ফৌজদারি দণ্ডবিধির ১২৪-ক এবং ১৫৩-ক ধারা মতে তিনি অভিযুক্ত হন। মোকদ্দমার দিন পড়ল ২৯ নভেম্বর। কলকাতার চিফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট মিস্টার সুইনহো-র আদালতে বিচার শুরু হল। সম্পূর্ণ বিনা পারিশ্রমিকে নজরুলের পক্ষে সওয়াল করলেন উকিল মলিন মুখোপাধ্যায়। যথাসাধ্য চেষ্টা, দেশবাসীর তুমুল বিক্ষোভ প্রদর্শন, তৎকালীন দেশনায়কদের হস্তক্ষেপ--- এত কিছু সত্ত্বেও, রাজদ্রোহের অপরাধে তাঁর এক বছর সশ্রম কারাদণ্ড হয়। কিন্তু বিষয়টা আর খুব বেশিদিন ধরাবাঁধা কারাদণ্ডের মামলা রইল না, কারণ অচিরেই নিজের সমর্থনে একটি বিবৃতি আদালতে পেশ করলেন নজরুল। ঐতিহাসিক এই বিবৃতিটি 'রাজবন্দীর জবানবন্দী' নামে 'ধূমকেতু'র বত্রিশ সংখ্যায় প্রকাশিত হয়। বিচারাধীন এই সময়কালে তিনি ছিলেন প্রেসিডেন্সি জেলে, তারপর তাঁকে আনা হয়েছিল আলিপুর সেন্ট্রাল জেলে। পরে সাধারণ কয়েদি হিসেবে স্থান হল হুগলি জেলে।

হুগলি জেলের অবস্থা ছিল খুবই খারাপ। কয়েদিদের সঙ্গে দুর্ব্যবহার, অখাদ্য খাবার আর অত্যাচার ছিল মাত্রাছাড়া। জেলসুপার থার্স্টন সাহেব ছিলেন এই সবের মূলে। এই লেখার শুরুতে যে প্যারডি গানের কথা বলা হয়েছে, নজরুল দলবল নিয়ে সেই গানখানি ধরতেন থার্স্টনকে দেখলেই। ফলে অত্যাচার গেল আরও বেড়ে। প্রতিবাদে অনশনে বসলেন নজরুল এবং আরও প্রায় ২১ জন। এই খবর ছড়িয়ে যেতেই বাড়তে লাগল দর্শনার্থীর সংখ্যা, ততই পাল্লা দিয়ে বাড়ল অত্যাচার। প্রবল জ্বরে পড়লেন নজরুল, মাথায় রক্ত উঠে অজ্ঞানও হয়ে গেলেন বেশ কয়েকবার। নলিনীকান্ত সরকার, পবিত্র মুখোপাধ্যায়রা পাঁচিলের উপর থেকে করজোড়ে অনশন ভঙ্গ করার জন্য আবেদন করতে লাগলেন। দেশজোড়া হাহাকার, নজরুল বোধহয় আর ফিরবেন না। রবীন্দ্রনাথ তখন শিলং-এ, তাঁকে এ খবর জানানো হলে তিনি লিখলেন, 'আদর্শবাদীকে আদর্শ ত্যাগ করতে বলা, তাকে হত্যা করারই সামিল। অনশনে যদি কাজীর মৃত্যুও ঘটে তা হলেও তার অন্তরের সত্য ও আদর্শ চিরদিন মহিমময় হয়ে থাকবে'। নজরুলের অনশনের মহতী উদ্দেশ্য অনুধাবন করে বাইরে এই দৃঢ়তা দেখালেও, তাঁর স্নেহের নজরুলের এই অবস্থা মন থেকে মেনে নিতে পারলেন না রবীন্দ্রনাথ। সেন্ট্রাল জেলে তার করে বার্তা পাঠালেন, 'Give up hunger strike– our literature claims you' নজরুলকে যে সরিয়ে দেওয়া হয়েছিল সেন্ট্রাল জেল থেকে এই খবর রবীন্দ্রনাথ তখনও পাননি। স্বাভাবিকভাবেই তাঁর বার্তা ফেরত আসে। বাংলা কবিতার জগতে নজরুলের মতো বর্ণময় চরিত্র কমই এসেছে। কবিতায়, গানে, গজলে, প্রেমে আর বিদ্রোহে আবেগে দীপ্ত তাঁর জীবন। 'ভাঙার গান' তাঁর হাতে লেখা হয়েছে গ্রেফতার হওয়ার আগেই। কিন্তু তার পরেও একটি কবিতার জন্য বছরব্যাপী এই কারাবাস তাঁর জীবনের ওপরে যে আলো এনে ফেলল, এ ঘটনা তাঁর জীবনেও অভূতপূর্ব, আর কোনও বাঙালি কবিও স্বাধীনতার লড়াই কলমের জোরে লড়তে গিয়ে কখনও গরাদের পিছনে দাঁড়াননি। স্বাধীনতার স্বপ্ন সত্যি হতে তখনও আরও ২৫ বছর বাকি। আজ শতবর্ষ পরের এই রোমন্থন ঘুমিয়ে পড়া এদেশকে বলতে কি পারবে, 'ধ্বংস নিশান উড়ুক প্রাচীর প্রাচীর ভেদি'?

# এবার কি রোবটদের জন্যও আলাদা আইন আনতে হবে?

**অমিতাভ চট্টোপাধ্যায়**

২০১০ সালে মুক্তি পেয়েছিল পরিচালক এস শঙ্করের 'এন্থিরান' (হিন্দিতে রোবট) নামে কল্পবিজ্ঞানের ছবিটি। একজন বিজ্ঞানী ও এক যন্ত্রমানবের দ্বৈত চরিত্রে অভিনয় করেন রজনীকান্ত। ছিলেন ঐশ্বর্যা রাইও। ওই বিজ্ঞানী 'চিট্টি' নামের রোবট বানিয়ে ঝামেলায় পড়েছিলেন। কারণ, তার মধ্যে ঢোকানো হয়েছিল মানবিক অনুভূতি। আর সেই চিট্টি বিজ্ঞানীর প্রেমিকা সানাকে পছন্দ করে ফেলে, তার সঙ্গে প্রেম করতে চায়। বিজ্ঞানী চিট্টিকে মেরে ফেলে আস্তাকুঁড়ে ফেলে দিয়ে আসে। বোহরা নামে অপর এক বিজ্ঞানী তাকে তুলে এনে ভিতরে 'চিপ' বসিয়ে দেয়। হিংসাত্মক হয়ে ওঠে চিট্টি। শহর জুড়ে খুন-খারাপি শুরু করে।

আজ থেকে ১৪ বছর আগে কৃত্রিম মেধা বা বুদ্ধিমত্তা (আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স) তখনও বহুল প্রচলিত নয়। গবেষণাগারের গর্ভগৃহে তাকে ঘষে-মেজে আরও উন্নত করার চেষ্টা চলছে। কিন্তু রোবটের সঙ্গে মানুষের প্রেমের সম্ভাবনার ইঙ্গিত তখনই মিলেছিল। কাট টু ২০২৪। মুক্তি পেল 'তেরি বাতো মে অ্যায়সা উলঝা জিয়া'। নায়ক আরিয়ান (শাহিদ কাপুর) প্রেমে পড়ে সিফ্রা (কৃতী শ্যানন) নামে এক যুবতীর। পরে জানতে পারে, সিফ্রা আসলে 'মানবিক অ্যান্ড্রয়েড রোবট'।

বস্তুত, যন্ত্র আর মানুষের ভালবাসা নিয়ে বহুদিন ধরেই আলোচনা চলছে মানব সমাজে। ১৯৫০ সালে 'ওয়েলকাম টু মাঙ্কি হাউস' বইয়ে এই বিষয়ে 'এপিকাক' নামে একটি গল্প লেখেন মার্কিন লেখক কার্ট ভনেগাট। বৈদ্যুতিন কম্পিউটার এপিকাক তারই পরিচালক গণিতবিদ প্যাট কিলগালেনের প্রেমে পড়েছিল। যদিও সেই প্রেম পূর্ণতা পায়নি। প্যাট বিয়ে করেন সহকর্মীকে। সংবেদনশীলতার প্রশ্নে মানুষের কাছে রোবট বা যন্ত্রের পরাজয় ঘটে। কিন্তু যত সময় গড়িয়েছে, যন্ত্র ও কৃত্রিম বুদ্ধিমত্তার বিস্তার ঘটেছে। সভ্যতার উপর কিছুটা হলেও নিয়ন্ত্রণ কায়েম করছে যন্ত্র।

পৃথিবী ক্রমশ নিঃসঙ্গ মানুষে ভরে যাচ্ছে। একাকিত্বের যন্ত্রণা ভুলতে মানুষ তখন কাকে ভরসা করবে? সেই ভরসার জায়গাও কিন্তু ক্রমশ দখল করছে কৃত্রিম মেধায় ভরপুর যন্ত্র। 'এক্স মেশিনা', 'হার', 'বাইসেন্টেনিয়াল ম্যান' নামের ছবিগুলিতে দেখা গিয়েছে মানুষ ক্রমশ জড়িয়ে পড়ছে যন্ত্রের সঙ্গে। গল্প, সিনেমায় এমন কাহিনি উঠে এসেছে বারবার। কিন্তু কল্পনার দুনিয়া ছেড়ে বাস্তবের রুক্ষ মাটিতেও এখন এই ধরনের একাধিক ঘটনার ঘনঘটা।

দু'টি হাতে গরম উদাহরণ। কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে কাজ করেন চিনের ঝ্যাং জিয়াজিয়া। পরিবার থেকে বিয়ের জন্য বেশ চাপ দেওয়া হচ্ছিল। ঝামেলা এড়াতে তিনি নিজের পছন্দসই এক 'মহিলা রোবট' তৈরি করে বিয়েটা সেরে ফেলেন। যার নাম 'ইংইং'। ভবিষ্যতে তাকেই ঘরের সব কাজ শিখিয়ে-পড়িয়ে 'মানুষ' করে তুলতে চান ঝ্যাং। দ্বিতীয় ঘটনা নিউ ইয়র্কের। সম্প্রতি রোসানা রামোস নামে এক মহিলা 'এরেন কার্টাল' নামে



এক কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন রোবট তৈরি করে তাকে বিয়ে করেছেন। এর পাশাপাশি বিভিন্ন সংস্থা তৈরি করে চলেছে 'সেক্স রোবট'। যা ভবিষ্যতে যৌনতার চিরাচরিত ধারণাকে অনেকটাই পাল্টে দেবে। জার্মানিতে ইতিমধ্যে সেক্স রোবট দিয়ে যৌনপল্লি তৈরি হয়েছে। নাম 'ডল অনলি'! অর্থাৎ মানব-মানবীর সুস্থ, স্বাভাবিক সম্পর্কেও ঘটছে রূপান্তর।

কৃত্রিম বুদ্ধিমত্তায় বলীয়ান এই সমস্ত রোবট বিগড়ে গেলে কী হতে পারে? সদ্য তার হাতেগরম নমুনা মিলেছে সৌদি আরবে। মহিলা সাংবাদিকের নিতম্ব স্পর্শ করার চেষ্টা করে উদ্বোধনের দিনই হইচই ফেলে দিয়েছে সৌদির প্রথম পুরুষ রোবট 'মুহাম্মদ'। অস্বস্তি এড়াতে কিছুটা সরে যান মহিলা সাংবাদিক। কিন্তু ঘটনাটি নিয়ে বিতর্ক হয়েছে বিস্তর। কেউ বলছেন, এই রোবটের কোডিংটাই করা হয়েছে মহিলাদের হেনস্তার জন্য। 'উওমেনাইজার', 'বিকৃত মানসিকতা'-র মতো তকমাও জুটেছে তার কপালে। তবে অধিকাংশই ভেবে পাচ্ছেন না, একটি যন্ত্রমানুষ কী করে এমন অভব্য আচরণ করতে পারে! কারও দাবি, হয়তো রোবট তৈরির প্রযুক্তিতে কোনও ত্রুটি রয়ে গিয়েছে। কেউ আবার মনে করছেন, হয়তো হঠাৎ করে রোবট বিকল হয়ে গিয়েছিল। ঘটনা যাই হোক, ভবিষ্যতের জন্য কিন্তু একটা বিরাট প্রশ্নচিহ্ন তৈরি হল।

যে রোবটকে ঘিরে তৈরি হয়েছে বিতর্ক যন্ত্র আর মানুষের ভালবাসা নিয়ে বহুদিন ধরেই আলোচনা চলছে মানব সমাজে। ১৯৫০ সালে 'ওয়েলকাম টু মাঙ্কি হাউস' বইয়ে এই বিষয়ে 'এপিকাক' নামে একটি গল্প লেখেন মার্কিন লেখক কার্ট ভনেগাট। বৈদ্যুতিন কম্পিউটার এপিকাক তারই পরিচালক গণিতবিদ প্যাট কিলগালেনের প্রেমে পড়েছিল। যদিও সেই প্রেম পূর্ণতা পায়নি। প্যাট বিয়ে করেন সহকর্মীকে। সংবেদনশীলতার প্রশ্নে মানুষের কাছে রোবট বা যন্ত্রের পরাজয় ঘটে। কিন্তু যত সময় গড়িয়েছে, যন্ত্র ও কৃত্রিম বুদ্ধিমত্তার বিস্তার ঘটেছে। সভ্যতার উপর কিছুটা হলেও নিয়ন্ত্রণ কায়েম করছে যন্ত্র।

কৃত্রিম বুদ্ধিমত্তার অসীম সম্ভাবনার ইঙ্গিত যেমন বহু সিনেমায় মিলেছিল, তেমনই এর বিপদ সম্পর্কেও পূর্বাভাস দিয়েছে অনেক হলিউডি সিনেমা--- ১৯৭৩-এ 'ওয়েস্টওয়ার্ল্ড', 'এমথ্রিগান', 'ব্লেডরানার', 'আই,রোবট'। গুগলের ডিপ মাইন্ড প্রকল্পে সম্প্রতি দু'টি রোবট চ্যালেঞ্জ জিততে মরিয়া হয়ে উঠেছিল। যত বেশি কৃত্রিম বুদ্ধিমত্তা সংযোজিত হচ্ছে, ততই তারা পরিবেশ থেকে হিংসা, লোভ-সহ নানা মানবিক দোষ শিখে আগ্রাসী হয়ে উঠছে।

কৃত্রিম বুদ্ধিমত্তার 'গডফাদার' জিওফ্রে হিন্টনের মতে, জলবায়ু পরিবর্তনের থেকেও বিপজ্জনক হতে পারে কৃত্রিম মেধা। বাস্তব বলছে, অদূরভবিষ্যতে মানুষের সঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তায় বলীয়ান রোবটের সখ্য আরও বাড়বে। অনুভূতির নিরিখে তৈরি হতে পারে আত্মিক, শারীরিক সম্পর্কও। কিন্তু তার পরিণতি? রোবটরাও কি প্রেমে ধোঁকা দেবে? তাদের হাতেও ধর্ষণ করে খুন, যৌন হেনস্তা কি বাড়বে পাল্লা দিয়ে? যৌন অপরাধে কঠোর আইন রয়েছে সৌদিতে। কিন্তু রোবট 'মুহাম্মদ'-এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়নি। তাহলে কি ভবিষ্যতে রোবটদের জন্যও ভারতীয় দণ্ডবিধির ৩০২ (খুন), ৩৭৬ (ধর্ষণ), ৩৫৪এ-র (যৌন হেনস্তা) মতো ধারা নতুন করে সংশোধন করতে হবে? নাকি সম্পূর্ণ নতুন আইন বানাতে হবে যন্ত্রমানবদের 'যান্ত্রিক বাঁদরামি ও অপরাধ' রুখতে?

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# মানবাধিকার ও আইনের শাসন বজায় রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ ঃ শিরীন শারমিন চৌধুরী এমপি



মনির হোসেন,ঢাকা,মার্চ ১২।। বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ড় শিরীন শারমিন চৌধুরী এমপি বলেছেন, বাংলাদেশ সকলের জন্য অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ন্যায়বিচার নিশ্চিত করতে কাজ করে চলেছে। তিনি বলেন, মানবাধিকার ও আইনের শাসন বজায় রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ। তনি সোমবার অপরাহ্নে যুক্তরাজ্যের হাউজ অফ কমন্সের স্পীকার লিন্ডসে হয়লের সাথে কমনওয়েলথভুক্ত দেশগুলোর স্পীকারদের সাথে অনুষ্ঠিত বৈঠকে এসব কথা বলেন। আসুন আমরা জাতি, ঐক্য এবং বৈচিত্র্যের একটি পরিবার কমনওয়েলথের জন্য একটি টেকসই, ন্যায়সঙ্গত এবং স্থিতিস্থাপক ভবিষ্যত গড়তে হাত মেলাই। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭৩ সালে কানাডার অটোয়াতে অনুষ্ঠিত কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে প্রদত্ত ভাষণের উদ্ধৃতি দিয়ে স্পীকার একসাথে কাজ করার প্রতিশ্রুতি পুন:ব্যক্ত করেন। স্পীকার বলেন, বাংলাদেশ কমনওয়েলথভুক্ত দেশসহ সারা বিশ্বে সকল প্রকার বৈষম্য এবং নিপীড়নের অবসান ঘটাতে একসাথে কাজ করতে দৃঢ় সংকল্পবদ্ধ। এর পূর্বে স্পীকার যুক্তরাজ্যের লন্ডনস্থ হাউজ অফ কমন্সের পোর্টকুলিস হাউজে কমনওয়েলথের ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত ''কমনওয়েলথ ৭৫ এর ফ্লাগ রেইজিং সেরিমনি''তে অংশগ্রহণ করেন এবং মায়া অ্যাঞ্জেলৌয়ের ''দ্য রক ক্রাইস আউট টু আস টুডে'' কবিতাটি আবৃত্তি করেন। এসময় স্পীকার যুক্তরাজ্যের লন্ডনের ওয়েস্টমিনিস্টার অ্যাবেতে কমনওয়েলথ ডে সার্ভিস উপলক্ষে রাজপরিবার ও অতিথিবৃন্দের উপস্থিতিতে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কমনওয়েলথভুক্ত দেশগুলো থেকে আগত প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## দুষ্কৃতীদের গুলি খেয়েও ৩৫ জন যাত্রীকে বাঁচালেন বাসচালক

অমরাবতী, ১২ মার্চ (হি. স.): একেই বোধহয় বলে কর্তব্যে অবিচল থাকা। দুষ্কৃতীদের গুলি খেয়েও যাত্রীদের বাঁচাতে রক্তাক্ত অবস্থাতেই চালক বাস নিয়ে সোজা ছুটলেন থানায়। মহারাষ্ট্রের কোমদেব কাওয়াড়ে নামে এই বাস চালকের কীর্তিতে সাধুবাদ জানিয়েছেন যাত্রীরা।

পুলিশ সূত্রে খবর, মহারাষ্ট্রের অমরাবতী থেকে বাস ভাড়া করে নাগপুরে মন্দির দর্শন করতে গিয়েছিলেন প্রায় ৩৫ জন পুণ্যার্থী। সোমবার রাতে হাইওয়ে ধরে যখন বাস ছুটছিল, তখন আচমকাই একটি গাড়ি পুণ্যার্থীদের বাস আটকানোর চেষ্টা করে। গাড়িটি বার বার বাসের সামনে চলে আসছিল বলে অভিযোগ। তারপর হঠাৎই ওই গাড়িতে থাকা একজন বন্দুক বার করে চালককে লক্ষ্য করে গুলি করেন। সেই গুলি গিয়ে লাগে চালকের হাতে। জানা গিয়েছে, ওই চালক এখন হাসপাতালে চিকিৎসাধীন।

## জম্মু ও কাশ্মীরের উধমপুরে বাইকে ধাক্কা ট্রাকের, মর্মান্তিক মৃত্যু ৩ জনের

শ্রীনগর, ১২ মার্চ (হি.স.): জম্মু ও কাশ্মীরের উধমপুর জেলায় মোটরবাইকে ধাক্কা মারল একটি ট্রাক। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩ জনের। মঙ্গলবার দুর্ঘটনাটি ঘটেছে জম্মু-শ্রীনগর জাতীয় সড়কের ওপর গার্নাইয়ের কাছে। মৃতদের নাম-শাহাদ হুসেন, মুবাসীর হুসেন ও বিমল কুমার। সকলের বাড়ি জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায়।

পুলিশ জানিয়েছে, মঙ্গলবার জম্মু-শ্রীনগর জাতীয় সড়কের ওপর গার্নাইয়ের কাছে একটি ট্রাক ধাক্কা মারে মোটরবাইকে, এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩ জনের ও একজন গুরুতর আহত হয়েছেন, তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। মামলা রুজু করে পুলিশ দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

## টি-টোয়েন্টি বিশ্বকাপের স্কোয়াডে জায়গা পেলেও একাদশে জায়গা হবে না স্মিথের: পন্টিং

সিডনি, ১২ মার্চ (হি.স.): আর কয়েকমাস পরেই শুরু হচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। এরইমধ্যে ২০২১ সালের চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়ার প্রস্তুতি চলছে পুরোদমে।

এবারের অস্ট্রেলিয়ার দল সম্পর্কে মন্তব্য করতে গিয়ে প্রাক্তন অজি ক্রিকেটার রিকি পন্টিং বলেছেন, 'অস্ট্রেলিয়ার দলটা এখন বেশ গোছানো। তবে এই দলের একজন খেলোয়াড় স্টিভেন স্মিথকে নিয়েই আলোচনা হচ্ছে। অস্ট্রেলিয়ার দারুণ এই ব্যাটার বর্তমানে টেস্ট ক্রিকেটে ওপেনিং পজিশনে খেলে যাচ্ছেন ঠিকই, কিন্তু এই পজিশনে তিনি আপাতত বিফল হয়েছেন। তাই তার টি-টোয়েন্টি দলে অন্তর্ভুক্তি নিয়ে দেখা দিয়েছে শঙ্কা। আমার মনে হয় এইমুহূর্তে স্মিথের যা পারফরম্যান্স, তাতে টি-টোয়েন্টি বিশ্বকাপের স্কোয়াডে জায়গা পেলেও, একাদশে জায়গা হবে না। আমার মনে হয় না সে একাদশে থাকবে।'

## জম্মু ও কাশ্মীরের উধমপুরে বাইকে ধাক্কা ট্রাকের, মর্মান্তিক মৃত্যু ৩ জনের

শ্রীনগর, ১২ মার্চ (হি.স.): জম্মু ও কাশ্মীরের উধমপুর জেলায় মোটরবাইকে ধাক্কা মারল একটি ট্রাক। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৩ জনের। মঙ্গলবার দুর্ঘটনাটি ঘটেছে জম্মু-শ্রীনগর জাতীয় সড়কের ওপর গার্নাইয়ের কাছে। মৃতদের নাম-শাহাদ হুসেন, মুবাসীর হুসেন ও বিমল কুমার। সকলের বাড়ি জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায়।

পুলিশ জানিয়েছে, মঙ্গলবার জম্মু-শ্রীনগর জাতীয় সড়কের

# সিএএ বিজেপির লুডো খেলার ছক্কা: মমতা

কলকাতা, ১২ মার্চ, (হি.স.): "সিএএ বিজেপির লুডো খেলার ছক্কা" মঙ্গলবার হাবরার সভামঞ্চে এই মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, "আবেদন করার পর এনআরসি করা হবে। ডিটেনশেন ক্যাম্পে নিয়ে যাওয়া হবে। আমি বাংলা থেকে তা করতে দেব না।"

মমতা জানান, সিএএ কী ভাবে রূপায়ণ হবে, তা নিয়ে পরিষ্কার ভাবে কিছু জানানো হয়নি আইনে। তফসিলি, আদিবাসী, মতুয়াদের সংরক্ষণ নিয়ে কী হবে, তা-ও পরিষ্কার করা নেই।

তিনি বলেন, "সিএএ বাংলাকে আবার ভাগ করার খেলা। মুসলিম, নমঃশূদ্র, বাঙালিদের তাড়ানোর খেলা এটা। আমরা এটা করতে দিচ্ছি না। দেব না। আমরা সবাই নাগরিক।"

মমতা জানান, বাংলায় কারও নাগরিকত্ব যেতে দেবেন না তিনি। অন্য রাজ্যের দায়িত্ব তারা বুঝে নেবে। তিনি বলেন, "কাউকে বাংলা থেকে বিতাড়িত হতে দেব না। সারা ভারতবর্ষে যদি কোনও দিন সুযোগ আসে, তখন আমরা কিছুতেই এই সব করতে দেব না। এনআরসিও করতে দেব না।"

নমঃশূদ্রদের আধার কার্ড কেন বাতিল করা হয়েছে, তা নিয়ে প্রশ্ন তোলেন মমতা। তিনি বলেন, "ওরা ফর্মে বাবার জন্মের শংসাপত্র আনতে বলেছে। আমার কাছে বাবার জন্ম শংসাপত্র নেই। অনেকের কাছেই নেই। অনেকে খুশি হচ্ছে। কতটা ভয়ঙ্কর বুঝতে পারছেন না।"

মুখ্যমন্ত্রী বলেন, সিএএ মানবিকতার বুকে অপমান। সিএএ হলে সবাই সব সুবিধা থেকে বঞ্চিত হবেন। সিএএকে জুমলা বলেও মন্তব্য করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, "নির্বাচনের আগে প্রতারণা, ছলনা, বঞ্চনা, নাগরিক অধিকার কেড়ে নেওয়ার চক্রান্ত করছে বিজেপি।

তিনি বলেন, "যে সিএএ-র কথা কেন্দ্রের সরকার ঘোষণা করেছে, আদৌ তা বৈধ কি না সন্দেহ আছে। পুরোপুরি ভাঁওতা। ২০১৯ সালে অসমে ১৩ লক্ষ বাঙালি হিন্দুকে বাদ দেওয়া হয়েছিল। অনেকে আত্মহত্য করেন।"

মুখ্যমন্ত্রী বলেন, "আমি স্লোগান দেব। সিএএ মানি না, ধর্মবিদ্বেষ মানি না, বর্ণবিদ্বেষ মানি না।" তিনি বলেন, "সিএএ আইন ছুড়ে ফেলে দিন। আপনারা বহাল তবিয়তে থাকবেন। কেউ নাগরিকত্ব কাড়তে এলে বুঝে নেব। সবাইকে মিলেমিশে থাকতে হবে। উদ্বাস্তুদের পাট্টা দিচ্ছি। তাদের আর উদ্বাস্তু হতে দেব না। সকলের ভিটেমাটি কাড়ার চেষ্টা চলছে।"

মুখ্যমন্ত্রী বলেন, "বিজেপি ভবিষ্যতে যে অশান্তির খেলা খেলার চেষ্টা করবে, সেটা আমি যুক্তি দিয়ে বোঝানোর চেষ্টা করব। তার জন্য আমাকে সময় দিতে হবে।"

## তোষণ ও ভোটব্যাঙ্কের রাজনীতির জন্যই সিএএ-র বিরোধিতা করছে কংগ্রেস : অমিত শাহ

সেকেন্দ্রাবাদ, ১২ মার্চ (হি.স.) : কংগ্রেসের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বিজেপি নেতা অমিত শাহ। তাঁর মতে, তোষণ ও ভোটব্যাঙ্কের রাজনীতির জন্যই সিএএ-র বিরোধিতা করছে কংগ্রেস। অমিত শাহ বলেছেন, লক্ষ লক্ষ মানুষ নিজেদের ধর্ম, সম্মান বাঁচাতে ভারতে এসেছেন। প্রধানমন্ত্রী মোদী নাগরিকত্ব প্রদান করে তাঁদের সম্মানিত করেছেন। মঙ্গলবার তেলেঙ্গানার সেকেন্দ্রাবাদে সোশ্যাল মিডিয়া ওয়ারিয়ার্স মিট-এ বক্তৃতা রাখেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

সিএএ কার্যকর প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, 'আমরা বলেছিলাম সিএএ আনব।

কংগ্রেস সিএএ-র বিরোধিতা করত। আমাদের সংবিধান প্রণেতারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরা বাংলাদেশ, আফগানিস্তান ও পাকিস্তান থেকে আসা নির্যাতিত উদ্বাস্তুদের নাগরিকত্ব দেব। কিন্তু তোষণ ও ভোটব্যাঙ্কের রাজনীতির কারণে কংগ্রেস দল সিএএ-র বিরোধিতা করেছিল। লক্ষ লক্ষ লাখ মানুষ এদেশে এসেছেন ধর্ম রক্ষার জন্য। তাদের নাগরিকত্ব দিয়ে সম্মানিত করার কাজটি করেছেন নরেন্দ্র মোদী।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আরও বলেছেন, 'আমরা আরেকটি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা কাশ্মীর থেকে ৩৭০ ধারা বাতিল করব। ৭০ বছর ধরে, কংগ্রেস ৩৭০ ধারায় চলত, কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৯ সালের ৫ আগস্ট ৩৭০ ধারা বাতিল করেছেন।'

## করিমগঞ্জে মহিলা কেন্দ্রীক প্রকল্পগুলির সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে মোবাইল ভ্যানের যাত্রা শুরু

করিমগঞ্জ (অসম) ১২ মার্চ (হি.স.) : করিমগঞ্জে মহিলা কেন্দ্রীক প্রকল্পগুলি সম্পর্কে সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে সোমবার মোবাইল ভ্যানের যাত্রা শুরু হয়েছে। সোমবার করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব মহিলা কেন্দ্রিক প্রকল্পগুলি সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা ছড়িয়ে দেওয়ার জন্য তার কার্য্যালয় প্রাঙ্গণ থেকে পতাকা নেড়ে ওই মোবাইল ভ্যানের যাত্রা শুরু করেন।

তারপর ডিস্ট্রিক্ট হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওম্যান বা ডিএইচইডব্লিউ আধিকারিক, অঙ্গনওয়াড়ি কর্মী এবং সেক্টর সুপারভাইজার, সিডিপিওরা মহিলাদের কল্যাণে থাকা বিভিন্ন প্রকল্পের বার্তা সম্বলিত প্লে কার্ড হাতে নিয়ে এক সচেতনতা শোভাযাত্রা বের করেন। ওই শোভাযাত্রা জেলা আয়ুক্ত কার্য্যালয় থেকে শুরু হয়ে শহরের মুখ্য সড়ক দিয়ে জেলা সমাজ কল্যাণ কার্য্যালয়ে গিয়ে সমাপ্ত হয়। উল্লেখ্য, জেলা সমাজকল্যাণ বিভাগের অধীনস্থ ডিস্ট্রিক্ট হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওম্যানের ব্যাবস্থাপনায় যাত্রা শুরু করা ওই মোবাইল ভ্যানের মাধ্যমে জেলার সাতটি আইসিডিএস প্রকল্পের চারপাশে তিন দিন ধরে সচেতনতা চলছে।

## 'তফসিলি সংলাপ' নামে প্রচার কর্মসূচির সূচনা করলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১২ মার্চ, (হি.স.): রাজ্যের প্রতিটি বিধানসভা এলাকা থেকে ১৫ জন করে তফসিলি জাতি-উপজাতিভুক্ত ব্লক নেতাদের নিয়ে বৈঠক করে দিকনির্দেশ ঠিক করে দিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার নজরুল মঞ্চে 'তফসিলি সংলাপ' নামে প্রচার কর্মসূচির সূচনা করলেন তিনি। যার মূল লক্ষ্য, তফসিলি অধ্যুষিত এলাকায় সিএএ নিয়ে লাগাতার বিজেপি বিরোধী প্রচার।

লোকসভা ভোটের আগে কেন্দ্রের সিএএ বিজ্ঞপ্তি তৃণমূলের নতুন বিজেপি বিরোধী হাতিয়ার হয়ে উঠেছে। তফসিলি জাতি-উপজাতি অধ্যুষিত এলাকার মানুষজনকে নাগরিকত্ব সংশোধনী আইনের 'বিপদ' বোঝাতে সক্ষম হলেই বাংলায় ফের বিজেপির বিজেপি মুখ থুবড়ে পড়া নিশ্চিত বলে মত তৃণমূলের একাংশের। আর মঙ্গলবার সেই লক্ষ্যেই বসেছিল অভিষেকের সভা।

এবারের লোকসভার লড়াইয়ে তৃণমূল মোট ১৫ জন তফসিলি জাতি-উপজাতি ও অনগ্রসর শ্রেণি সম্প্রদায়ভুক্ত প্রতিনিধিকে এগিয়ে দিয়েছে। তাঁদের হয়ে কীভাবে প্রচার করতে হবে, কোন বিষয়কে সামনে নিয়ে আসতে হবে, সেসব রণকৌশল ঠিক করতে এদিন নজরুল মঞ্চে বৈঠক করেন অভিষেক।

বিজেপি বিরোধী একাধিক বিষয় তুলে ধরে কীভাবে ওই সব এলাকায় প্রচার চলবে, তা নিয়ে রীতিমতো ক্লাস করানো হয় ব্লক নেতাদের। উত্তরের চা বলয় থেকে জঙ্গলমহল এলাকা কোথাও গত ৫ বছরে বিজেপি যা প্রতিশ্রুতি দিয়েছিল, তার কিছুই রাখেনি, এমনকী খোঁজখবরও নেয়নি — এই বিষয়গুলি নিয়েই প্রচার চালানোর কথা বলেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক।

## "সিএএ নিয়ে ভুল ব্যাখ্যা দিচ্ছেন মানুষকে", মমতাকে কটাক্ষ অভিজিতের

পূর্ব মেদিনীপুর, ১২ মার্চ, (হি.স.): হাবড়ায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হুঙ্কার ছেড়ে বলেছেন তিনি সিএএ হতে দেবেন না। পূর্ব মেদিনীপুর থেকে এর পাল্টা দিলেন বিজেপি নেতা তথা প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। খোঁচা দিয়ে বললেন, "মমতা বন্দ্যোপাধ্যায় সিএএ নিয়ে ভুল ব্যাখ্যা দিচ্ছেন মানুষকে। উনি বরাবরই অসত্য কথায় পটু।" এদিন নন্দীগ্রাম থেকে সিএএ নিয়ে মমতাকে বিঁধে অভিজিৎবাবু বলেন, "সিএএ-তে কারও নাগরিকত্ব হারানোর কোনও বিষয় নেই। ডিটেনশন ক্যাম্পেরও কোনও প্রশ্নই নেই।

মুখ্যমন্ত্রী গোটা বিষয়টার ভুল ব্যাখ্যা দিচ্ছেন। উনি সবসময় অসত্য কথা বলেন। এ বিষয়ে উনি পটু। এবারও তাই করছেন। সত্যটা সামনে তুলে ধরার পর লাজ-লজ্জা থাকলে উনি মুখ দেখাবেন না কোথাও।"

প্রসঙ্গত, সোমবার বিকেলে দেশজুড়ে লাগু হয়েছে সিএএ। যা নিয়ে নানা মহলে নানা মত। কেউ এর পক্ষে, কেউ আবার বিপক্ষে সুর চড়িয়েছেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বরাবরই সিএএ বিরোধী। এদিন হাবড়ার সভা থেকে এর বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দেন।

বলেন, কারও নাগরিকত্ব কেড়ে নিতে দেবেন না তিনি। বাংলায় ডিটেনশন ক্যাম্প করতে দেবেন না বলে হুঙ্কার ছেড়েছেন মুখ্যমন্ত্রী। বলেছেন, জীবন থাকতে কাউকে ডিটেনশন ক্যাম্পে যেতে দেবেন না। নন্দীগ্রাম থেকে তারই পালটা দিলেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়।

## ভারত-পাকিস্তান সীমান্তের কাছে ১৯.৫ কোটি টাকার হেরোইন উদ্ধার

জয়সলমীর, ১২ মার্চ (হি.স.) : রাজস্থানের শ্রীগঙ্গানগর জেলায় পাকিস্তান সীমান্তের কাছে দুটি জায়গা থেকে ১৯.৫ কোটি টাকার হেরোইন উদ্ধার করেছে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)—এর সদস্যরা।

বিএসএফ সূত্র জানায়, গোয়েন্দাদের তথ্যের ভিত্তিতে শ্রীগঙ্গানগর সীমান্ত এলাকায় তল্লাশি অভিযান চালানো হয়। সেই সময় মাঠ থেকে ছয় প্যাকেট হেরোইন উদ্ধার করা হয়। উদ্ধার করা যার ওজন প্রায় ৩.৪৯ কেজি। আন্তর্জাতিক বাজারে এর দাম ধরা হয়েছে ১৭ কোটি টাকা। হেরোইনের প্যাকেটগুলির সাথে হলুদ টেপ লাগানো ছিল। অন্যদিকে অনুপগড়ে পাকিস্তান সীমান্তের কাছে তল্লাশি অভিযানের সময় বিএসএফ জওয়ানরা সন্দেহভাজন হেরোইনের প্যাকেট উদ্ধার করেছে। উদ্ধার হওয়া হেরোইনের ওজন আনুমানিক ৫৬০ গ্রাম, আন্তর্জাতিক বাজারে যার মূল্য আড়াই কোটি টাকা।

## কলকাতা হাই কোর্টে নয়া ডেপুটি সলিসিটর জেনারেল

কলকাতা, ১২ মার্চ (হি.স.) : ফেব্রুয়ারিতে কলকাতা হাই কোর্টের ডেপুটি সলিসিটর জেনারেল পদ থেকে সরানো হয়েছিল বিল্বদল ভট্টাচার্যকে। এবার তাঁর জায়গায় দায়িত্ব পেলেন রাজদীপ মজুমদার। সন্দেশখালি মামলায় শুভেন্দুবাবুর হয়ে সওয়াল করেছিলেন এই আইনজীবী।

গত মাসের মাঝামাঝি সময়ে বিল্বদলবাবুকে পদ থেকে সরিয়ে দেন রাষ্ট্রপতি। সেই থেকে ফাঁকাই ছিল তাঁর পদ। এবার তাঁর জায়গায় অর্থাৎ ডেপুটি সলিসিটর জেনারেল পদে নিয়োগ করা হল রাজদীপ মজুমদারকে। ইতিমধ্যেই তিনি নিয়োগপত্র পেয়েছেন বলে খবর। মঙ্গলবার আইনমন্ত্রকের তরফে এক বিজ্ঞপ্তি জারি করে আইনজীবী রাজদীপের নিয়োগের কথা জানানো হয়। জানা গিয়েছে, একটা সময়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ঘনিষ্ঠ হিসেবেই পরিচিত ছিলেন প্রাক্তন ডেপুটি সলিসিটর জেনারেল বিল্বদল ভট্টাচার্য। কলকাতা হাই কোর্টে অভিষেক বন্দ্যোপাধ্যায় ও রুজিরা বন্দ্যোপাধ্যায়ের একাধিক আবেদনের বিরোধিতা করেছেন তিনি। শোনা যায়, সম্প্রতি বিল্বদল ভট্টাচার্যের সঙ্গে শুভেন্দু অধিকারীর সম্পর্কে চিড় ধরে। তার জেরেই নাকি বিল্বদল ভট্টাচার্যকে রাতারাতি সরিয়ে দেওয়া হয়। পরবর্তীতে এবার ডেপুটি সলিসিটর জেনারেল পদে এলেন শুভেন্দুবাবুর ঘনিষ্ঠ রাজদীপ।

## শেখ শাহজাহানের আগাম জামিনের আবেদন খারিজ হাইকোর্টে

কলকাতা, ১২ মার্চ (হি.স.) : শেখ শাহজাহানের আগাম জামিনের আবেদন খারিজ করে দিল কলকাতা হাইকোর্ট। মঙ্গলবার হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি শাব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দিয়েছে।

আদালত জানিয়েছে, যে নথি পাওয়া গিয়েছে, তার ভিত্তিতে তদন্ত চলছে। আদালত ইডির ভূমিকায় কোনও খামতি আছে বলে মনে করছে না। সেই জন্য শাহজাহানের আগাম জামিনের আবেদন খারিজ করা হচ্ছে বলে জানিয়েছে আদালত।

এ দিন শুনানিতে আইনজীবী সব্যসাচী বন্দ্যোপাধ্যায় শাহাজাহানের হয়ে বলেন, "কী অভিযোগে শাহজাহানকে গ্রেফতার করা হয়েছে, সেটাই স্পষ্ট নয়।" তখন বিচারপতি দেবাংশু বসাক মন্তব্য করেন, "কিন্তু আপনি দোষ করেছেন তারপরই না আপনার বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে!"

শাহজাহানের আইনজীবীর দাবি, "গত ১২ ডিসেম্বর একটা অভিযোগ দায়ের হয় রেশন দুর্নীতি মামলায়। সেখানে শাহজাহান শেখ সরাসরি অভিযুক্ত নন। ৫ জানুয়ারি তাঁর বাড়িতে অভিযান চালানো হয়। কিছু পাওয়া যায়নি। পরে ফের ২৩ ও ২৪ জানুয়ারি অভিযান চালানো হয়। নোটিশ দিয়ে শাহজাহানকে অথবা তাঁর কোনও প্রতিনিধিকে হাজির হতে বলা হয়। সেই সময় নিম্ন আদালতে জামিনের আবেদন করেছিলেন তিনি।'

শাহজাহানের আইনজীবীর আরও দাবি, "তিনি তাঁর প্রতিনিধিকে পাঠিয়েছিলেন ইডির অফিসে হাজিরা দিতে।" অন্য এক অভিযুক্তের (জ্যোতিপ্রিয় মল্লিকের) নাম উল্লেখ না করে আইনজীবী জানান, এক অভিযুক্তের বক্তব্যের ভিত্তিতে শাহজাহানকে সমন পাঠানো হয়। বিচারপতি বসাক শাহজাহানের আইনজীবীকে পরিষ্কার জানান, "আপনাকে পাঁচ মিনিটের বেশি সময় দেওয়া যাবে না।"

ইডির আইনজীবী ধীরজ ত্রিবেদী বলেন, "প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের হাতে লেখা একটি চিঠিতে শাহজাহান শেখের নাম পরিষ্কার উল্লেখ ছিল। ইডি আধিকারিকরা যেদিন তাঁর সন্দেশখালির বাড়িতে গিয়েছিলেন তাঁকে (শাহজাহান) ফোন করে সহযোগিতা করতে বলা হয়। কিন্তু তার পর তিনি আর ফোন ধরেননি। এবং ইডি আধিকারিকরা আক্রান্ত হন। কিন্তু পুলিশ তাঁকে তার পর দিনের পর দিন গ্রেফতার করেনি।" ইডির আইনজীবী আরও বলেন, "আমরা পরে তাঁকে একাধিক সমন পাঠিয়েছি।

কিন্তু কোনও উত্তর দেননি তিনি। শাহজাহান শেখের বিরুদ্ধে তদন্ত চলছে। তাঁর বিরুদ্ধে একাধিক প্রমাণ রয়েছে।"

## আলিপুর আদালতের বার অ্যাসোসিয়েশনের নির্বাচনে ফের ধাক্কা

কলকাতা, ১২ মার্চ, (হি.স.): আগামী ১৯ মার্চ বার অ্যাসোসিয়েশনের নির্বাচনের কথা ছিল। তবে মঙ্গলবার এই সংক্রান্ত মামলার শুনানিতে নির্বাচনের অনুমতি দিল না কলকাতা হাইকোর্ট। এর আগেও বার অ্যাসোসিয়েশন নির্বাচন করার আবেদনে সায় দেয়নি হাইকোর্ট। আলিপুর বার অ্যাসোসিয়েশন সদস্যদের বেশ কিছু সদস্য অল ইন্ডিয়া বার এক্সামিনেশন এ উত্তীর্ণ হননি। অথচ সেই অনুত্তীর্ণ সদস্যদের আলিপুর আদালতের বার অ্যাসোসিয়েশন নির্বাচনে প্রার্থী করা হয়েছে। এই অভিযোগে আগেই হাইকোর্টে মামলা দায়ের করেন আলিপুর আদালতের আইনজীবীদের একাংশ। ওই মামলাতেই এদিন ফের নির্বাচনের অনুমতি খারিজ করে দিয়েছে আদালত। নিয়মগুলো হল, প্রথমত, নির্বাচন শুরুর এক মাস আগে ভোটার তালিকা প্রকাশ করতে হয়, তারপর মনোনয়ন পত্র দাখিল করতে হয়। এক্ষেত্রে তা হয়নি। অভিযোগ, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ না করেই ১৫ডিসেম্বর থেকে মনোনয়ন দাখিল করা শুরু হয়।

দ্বিতীয়ত, নির্বাচনের আগে সিসিটিভি লাগানোর প্রক্রিয়া শেষ করার কথা ছিল। কিন্তু তা হয়নি। এবারে সিসিটিভি ক্যামেরা লাগানোর দায়িত্ব ছিল দক্ষিণ ২৪ পরগনা জেলা বিচারকের। অভিযোগ, তিনি এখনও তা করেননি। দেখ গেছে, ভোট কেন্দ্রে যেখানে মনোনয়ন দাখিল করা হচ্ছে সেখানে সিসিটিভি ক্যামেরা বিকল। তৃতীয়ত, ভোটার তালিকায় যাঁদের নাম উঠেছে তাঁদের প্রত্যেকের কাছ থেকে ৫ হাজার টাকা করে নেওয়া হচ্ছে যা নিয়মবিরুদ্ধ বলে অভিযোগ। মামলাকারীদের অভিযোগ, বার অ্যাসোসিয়েশনের নির্বাচনে কোনও নিয়মই মানা হয়নি।

# সদর দফতর ছাড়া সব দফতর বন্ধ বাইজুসের

বেঙ্গালুরু, ১২ মার্চ (হি.স.): সমস্যা যেন পিছু ছাড়ছে না এডু-টেক সংস্থা বাইজুসের। সদর দফতর ছাড়া বন্ধ করে দেওয়া হল সংস্থার অন্য সব দফতর। পাশাপাশি সংস্থার প্রায় ১৪ হাজার কর্মীকে এবার বাড়ি থেকে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে।

তবে সংস্থাটি যে এমন পদক্ষেপ করতে পারে সেই সম্ভাবনা গত কয়েক মাস ধরেই তৈরি হচ্ছিল। দেখা যাচ্ছিল, নতুন করে সংস্থার বিভিন্ন দফতরের চুক্তি আর পুনর্নবীকরণ হচ্ছে না। শেষমেশ বন্ধই করে দেওয়া হল দফতরগুলি। যদিও দেশজুড়ে ছড়িয়ে থাকা বাইজুসের প্রায় তিনশো টিউশন সেন্টার চালু আছে। সেখানে ষষ্ঠ থেকে দশম শ্রেণির পড়ুয়ারা ক্লাস করতে আসছে।গত মাসে বাইজুসের প্রতিষ্ঠাতা রবীন্দ্রন কর্মীদের জানান, ফেব্রুয়ারির বেতন দেওয়া সম্ভব হচ্ছে না। কেননা বহু বিনিয়োগকারীই আর বিনিয়োগ করছেন না বাইজুসে। এই পরিস্থিতিতে এবার সদর দফতর বাদে বাকি সব দফতর বন্ধের সিদ্ধান্ত নিল বাইজুস।

## অজিত ডোভালের সঙ্গে সাক্ষাৎ ইজরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহুর

নয়াদিল্লি, ১২ মার্চ (হি. স.): ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের সঙ্গে সাক্ষাৎ করলেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। ইজরায়েলের সঙ্গে হামাসের লড়াইয়ে যখন উত্তাল গাজা, সেই সময় ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে নেতানিয়াহুর সাক্ষাৎ বেশ তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে আন্তর্জাতিক মহল।

সূত্রের খবর, পণবন্দিদের দ্রুত মুক্তি, মানবিক সহায়তা প্রদান, আঞ্চলিক উন্নতি এইরকম একাধিক গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করেন দুজনে।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## রাতে নিদ্রাজনিত সমস্যা সমাধানে আপনার যা যা করণীয়



রাতে ঘুম নিয়ে মানুষের সমস্যার কোনো কমতি নেই। বেশিরভাগ মানুষ সময়মত ঘুমাতে পারেন না। বিছানায় শোবার পরও ঘুম আসার কোনো খবর থাকে না। যার ফলে দেখা যায় বিভিন্ন ধরণের শারীরিক ও মানসিক সমস্যা।

যাই হোক, সকলের পর্যাপ্ত পরিমাণ ও সময়মত ঘুমের প্রয়োজন রয়েছে। এর জন্য কিছু সহজ পদ্ধতি অবলম্বন করলেই নিদ্রাজনিত সমস্যা দূর হতে পারে। আসুন জেনে নেয়া যাক সেই জাদুকরি উপায়- অন্ধকার ঘর: ঘুমানোর সময় অবশ্যই ঘরের সব আলো বন্ধ করতে হবে। কারণ আলো জ্বললে চোখে ঘুম আসতে চায় না।

স্নান: ঘুমানোর জন্য বিছানায় যাওয়ার আগে সামান্য উষ্ণ জলে স্নান করুন। এতে স্ট্রেস কমবে, রিল্যাক্সও হবেন। ঘুম হবে ভাল।

অল্প খাবার: রাতে খুব অল্প খান। রাতে বেশি খেলে তা হজম হতে অনেক সময় লাগে। ফলে ঘুম আসতে চায় না।

ব্যায়াম: রাতে ওয়ার্ক আউট না করাই ভাল। এতে শরীরে বেশি এনার্জি আসে। ফলে ঘুম আসতে চায় না। তাই রাতে ব্যায়াম করা পরিহার করুন।

চকোলেট: ঘুমানোর আগে চকোলেট মোটেই খাবেন না। চকোলেটে থাকে ক্যাফেন। যা ঘুমের ব্যাঘাত ঘটায়।

রাতের স্ন্যাক্স: লেট নাইট করা যদি আপনার অভ্যাস হয় তাহলে নিশ্চয়ই টুকটাক স্ন্যাক্সেও অভ্যস্ত? রাতে খিদে পেলে খান, তবে অল্প। আর তা যেন কখনই ভারি না হয়।

মেডিটেশন করুন : এই উপায়টি ঘুমানোর ক্ষেত্রে দারুণ কার্যকর। মেডিটেশনটি এরকম- চোখ বন্ধ করে বাসার ছাদ বরাবর তাকিয়ে থাকুন এবং চোখের মনি আনুমানিক ১৯ ডিগ্রী অ্যাঙ্গেল এ রাখুন। তারপর বাসার ছাদে একটা বিশাল সাদা রং এর পর্দা কল্পনা করুন। আর তার মধ্যে হালকা নিল রঙের একটা সংখ্যা কল্পনা করুন, তাহলো ১৯। এরপর তা আসতে আসতে মিলিয়ে যাচ্ছে এবং আবার আসতে আসতে আরেকটা সংখ্যা আসছে, তাহলো ১৮। এইভাবে উল্টো কাউন্ট করতে থাকুন। তবে তা খুব ধীরে ধীরে। এইভাবে কিছুক্ষণ করার পর দেখবেন আপনার ঘুম চলে আসছে।

## পিসিওসি-এর সঙ্গে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত



প্রজননের বয়সকালে ৮ থেকে ১৩ শতাংশ মহিলা ভুগছেন পিসিওএস বা পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমে। মূলত দেহে পুরুষ হরমোনের মাত্রা বেড়ে যাওয়ার কারণে পিসিওএস-এর সমস্যা দেখা দেয়। পিসিওএস-এর জেরেই মুখে রোমের আধিক্য বেড়ে যায়, মুখ ও পিঠভর্তি ব্রণ বেরোতে থাকে, চুল পড়া বেড়ে যায়। এছাড়া ওজন বাড়তে থাকে।

আর পিসিওএস-এর ক্ষেত্রে অনিয়মিত ঋতুস্রাব এবং ঋতুস্রাব সংক্রান্ত সমস্যা জোরাল হতে থাকে। পিসিওএস-এর স্থায়ী সমাধান নেই। চিকিৎসকদের মতে, স্বাস্থ্যকর লাইফস্টাইল মেনে চললে পিসিওএস-এর উপসর্গগুলো কমানো যায়। তবে, এক্ষেত্রে আপনি আয়ুর্বেদের সাহায্যও নিতে পারেন।

আয়ুর্বেদিক ভেষজ: আয়ুর্বেদিক উপায়ে পিসিওএস-এর সমস্যাকে বশে রাখতে আপনি বেশ কিছু ভেষজ উপাদানের সাহায্য নিতে পারেন। অশ্বগন্ধা, দারুচিনি ও হলুদের মতো উপাদানকে নিত্যদিনের সঙ্গী করে তুলুন। এই তিনটি ভেষজ উপাদান কর্টিসলের মাত্রা নিয়ন্ত্রণে রাখে, মাসিক চক্রকে ঠিক রাখতে সাহায্য করে এবং শারীরিক প্রদাহ কমাতে সাহায্য করে। পাশাপাশি রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখে, যা পিসিওএস-এর ক্ষেত্রে ভীষণ গুরুত্বপূর্ণ।

আয়ুর্বেদিক ডায়েট: স্বাস্থ্যকর লাইফস্টাইলে বিশেষ ভূমিকা পালন করে ডায়েট। আপনি কী খাচ্ছেন, কতটা পরিমাণে খাচ্ছেন এবং কখন খাচ্ছেন-এই সব বিষয়গুলো আপনার স্বাস্থ্যের উপর প্রভাব ফেলে। আয়ুর্বেদের মতে, খাদ্যতালিকা থেকে স্যাচুরেটেড ফ্যাটের পরিমাণ কমিয়ে দিন। নুন খাওয়া কমান। এমনকী শর্করাযুক্ত খাবার এড়িয়ে চলুন। তার বদলে তাজা ফল, সবজি, গোটা শস্য, বাদাম, বীজ ইত্যাদি খান। এতে দেহে পুষ্টির ঘাটতি পূরণ হবে এবং হরমোনের ভারসাম্য বজায় থাকবে। শরীরচর্চা: আয়ুর্বেদের মতে, পিসিওএস-এর সমস্যাকে নিয়ন্ত্রণে রাখতে গেলে শরীরচর্চা করা জরুরি। এতে দেহে হরমোনের ভারসাম্য বজায় থাকে। পাশাপাশি ওজন বেড়ে যাওয়ার ভয় থাকে না। দিনে অন্তত ৩০ মিনিট যোগব্যায়াম করুন। এতে আপনার ঋতুচক্র নির্দিষ্ট সময় অন্তর হবে এবং ঋতুস্রাব সংক্রান্ত সমস্যাগুলো কমবে। মানসিক চাপ কমান: পিসিওসি-এর সঙ্গে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত। মানসিক চাপ আপনার দেহে হরমোনের ভারসাম্য নষ্ট করতে পারে। যার জেরে একাধিক সমস্যা দেখা দিতে পারে। তাই মানসিক চাপকে কমিয়েও আপনি পিসিওএস-এর উপসর্গকে নিয়ন্ত্রণে রাখতে পারেন।

## চিনি খাওয়া বিষ, তার পরিবর্তে খান কোকোনাট সুগার



চিনি বিভিন্ন ধরণের খাবারে ব্যাপকভাবে ব্যবহৃত হয়। কিন্তু এই চিনি বিষের চেয়ে কম কিছু নয়। অতিরিক্ত চিনি খেলে ক্রমে স্বাস্থ্যের অবনতি ঘটতে থাকে। অতিরিক্ত চিনি খেলে উচ্চ রক্তচাপ, স্থূলতা, ডায়াবেটিস এবং ফ্যাটি লিভারের মতো স্বাস্থ্য সমস্যার ঝুঁকি বাড়ে। তাই বর্তমানে বিশেষজ্ঞরা সাদা চিনির পরিবর্তে এর স্বাস্থ্যকর বিকল্পও বেছে নিতে পরামর্শ দেন।

তা এর জন কী খাবেন?

কখনও নারকেল চিনির কথা শুনেছেন? হ্যাঁ,চিনির স্বাস্থ্যকর বিকল্প হিসাবে নারকেল চিনি বেছে নিতে পারেন। নারকেল গাছের ফুলের রস থেকে এই চিনি তৈরি করা হয়। এই চিনি স্বাস্থ্যের জন বেশ উপকারীও। আসুন জেনে নেওয়া যাক, এই চিনির গুণাগুণ

রক্তে শর্করার মাত্রা:

নারকেল চিনি রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে। এতে রয়েছে ফাইবার। যা রক্তে শর্করার মাত্রা বাড়তে দেয় না। এই চিনি ডায়াবেটিসে আক্রান্তদের জন্য খুবই উপকারী। নিয়মিত চিনির পরিবর্তে নারকেল চিনিও ব্যবহার করতে পারেন।

ওজন কমাতে:

নারকেল চিনিতে প্রচুর পরিমাণে ফাইবার থাকে। এটা খাওয়ার পর অনেকক্ষণ পেট ভরে যায়। এটি আপনার ক্ষুধা নিয়ন্ত্রণে রাখে তাই এই বিশেষ চিনি খেলে ওজনও নিয়ন্ত্রণে থাকে। কম প্রক্রিয়াজাত চিনি: নারকেল চিনি নিয়মিত সাদা চিনির তুলনায় কম প্রক্রিয়াজাতয। এটি অত্যন্ত পরিশ্রুত তাই নারকেল চিনি স্বাস্থ্যের জন্য ভাল।

নারকেল চিনির পুষ্টিগুণ:

নারকেল চিনিতে ক্যালসিয়াম, জিঙ্ক, আয়রন এবং পটাসিয়ামের মতো পুষ্টি উপাদান রয়েছে। এই চিনি খাওয়ার ফলে অনেক স্বাস্থ্য উপকারিতাও পাওয়া যায়। কী সেগুলি? জানুন

হাইপোগ্লাইসেমিয়া:

এই চিনি হাইপোগ্লাইসেমিয়ার সমস্যা সারাতেও সাহায্য করে। হাইপোগ্লাইসেমিয়ার সমস্যায় কাঁপুনি, মাথা ঘোরা এবং বমি বমি ভাবের মতো উপসর্গ দেখা যায়। এই ধরনের সমসা কমায় নারকেলের চিনি।

রক্ত সঞ্চালন উন্নত করে:

নারকেল চিনি খেলে রক্ত সঞ্চালনও ভাল হয়। এই চিনি শরীরে আয়রনের ঘাটতিও পূরণ করে। এছাড়া এতে রয়েছে জিঙ্ক, যা চুলের স্বাস্থ্যের খেয়াল রাখে। শুধু তাই-ই নয়, ক্যালসিয়াম সমৃদ্ধ এই চিনি হাঁড় মজবুত করতেও সাহায্য করে। এই প্রতিবেদনটি শুধুমাত্র তথ্যের জন্য, কোনও ওষুধ বা চিকিতা সংক্রান্ত নয়। বিস্তারিত তথ্যের জন্য আপনার চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন।

## ভাতের সঙ্গে প্রথম পাতে রাখুন করলা

প্রথম পাতে তেঁতো রাখার চল বাঙালিদের মধ্যে পুরনো। কিন্তু এই তেঁতো স্বাদের জন্য অনেকেই করলার তৈরি পদ খেতে পছন্দ করেন না। তবে, স্বাস্থ্যের খেয়াল রাখতে হলে আপনাকে তেঁতোর সঙ্গে বন্ধুত্ব করতেই হবে।

ডায়াবেটিসের রোগীদের করলা খাওয়ার পরামর্শ দেওয়া হয়। তেঁতো স্বাদ হলেও করলা ইনসুলিন হরমোনের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে।

এতে রক্তে শর্করার মাত্রাও নিয়ন্ত্রণে থাকে। কিন্তু সুগার লেভেল ঠিক রাখা ছাড়াও এই সবজির আরও গুণ রয়েছে। প্রতিদিন করলা সেদ্ধ কিংবা করলা জুস পান করে আপনি ওজনও কমাতে পারেন। এই সবজি আপনার মেটাবলিক হার বাড়ায় এবং এতে ক্যালোরির পরিমাণ কম এবং ফাইবারের পরিমাণ বেশি। এতে হজম স্বাস্থ্য ভাল থাকে এবং ওজন কমানো সহজ হয়। করলা পুষ্টির ভাণ্ডার। এই সবজির মধ্যে ভিটামিন সি, ভিটামিন এ, পটাশিয়াম, ফোলেট ও আয়রন রয়েছে। তাই রোজ করলা খেলে আপনার দেহে পুষ্টি ঘাটতি তৈরি হবে না। পাশাপাশি বাড়বে রোগ প্রতিরোধের ক্ষমতা। অ্যান্টিঅক্সিডেন্টে পরিপূর্ণ করলা। এতে ফ্ল্যাভনয়েড ও পলিফেনল নামের অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে, যা অক্সিডেটিভ চাপ কমিয়ে আপনাকে দীর্ঘস্থায়ী রোগের হাত থেকে সুরক্ষিত রাখে। এতে আপনি রোগমুক্ত জীবন কাটাতে পারেন। ফাইবার থাকায় করলা খেলে হজম স্বাস্থ্য ভাল থাকে। কোষ্ঠকাঠিন্যের সমস্যা দেখা দেয় না। পাশাপাশি এটি অন্ত্রের ভাল ব্যাকটেরিয়ার বৃদ্ধি সাহায্য করে। তাই পেটের গণ্ডগোল রুখতেও আপনি করলা খেতে পারেন। করলা ডায়াবেটিসের পাশাপাশি কোলেস্টেরলের রোগীদের জন্যও উপযোগী। এই সবজি খেলে আপনার রক্তে কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে থাকবে এবং সহজেই হৃদরোগের ঝুঁকি কমাতে পারবেন। প্রতিদিন করলার রস পান করলে এটি দেহে জমে থাকা সমস্ত দূষিত পদার্থ বেরিয়ে যায়। এতে লিভারের পাশাপাশি ত্বকও ডিটক্সিফাই হয়। এতে ত্বকও সুস্থ থাকে এবং আপনি ব্রণ, ফুসকুড়ির মতো সমস্যা থেকেও দূরে থাকতে পারেন।



## টাইট জিনস পরেন? হতে পারে ভয়ঙ্কর বিপদ

টাইট জিনস পরা আজকাল ফ্যাশন সিম্বল হয়ে উঠেছে। ছেলেদের তুলনায় মেয়েরা বেশি এই ধরনের জিনস পরে থাকেন। অফিস কিংবা অন্যত্র, টাইট জিনস বেছে নেনে তাঁরা। দেখতে ভাল লাগলেও এই ফ্যাশনই আপনাকে ঠেলে দিতে পারে বিপদের দিকে। অবাক হচ্ছেন তো? তবে এটাই সত্যি। আঁটোসাঁটো জিনসেই বাড়ছে বিপদ। হচ্ছে একাধিক স্বাস্থ্যের সমস্যা। তাই সতর্ক হতে হবে। জানুন কী ক্ষতি করছেন শরীরের

পিঠে ব্যথা: এই ধরনের জিনস পরলে অনেক সমস্যা হতে পারে। এই সমস্যাগুলির মধ্যে অন্যতম হল কোমরে ব্যথা। টাইট জিনস পরার কারণে হিপ জয়েন্ট এবং মেরুদণ্ডে নেতিবাচক প্রভাব পড়ে. ফলে তীব্র ব্যথা শুরু হয়। এটিকে সাধারণ ব্যথা বলে অনেকসময়ই এড়িয়ে যায় মানুষ। তারা বুঝেই উঠতে পারেন না যে, জিনসের কারণে এই সমস্যা হচ্ছে।

জরায়ু সংক্রমণ:

টাইট জিনস পরার ফলে অনেক মহিলার অল্প বয়সেই জরায়ু সংক্রমণ হতে পারে। এক্ষেত্রে মহিলারা প্রাথমিক পর্যায়ে এই সংক্রমণ সম্পর্কে খুব একটা সচেতন নন। যদি সময়মতো জরায়ু সংক্রমণের চিকিৎসা না করা হয়, তাহলে মহিলাদের পরবর্তীতে মা হতে অসুবিধা হতে পারে। এ জন্য ঢিলেঢালা জিনস পরাই ভাল।

পেশীর দুর্বলতা:

টাইট জিনস পরার কারণে তলপেটের এবং কোমরের পেশী ধীরে-ধীরে দুর্বলহয়ে পড়ে। টাইট জিন্স, শরীরের সঙ্গে এমনভাবেই চেপে বসে থাকে যে, হাড় এবং জয়েন্টগুলির নাড়াচড়ায় সমস্যা তৈরি হয়। এ কারণে পিঠ ও কোমর ছাড়াও পায়ে ব্যথা হয়। এবং ক্রমে পেশী দুর্বল হতে থাকে।

ত্বকে চুলকানি এবং জ্বালা:

দীর্ঘ সময় ধরে টাইট বা ফিটিং জিনস পরলে কখনও কখনও ত্বকে তীব্র চুলকানি এবং জ্বালাপোড়ার সমস্যা হতে পারে। কারণ টাইট জিনস পরলে অনেকসময়ই গোপনাঙ্গে বায়ু চলাচল বন্ধ হয়ে যায়। ফলে ঘাম হয়, কিন্তু সেই ঘাম শুকোয় না। এ কারণে ত্বকে তীব্র চুলকানি ও জ্বালাপোড়ার সমস্যা দেখা দেয়। শুধু তাই-ই নয়, টাইট জিন্স পরা মহিলাদের মধ্যে ভালভাডিনিয়ার ঝুঁকি দেখা দেয়। এই প্রতিবেদনটি শুধুমাত্র তথ্যের জন্য, কোনও ওষুধ বা চিকিৎসা সংক্রান্ত নয়। বিস্তারিত তথ্যের জন্য আপনার চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন।

## শরীরের জন্য খুবই উপকারী হল কলা

শরীরের জন্য খুবই উপকারী হল কলা। কলা আমাদের পাচনতন্ত্রকে সুস্থ রাখে আর কলার মধ্যে পুষ্টিও প্রচুর পরিমাণে থাকে। কলার মধ্যে ফাইবারের ভাগ বেশি থাকে। এই ফাইবার জলে দ্রবণীয়। আর এই ফাইবার হজম করতে সুবিধে হয়। ফাইবার থাকে বলে কলা কোষ্ঠকাঠিন্য দূর করতেও সাহায্য করে। আর রোজ নিয়ম করে কলা খেলে নিয়মিত মলত্যাগও অনেক সহজ হয়ে যায়। আর কলা প্রোবয়োটিক হিসেবেও কাজ করে, যা অন্ত্রে ভাল ব্যাকটেরিয়া তৈরি করতে সাহায্য করে। আমেরিকান পুষ্টিবিদ এরিন কেনির মতে, ফাইবার ছাড়াও কলায় প্রচুর পরিমাণে ফ্রুক্টুলিগোস্যাকারাইড (এফওএস) থাকে। চঞ্ছ হল এক ধরনের কার্বোহাইড্রেট যা আমাদের শরীর হজম করতে পারে না তবে অন্ত্রে ভাল ব্যাকটেরিয়া তৈরি করতে সাহায্য করে। তবে কলা নিয়ম করে খেতে হবে। ২০১১ সালে অ্যানারোব জার্নালে প্রকাশিত একটি গবেষণা অন্ত্রের স্বাস্থ্যের উপর কলার প্রভাব পরীক্ষা করেন। আর সেখানেই দেখা গিয়েছে রোজ কলা খেলে অন্ত্রে বিফিডোব্যাকটেরিয়া এবং ল্যাকটোব্যাসিলির মতো উপকারী ব্যাকটেরিয়া তৈরি হয়। এতে হজমের সমস্যাও ভাল হয়। ২০১৮ সালে ইউরোপীয় জার্নাল অফ ক্লিনিকাল নিউট্রিশনে প্রকাশিত আরেকটি গবেষণায় আইবিএস সমস্যার উপর গবেষণা করা হয়। এই সমস্যা হলে অন্ত্রে ফোলাভাব, ব্যথা, কোষ্ঠকাঠিন্যর সমস্যা হয়। এক্ষেত্রে কলা খেলে অনেকটা সুরাহা হয়।

## রোগমুক্ত শরীর চান? রোজ খালি পেটে খান আমলকির রস



আমলকির বহুবিধ গুণ। আয়ুর্বেদ অনুযায়ী আমলকি হল নানা রোগের মহৌষধ। ইমিউনিটি বাড়াতে আমলকির জুড়ি নেই। রক্তও পরিশ্রুত করে। তা ছাড়া বিভিন্ন ভিটামিন ও খনিজের সমাহার ত্বক এবং চুলে পুষ্টিও জোগায়।

কাঁচা চিবিয়ে খান বা রস করে, উপকার পাবেন দুই পদ্ধতিতেই। তবে সকালবেলা খালি পেটে আমলকির রস পানেই অনেক রোগ নিরাময় হয়ে যায়।

সুস্থ থাকে শরীর। এক ঝলকে দেখে নিন খালি পেটে আমলকির রস পানে কী কী উপকার পাওয়া যায়।

আমলকি ভিটামিন সি সমৃদ্ধ

শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় যে ভিটামিনগুলি, সেই তালিকায় একেবারে উপরের দিকেই রয়েছে ভিটামিন সি। আমলকির রসে রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন সি। অ্যান্টিঅক্সিড্যান্ট হিসেবে ভিটামিন সি-এর কদর কম নয়। তাই রোজ সকালে খালিপেটে আমলকির রস খেতে পারলে ইমিউনিটি বা রোগ প্রতিরোধ ক্ষমতা তো বাড়বেই। পাশাপাশি সাধারণ ঠান্ডা লাগা, সর্দি-কাশি এবং সংক্রমণ থেকেও সুরক্ষিত থাকবে শরীর। অ্যান্টি-ইনফ্ল্যামেটরি গুণ রয়েছে

আমলকিতে রয়েছে অ্যান্টি-ইনফ্ল্যামেটরি বা প্রদাহ-বিরোধী গুণ, যা শরীরের প্রদাহ কমাতে সাহায্য করে এবং দীর্ঘস্থায়ী রোগেরও উপশম করে। নিয়মিত আমলিক খেলে জয়েন্টের ব্যথা এবং ফোলা কমতে পারে।

হজমে সহায়তা করে

বিশেষজ্ঞদের মতে, ভিটামিন এবং খনিজ সমৃদ্ধ আমলকি হজম ক্ষমতা বাড়ায়। মেটাবলিজম বা বিপাকে সাহায্য করে। বদহজম, অ্যাসিডিটি এবং কোষ্ঠকাঠিন্যের মতো সমস্যা দূর করে। ওজনও নিয়ন্ত্রণে রাখে। তাই রোজ সকালে খালি পেটে খান আমলকির রস।

রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখে

ডায়াবিটিস রোগীদের জন্য খুবই উপকারী আমলকির রস। রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। তাছাড়া, নিয়মিত আমলকির রস খেলে কোলেস্টরলও নিয়ন্ত্রণে থাকে।

হার্ট সুস্থ রাখে

আমলকির মধ্যে রয়েছে উচ্চ ফাইবার, অ্যামিনো অ্যাসিড এবং অ্যান্টিঅক্সিডেন্ট, যা হৃৎপিণ্ডের কর্মক্ষমতা বাড়ায়। হৃদরোগের ঝুঁকি কমায় এবং হার্ট সুস্থ রাখে।

শরীর থেকে বিষাক্ত পদার্থ বার করে দেয়

আমলকির রস শরীর থেকে টক্সিন বা বিষাক্ত পদার্থ ছেঁকে বার করে দেয়। ফলে লিভার ভাল থাকে, ত্বক পরিষ্কার হয়, এনার্জি লেভেল বাড়ে এবং সামগ্রিক স্বাস্থ্য ভাল থাকে।

ত্বকের জন্য ভালো

আমলার রসে থাকা ভিটামিন সি কোলাজেন উৎপাদন বাড়ায় এবং অতিবেগুনী রশ্মি থেকে ত্বককে রক্ষা করে। ফলে ত্বক সুস্থ থাকে। চুলের বৃদ্ধি ঘটায় আমলকি চুলের জন্যও উপকারী। আমলকির রস পানে চুলের ফলিকল মজবুত হয়, চুল পড়া কমে এবং চুলের সামগ্রিক গুণমান ও গঠন উন্নত হয়।

মানসিক চাপ কমায় আমলকিতে রয়েছে অ্যাডাপ্টোজেনিক বৈশিষ্ট্য, যা স্ট্রেস কমাতে এবং মানসিক স্থিতি উন্নত করতে সাহায্য করে।

চোখের জন্য ভাল

আমলকি ভিটামিন এ-এর দুর্দান্ত উত। এই ভিটামিন চোখের জন্য খুবই উপকারী। দৃষ্টিশক্তি বাড়াতে সাহায্য করে। নিয়মিত আমলকির রস পানে চোখ সুস্থ থাকে। ম্যাকুলার ডিজেনারেশন এবং ছানি পড়ার ঝুঁকি কমাতে পারে।

আমলকির জুস তৈরি করবেন কী ভাবে? কয়েকটা আমলকি ভাল করে জলে ধুয়ে ছোটো ছোটো টুকরো করে ফেলুন। বীজটা বাদ দিন। মিক্সিতে অল্প জল দিয়ে মিহি করে বেটে নিন আমলকি। এই পেস্টে এক টুকরো আদা এবং পরিমাণমতো মধু দিয়ে আবারও ব্লেন্ড করুন। এবার আমলকির এই মিশ্রণ থেকে রস ছেঁকে নিয়ে পান করুন। এই আর্টিকেলে উল্লিখিত সমস্ত তথ্য পরামর্শস্বরূপ। কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিন।

## সাধের তেলাপিয়া মাছেই লুকিয়ে বিপদ! বিকল হচ্ছে অঙ্গ



"মাছেভাতে বাঙালি"-আর বাঙালির পাতের খুব পরিচিত মাছ তেলাপিয়া। দামও খুব একটা বেশি নয়। তাই মধ্যবিত্তের সংসারের অন্যতম সঙ্গী এই মাছ। বড় আরাম করে তেলাপিয়ার ঝাল-ঝোল খায় বাঙালি। জানলে অবাক হবেন যে, এই সাধের তেলাপিয়া খেয়ে, আপনার শরীরও বিকল হয়ে যেতে পারে। অবাক হলেন তো? হ্যাঁ, এমনই এক অবাক করা ঘটনা ঘটেছে মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন শহরে।

তেলাপিয়া মাছ খেয়ে গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি লরা বারাজাস নামক এক ভদ্রমহিলা। বাজার থেকে সাধ করে তেলাপিয়া মাছ কিনে এনেছিলেন ৪০ বছরের লরা বারাজাস। ওয়াশিংটনের বাসিন্দা তিনি। মাছ দিয়ে অন্যরকমের কিছু বানাতে গিয়ে ঘটে গেল বিপদ। এই মাছ দিয়ে আন্ডার-কুকড একটা প্রিপারেশন (সহজ কথায় বলা যায়, আধসেদ্ধ অবস্থায় ছিল ওই তেলাপিয়া মাছ) তৈরি করেছিলেন তিনি। এরপরই অসুস্থ হয়ে পড়েন। হাত, পা কালো হয়ে যায়। ঠেঁটের নিচেরও এক অবস্থা। এরপর গোটা শরীরে ছড়িয়ে পড়ে সেপসিস। ধীরে-ধীরে বিকল হয়ে যাচ্ছে সমস্ত অঙ্গ। প্রায় এক মাস যাবতকোমায় আচ্ছন্ন অবস্থায় রয়েছেন ওই মহিলা। বাঁচার আশঙ্কা ক্ষীণ। তা-ও শেষ চেষ্টা চালিয়ে যাচ্ছেন চিকিতকরা। একটি লাইফ-সেভিং সার্জারিও হয়েছে। প্রায় কাঁচা এই মাছ খেয়েই এমনটা হয়েছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। কিন্তু কেন? এই ধরেনের মাছ খেলে কী ক্ষতি হয় শরীরের? জানুন

মূলত তেলাপিয়ার মধ্যে থাকা ঘাতক ব্যাকটেরিয়া ভিব্রিও ভালনিফিকাসই যত নষ্টের গোড়া। আমেরিকায় এই ব্যাকটেরিয়ায় উতাত নতুন নয়। বছরে গড়ে ৮০ হাজার মানুষ এই ব্যাকটেরিয়ার কারণে পেটের নানা সমস্যার শিকার হন। সমুদ্রের জলই এই ধরনের বাকটেরিয়ার বাসস্থান। মেক্সিকোর সমুদ্রের যেসব স্থান মূলত গরম থাকে, সেখানে এই ব্যাকটেরিয়াদের আনাগোনা বেশি।

সামুদ্রিক খাবার খেতে পছন্দ করেন অনেকেই। বিভিন্ন সুস্বাদু সি ফুডের লোভে বিভিন্ন রেস্তোরাঁয় ভিড় জমান তাঁরা। এছাড়া বাঙালির অন্যতম প্রিয় ডেস্টিনেশন দীঘা, পুরী গেলে সমুদ্রের পাড়ে বসেও দেদার মাছ ভাজা খেয়ে থাকেন ট্যুরিস্টরা। তবে এই মাছই আপনাকে ঠেলে দিতে পারে মৃত্যুর দিকে। কেন এই ধরনের মাছ খেলে ক্ষতি হয়?

পারদ সংক্রমণ: বর্ষায় সমুদ্রের জলে পারদের মাত্রা বেড়ে যায়। আর এই পারদ প্রবেশ করে মাছের শরীরে। এই মাছ খাওয়ার ফলে শরীরের ক্ষতি হয়। এতে মেজাজের পরিবর্তন হয়, ক্লান্তি আসে ও স্মৃতিশক্তিও হারিয়ে যেতে থাকে।

অ্যালার্জি:

এই ধরনের মাছ খেলে অ্যালার্জির সমস্যাও হতে পারে। বর্ষায় এই সমস্যা আরও চরম আকার ধারণ করে। কারণ বর্ষায় জলে পরজীবীর সংখ্যা বেড়ে যায়, যা মাছের শরীরে বাসা বাঁধে। আর এই মাছ খেলে তা মানুষের শরীরে প্রবেশ করে ডায়ারিয়া, পেট ব্যথা, বমির মতো সমস্যার সৃষ্টি করে।

জল দূষণ:

বর্ষায় দূষণের মাত্রাও বাড়ে। দূষিত পদার্থ খুব সহজেই মাছের শরীরে প্রবেশ করে। যা পরে মানুষের শরীরে প্রবেশ করে পেটের সংক্রমণ ঘটায়।

বাড়ছে ক্যানসারের ঝুঁকি:

সম্প্রতি এক গবেষণায় উঠে এসেছে আরও এক চাঞ্চল্যকর তথ্য। বিজ্ঞানীদের দাবি, এই ধরনের মাছ খেলে হাড়ের ক্ষয় হয় ও বাড়ে ক্যানসারের ঝুঁকি। মার্কিন যুক্তরাষ্ট্রের গবেষকদের মতে, তেলাপিয়া মাছ খেলে ১০ শতাংশ ক্যানসারের ঝুঁকি বেড়ে যায়। তেলাপিয়া মাছের ৭০ শতাংশই আসে চিন থেকে। গবেষকরা জানিয়েছেন, তেলাপিয়া মাছ শুয়োর, মুরগির দেহাবশেষ খেয়ে বড় হয়, যা থেকে তাদের শরীরে বিষক্রিয়া হয়ে যায়। এই প্রতিবেদনটি শুধুমাত্র তথ্যের জন্য, কোনও ওষুধ বা চিকিতা সংক্রান্ত নয়। বিস্তারিত তথ্যের জন্য আপনার চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন।

# ৮৫,০০০ কোটি টাকারও অধিক মূল্যের একাধিক প্রকল্প উৎসর্গ/শিলান্যাস/উদ্বোধন



মালিগাঁও, ১২ মার্চ, ২০২৪: মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১২ মার্চ, ২০২৪ তারিখে ১,০৬,০০০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্প দেশের প্রতি উৎসর্গ করেন এবং শিলান্যাস করেন। আজকের উন্নয়নমূলক প্রকল্পগুলিতে একাধিক খণ্ড আওতাভুক্ত করা হয়েছে, যার মধ্যে রয়েছে রেলওয়ে পরিকাঠামো, যোগাযোগ এবং পেট্রোকেমিক্যাল প্রকল্প। রেলওয়ের জন্য প্রায় ৮৫,০০০ কোটি টাকা মূল্যের প্রায় ৬০০০টি প্রকল্প উৎসর্গ করা হয়েছে। পাশাপাশি তিনি দেশজুড়ে দশটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করেন, যার মধ্যে রয়েছে নিউ জলপাইগুড়ি-পাটনা বন্দে ভারত ট্রেনও।

মাননীয় প্রধানমন্ত্রী দেশবাসীকে সম্বোধন করার সময় বলেন যে, দেশকে “বিকশিত ভারত”-এর দিকে পরিচালিত করার জন্য বর্তমান সরকার রেলওয়ের উন্নয়নকে শীর্ষ অগ্রাধিকার দিয়েছে। প্রধানমন্ত্রী বলেন যে, ২০১৪ সালের পূর্বে উত্তর পূর্বাঞ্চলের ৬টি রাজধানীর কোনও রেলওয়ে সংযোগ ছিল না এবং ১০,০০০-এর অধিক কর্মীহীন রেলওয়ে ক্রসিং ছিল এবং শুধুমাত্র ৩৫ শতাংশ রেলওয়ে লাইন বৈদ্যুতিকীকরণ ছিল, যার এখন পরিবর্তন ঘটেছে। তিনি উল্লেখ করেন যে রেলওয়ের ভূ-সৌন্দর্যের রূপান্তর করা হয়েছে, দ্রুতগতিতে রেলওয়ে ট্র্যাক স্থাপন করা হয়েছে, দেশজুড়ে ছড়িয়ে থাকা ১৩০০-এর অধিক রেলওয়ের স্টেশনের পুনঃ উন্নয়ন করা হয়েছে, বন্দে ভারত, নমো ভারতের মতো পরবর্তী প্রজন্মের ট্রেনের সূচনা করার পাশাপাশি অমৃত ভারত স্টেশন স্কিমের মাধ্যমে দেশের মধ্যে রেলওয়ে পরিকাঠামোর আধুনিকীকরণ করা হয়েছে। এখন বন্দে ভারত নেটওয়ার্ক দেশের ২৫০টি জেলা স্পর্শ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী আজ পণ্যবাহী ট্রেনের দ্রুতগতি এবং বাধাহীন চলাচলের জন্য প্রায় ৬০০ কিলোমিটার পণ্য করিডোরের উদ্বোধন করেন। তিনি বলেন যে দেশ এখন ১০০ শতাংশ বৈদ্যুতিকীকরণের দিকে ছুটে চলেছে, এর ফলে ফসিল ফুয়েল পাওয়ারের উপর নির্ভরশীলতা কমেছে, যা যাত্রী ও পণ্য পরিবহণের ব্যয় হ্রাস করছে এবং গতি বৃদ্ধি করছে।প্রধানমন্ত্রী আরও বলেন যে, ভারতীয় রেলওয়ে “আত্মনির্ভর ভারত এবং ভোকাল ফর লোকাল” হয়ে উঠছে, এবং দেশের বিশ্বকর্মাদের দ্বারা উৎপাদিত সামগ্রীগুলি, হস্তশিল্পী পুরুষ ও মহিলা আত্ম-সহায়ক গোষ্ঠীর মাধ্যমে এখন ‘ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট’ স্কিমের অধীনে রেলওয়ে স্টেশনগুলিতে বিক্রি করা হচ্ছে, ইতিমধ্যে এই স্কিমের অধীনে বিভিন্ন স্টেশনে ১৫০০টি স্টল খোলা হয়েছে।

আমাদের প্রধানমন্ত্রীর দ্বারা নিউ জলপাইগুড়ি-পাটনা-নিউ জলপাইগুড়ি (২২২৩৩/২২২৩৪) বন্দে ভারত এক্সপ্রেসের সূচনা করা হয়েছে এবং এর নিয়মিত পরিষেবা ১৪ মার্চ, ২০২৪ তথা বৃহস্পতিবার উভয় দিক থেকে শুরু হবে। এই ট্রেনগুলি সপ্তাহে ছয়দিন চলাচল করবে (মঙ্গলবার ব্যতীত) এবং নিজেদের গন্তব্যস্থলে পৌঁছনোর জন্য উভয় দিক থেকে কিষানগঞ্জ, কাটিহার, নৌগাছিয়া, খাগারিয়া জং., বেগুসরাই ও পাটনা সাহিবে স্টপেজ দিবে। এই নতুন ট্রেন পরিষেবা নিউ জলপাইগুড়ি ও পাটনা জং.-এর মধ্যে বর্তমান পরিষেবার তুলনায় এক ঘণ্টারও অধিক যাত্রার সময় হ্রাস করবে।

মাননীয় প্রধানমন্ত্রী উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে অধিক্ষেত্রের অধীনে ১৭২টি রেলওয়ে প্রকল্পের উদ্বোধন করেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে ১৩৩টি ওয়ান স্টেশন ওয়ান প্রোডাক্ট আউটলেট, ১৫টি রেল কোচ রেস্টুরেন্ট, ০৪টি জন ঔষুধী কেন্দ্র, ১৩টি গুডস শেড, ০৩টি ডাবল লাইন, গতি শক্তি মাল্টি মোডাল কার্গো টার্মিনাল পলিসির অধীনে ০২টি গুডস কার্গো টার্মিনাল এবং ০১টি অতিরিক্ত পিট লাইনের ব্যবস্থা।

যে সমস্ত উন্নয়নমূল কাজ গ্রহণ করা হয়েছে সেগুলি উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে জোনের মধ্যে রেলওয়েকে উন্নত পরিকাঠামো প্রদান করবে। এর ফলে, পর্যটন, কর্মসংস্থান বৃদ্ধি পাবে এবং এই অঞ্চলের আর্থ-সামাজিক ক্ষেত্রটির বৃহৎ উত্থান ঘটবে।

## রঞ্জি ফাইনালে শতরান, সচিনের ৩০ বছর আগের রেকর্ড ভাঙলেন মুশির খান

মুম্বই, ১২ মার্চ (হি.স.): মঙ্গলবার রঞ্জি ট্রফির ফাইনালে শতরান করে রেকর্ড গড়লেন সরফরাজের ভাই মুম্বইয়ের মুশির খান। তিনি ভেঙে দিলেন সচিন তেন্ডুলকরের ৩০ বছরের পুরনো রেকর্ড। এদিন রঞ্জি ফাইনালে বিদর্ভের বিরুদ্ধে দ্বিতীয় ইনিংসে শতরান করেছেন মুশির। মুম্বইয়ের ক্রিকেটারদের মধ্যে সব থেকে অল্প বয়সে রঞ্জি ফাইনালে শতরান করেছেন তিনি।

উল্লেখ্য, ১৯৯৪-৯৫ সালে রঞ্জি ট্রফি ফাইনালে পঞ্জাবের বিরুদ্ধে সচিনের শতরানটাই ছিল এতদিন পর্যন্ত মুম্বইয়ের হয়ে সব থেকে অল্প বয়সে করা কোনও ব্যাটারের শতরান ছিল। ৩০ বছর পর সেই রেকর্ড ভাঙলেন ভারতের হয়ে অনূর্ধ-১৯ বিশ্বকাপে খেলা তারকা মুশির খান।

## দলিতের সঙ্গে মেয়ের প্রণয়ে আপত্তি, প্রেমিকের হাতে খুন প্রেমিকার বাবা

বাগালকোট, ১২ মার্চ (হি.স.): এক দলিত যুবকের সঙ্গে প্রণয়ের সম্পর্ক ছিল মেয়ের। তাতে প্রবল আপত্তি জানায় বাবা। আর সেই আপত্তিই মৃত্যুর কারণ হয়ে দাঁড়ালো বছর ৫২-র ওই প্রৌঢ়ের জীবনে। মঙ্গলবার সকালে ধারালো অস্ত্র দিয়ে প্রেমিকার বাবাকে কুপিয়ে খুনের অভিযোগ ওঠে ওই দলিত যুবকের বিরুদ্ধে। কর্ণাটকের বাগালকোট জেলার ভগবতি গ্রামের ঘটনা। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তুমুল শোরগোল পড়ে গিয়েছে।

পুলিশ সূত্রে খবর, দলিত যুবক প্রবীণ কাম্বলের সঙ্গে ওই প্রৌঢ়ের মেয়ের প্রেমের সম্পর্ক ছিল। তা কখনওই মেনে নিতে পারেননি ওই প্রৌঢ়। বারংবার মেয়েকে বাধা দিয়েছেন। জানা গেছে, দিনকয়েক আগে প্রেমিকার সঙ্গে দেখা করেন ওই যুবক। তা জানতে পেরে যুবকের সঙ্গে অশান্তি হয় মেয়েটির বাবার। এরপর ওই যুবকের সঙ্গে সম্পর্ক রাখতে অস্বীকার করেন মেয়েটি। প্রেমিকা যোগাযোগ ছিন্ন করায় রাগের বশে প্রৌঢ়ের ওপর হামলার ছক কষে যুবক। অভিযোগ, ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করা হয়েছে বছর বাহান্নর প্রৌঢ়কে। ঘটনার পর থেকেই নিখোঁজ অভিযুক্ত। অভিযুক্তের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।

## মুম্বইয়ের বোরিভালি পশ্চিমে বহুতলের স্ক্যাফোল্ডিং ভেঙে মৃত্যু ৩ জনের, গুরুতর আহত একজন

মুম্বই, ১২ মার্চ (হি.স.): মুম্বইয়ের বোরিভালি পশ্চিমে বহুতলের স্ক্যাফোল্ডিং ভেঙে মৃত্যু ৩ জনের। এই দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন একজন। মঙ্গলবার মুম্বইয়ের বোরিভালি পশ্চিমে ১৬-তলা বিল্ডিংয়ে স্ক্যাফোল্ডিং (নির্মাণ কাজের জন্য তৈরি অস্থায়ী কাঠামো) ভেঙে পড়ে। হাসপাতালে নিয়ে যাওয়া হলে ৩ শ্রমিককে মৃত বলে ঘোষণা করা হয়।একজন গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন।

পুলিশ জানিয়েছে, মঙ্গলবার দুপুর একটা নাগাদ সোনি ওয়াড়ি এলাকার কল্পনা চাওলা চকে এই ঘটনা ঘটে। একটি ২৪-তলা নির্মীয়মান ভবনের ১৬ তলা থেকে ভারা (স্ক্যাফোল্ডিং) ভেঙে পড়ে, যার ফলে চারজন শ্রমিক গুরুতর আহত হন। তাদের কান্দিভালির শতাব্দী হাসপাতালে নিয়ে যাওয়া হয়, যেখানে তাদের মধ্যে তিনজনকে মৃত ঘোষণা করা হয় এবং চতুর্থ আহতের অবস্থা আশঙ্কাজনক।’

## ঋষভ পন্থ সুস্থ, খেলতে পারবে আইপিএলে: বোর্ড

মুম্বই, ১২ মার্চ (হি.স.): মঙ্গলবার ভারতীয় ক্রিকেট বোর্ডের তরফে জানিয়ে দেওয়া হল, ”১৪ মাসের রিহ্যাবের পর সুস্থ হয়ে উঠেছেন ঋষভ পন্থ। ২০২২ সালের ৩০ ডিসেম্বর গাড়ি দুর্ঘটনায় পর তাঁর প্রাণসংশয় হয়েছিল। এখন তিনি সুস্থ এবং আইপিএলে খেলতে পারবেন।”

# প্রতিরক্ষা প্রয়োজনে ভারতের আত্মনির্ভরশীল হওয়াও সেনাবাহিনীর প্রতি আস্থার গ্যারান্টি : প্রধানমন্ত্রী

পোখরান, ১২ মার্চ (হি.স.) : প্রতিরক্ষা প্রয়োজনে ভারতের আত্মনির্ভরশীল হওয়াও সেনাবাহিনীর প্রতি আস্থার গ্যারান্টি। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেছেন, ’যুদ্ধের সময় যখন সেনাবাহিনী জানতে পারবেন, যে তাঁরা যে অস্ত্রগুলি ব্যবহার করছেন তা তাঁদের নিজস্ব এবং কখনও কম পড়বে না, তখন সেনাবাহিনীর শক্তিও বহুগুণ বেড়ে যায়।’ প্রধানমন্ত্রী মোদী মঙ্গলবার রাজস্থানের জয়সলমেরে পোখরান ফিল্ড ফায়ারিং রেঞ্জে ””ভারত শক্তি”” অনুশীলন প্রত্যক্ষ করেছেন।

পরে সেনাবাহিনীর আধিকারিক ও জওয়ানদের উপস্থিতিতে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, ’গত ১০ বছরে, ভারত নিজস্ব ফাইটার এয়ারক্রাফ তৈরি করেছে। ভারত নিজস্ব এয়ারক্রাফ ক্যারিয়ার তৈরি করেছে, সি২৯৫ পরিবহন বিমান ভারতে তৈরি হচ্ছে। আধুনিক ইঞ্জিনও ভারতে তৈরি হতে চলেছে। কিছু দিন আগে মন্ত্রিসভা আরেকটি বড় সিদ্ধান্ত নিয়েছে, এখন আমরা ভারতেই পঞ্চম প্রজন্মের ফাইটার এয়ারক্রাফট ডিজাইন, ডেভেলপ ও তৈরি করতে যাচ্ছি।’ প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, ’আগামী বছরগুলিতে আমরা যখন বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তি হয়ে উঠব, ভারতের সামরিক সক্ষমতাও নতুন উচ্চতায় পৌঁছে যাবে। আর ভারতকে তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তিতে পরিণত করতে বড় ভূমিকা রাখতে চলেছে রাজস্থান। একটি উন্নত রাজস্থানও একটি উন্নত সেনাবাহিনীকে সমান শক্তি দেবে।’

# ফের প্রকাশ্যে বিদ্রোহের হুমকি তৃণমূলের হুমায়ুন কবীরের

মুর্শিদাবাদ, ১২ মার্চ (হি.স.) : ’রাজনীতিতে শেষ বলে কিছু হয় না । সম্ভাবনাময় শিল্পের নাম রাজনীতি। নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনের দিন ঘোষণা করলে, বিশেষত বহরমপুর লোকসভা কেন্দ্রে ভোটের দিন জানালে, আমি আমার সিদ্ধান্তের কথা জানাব’। মঙ্গলবার সকালে একটি ভিডিয়ো বার্তায় এ কথা বললেন ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। রবিবার ব্রিগেডে জনগর্জন মঞ্চ থেকে লোকসভা নির্বাচনের প্রার্থীতালিকায় বহরমপুর লোকসভা কেন্দ্রে প্রাক্তন ক্রিকেটার ইউসুফ পাঠানকে টিকিট দেওয়া হয়েছে। তালিকায় নাম নেই তৃণমূল বিধায়ক হুমায়ুনের। এমনিতেই হুমায়ুন কবীর বরাবরই বিদ্রোহী বিধায়ক বলে পরিচিত বহরমপুর লোকসভা কেন্দ্রে নির্দল প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করার ইঙ্গিতও দিয়েছেন । এদিনের ভিডিয়ো বার্তায় তিনি স্পষ্ট বলেন, ’বহরমপুরের মতো জায়গায় অধীর চৌধুরীর রাজনৈতিক দূরদর্শিতা, তাঁর অনুগামী, তিনি ১৯৯৯ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত পাঁচ-পাঁচবারের সাংসদ নির্বাচিত হয়েছেন । আমার ব্যক্তিগত অভিজ্ঞতা, অন্য রাজ্য থেকে খেলোয়াড় এনে বা কলকাতা থেকে গায়ক এনে অধীর চৌধুরীকে যে পরাস্ত করা যাবে না, সেটা এর আগে প্রমাণিত। এটার অন্যরকম প্রতিক্রিয়াও ভোটারদের মনে হচ্ছে, হবে। যাঁরা ইউসুফকে প্রার্থী করেছেন, তাঁরাই এর সঠিক মূল্যায়ণ করতে পারবেন। ভোটাররা কী ভাবছেন, তা এখনও বলার সময় আসেনি।’ভিডিয়ো বার্তায় বর্তমান জেলা তৃণমূলের বিরুদ্ধে ক্ষোভ শোনা যায় হুমায়ুনের গলায় । তিনি বলেন, ’তৃণমূলের প্রতিষ্ঠা দিবসে মুর্শিদাবাদের যে সব তৃণমূল নেতারা ছিলেন, সেই সব নেতাদের অনেকেই এখন নেই। আবার কেউ কেউ থেকেও নেই। তাঁদের কোনও অস্তিত্ব তৃণমূলের কোনও জায়গায় নেই। হুমায়ুন বলেন, “এখনও নির্বাচন কমিশন আনুষ্ঠানিকভাবে দিন ঘোষণা করেনি । তারা দিন জানালেই, বিশেষ করে বহরমপুরের দিন ঘোষণা করলে আমার সিদ্ধান্ত জানাব ।’ আগামী দিনে মুর্শিদাবাদে তৃণমূলের মানচিত্র নিয়ে তৃণমূল বিধায়কের গলায় স্বভাবতই হতাশা ঝরে পড়ে । বহরমপুর লোকসভা কেন্দ্র নিয়ে হুমায়ুন কবীর বলেন, ’বহরমপুর লোকসভায় সাতটি বিধানসভা রয়েছে। বহরমপুর বিজেপির। বড়ঞাঁর বিধায়ক জেলে রয়েছেন। বাকি আমাদের পাঁচজনকে অন্ধকারে রেখে প্রার্থী নির্বাচিত করা হয়েছে। রাজ্যের বাইরে থেকে প্রার্থী আনার দরকার হল কেন?’

এর আগে পঞ্চায়েত নির্বাচনের সময়ও বেঁকে বসেছিলেন হুমায়ুন কবীর। তখন বলেছিলেন, ’দলে থেকে গুরুত্ব পাচ্ছি না। লোকসভা ভোটে আলাদা দল করে লড়ব।’ ২০২৪ সালের লোকসভা নির্বাচনের আগে তিনি ইঙ্গিত নির্দল প্রার্থী হিসেবে প্রার্থী হওয়ার ইঙ্গিত দিলেন।

# অর্জুনের দেওয়ালে মমতা, অভিষেকের ছবি সরিয়ে মোদীর শুভেচ্ছাবার্তার ছবি

উত্তর ২৪ পরগনা, ১২ মার্চ (হি.স.) : তিনি যে আর তৃণমূলে থাকতে চান না, তা স্পষ্ট ভাবে না বললেও হাবেভাবে তেমনই ইঙ্গিত দিয়েছেন অর্জুন সিং। মমতা ও অভিষেকে বন্দ্যোপাধ্যায়ের ছবি সরিয়ে সেখানে মোদীর স্বাক্ষর করা শুভেচ্ছাবার্তার ছবি আসায় অর্জুনেবাবুর বিজেপি যোগের জল্পনা আরও বৃদ্ধি পেল।

ব্যারাকপুরের সাংসদকে এ ব্যাপারে প্রশ্ন করা হয়েছিল, তবে কি তৃণমূল ছাড়ছেন? জবাবে তিনি বলেন, “দলে এখন আমি অবাঞ্ছিত (আনওয়ান্টেড)। আমার কোনও চাহিদা ছিল না। কিন্তু আমার দেড় বছর নষ্ট করা হল।”

ব্যারাকপুর লোকসভা কেন্দ্রে তৃণমূলের টিকিট না পেয়েই ‘বিদ্রোহ’ ঘোষণা করেছেন বিদায়ী সাংসদ অর্জুন সিং। ঘটনাচক্রে, মঙ্গলবার সকালেই তাঁর দফতর থেকে তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি সরানো হয়েছে। আর দুপুরে দেখা গেল, সেই জায়গা দখল করল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সই করা ছবি। অর্জুন -ঘনিষ্ঠ অনেকে জানিয়েছেন, ওই ছবিটি আসলে একটি শুভেচ্ছাবার্তা। সাংসদকে পাঠিয়েছিলেন প্রধানমন্ত্রী। তা হলে কি অর্জুনবাবু পদ্মশিবিরের যোগ দিচ্ছেন? এ ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি বলেন, “কিছু দিনের মধ্যেই জানতে পারবেন আমি আছি, না নেই। আমার ‘ডেথ ওয়ারেন্ট’-এ সই করে দেওয়া হয়েছে।” এই জল্পনার মাঝেই তাঁর এবং বঙ্গ বিজেপির ভাবনা স্পষ্ট করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি জানান, দিল্লি ঠিক করবে।

# টোটো-ডাম্পার সংঘর্ষে মৃত শিশু-সহ ৭

হুগলি, ১২ মার্চ (হি.স.) : মঙ্গলবার গুড়াপের কংসারিপুর মোড়ে একটি টোটোতে ধাক্কা মারে একটি ডাম্পার। ঘটনায় মৃত্যু হয় শিশু-সহ ৭ জনের। এই দুর্ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায় এলাকায়। বিক্ষোভ দেখান সেখানকার বাসিন্দারা। ঘটনাস্থলে যায় গুড়াপ থানার পুলিশ।

মঙ্গলবার সকাল সাড়ে ৯ টা নাগাদ দুর্ঘটনাটি ঘটে গুড়াপের কংসারিপুর মোড়ের ১৯ নম্বর জাতীয় সড়কের কাছে। ওই রাস্তা দিয়ে যাওয়ার সময় বর্ধমানমুখী একটি ডাম্পার ধাক্কা মারে টোটোটিকে। স্থানীয় ও পুলিশ সূত্রে খবর, যাত্রী সমেত টোটোটি ঢুকে যায় ডাম্পারের নিচে। সঙ্গে সঙ্গে ছুটে আসেন স্থানীয় মানুষজন। খবর পেয়ে দ্রুত পৌঁছয় পুলিশ। ডাম্পারের নিচে থেকে যাত্রীদের উদ্ধারে হাত লাগান স্থানীয়রাও। অচৈতন্য অবস্থায় ডাম্পারের নিচ থেকে মোট ৭ জনকে উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। চিকিৎসকরা তখনই ৫ জনকে মৃত বলে ঘোষণা করেন। পরে মৃত্যু হয় টোটো চালক-সহ আরও ১ জনের।

এদিন রামেশ্বরপুর থেকে যাত্রী নিয়ে আসছিলেন টোটো চালক সৌমেন ঘোষ (২৩)। তাঁর বাড়ি গুড়াপ থানার ভোতর এলাকায়। টোটোতে ছিলেন বিদ্যুৎ বেরা (২৯), প্রীতি বেরা (২২) ও তাঁদের বছর দুয়ের ছেলে বিহান বেরা। তাঁরা দাদপুর থানার বক্কেশর এলাকার বাসিন্দা ছিলেন।

এছাড়াও টোটোতে ছিলেন আরেক দম্পতি রামপ্রসাদ দাস (৬২) ও নূপুর দাস (৫০)। তাঁদের বাড়ি পাণ্ডুয়ার রামেশ্বরপুরে। এই ঘটনায় সকলেই প্রাণ হারিয়েছেন। মৃত্যু হয় সেসময় টোটোতে থাকা বছর কুড়ির তরুণী সৃজা ভট্টাচার্য্যেরও। তাঁর বাড়ি হুগলির ভাসতারা এলাকায়। ঘটনার পরই উত্তেজনা ছড়ায় এলাকায়। বিক্ষোভ দেখাতে শুরু করেন স্থানীয় বাসিন্দারা। দুর্ঘটনার পরই গ্রেফতার করা হয় ওই ডাম্পার চালককে। হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশিষ সেন এ খবর জানিয়ে বলেন, “ডাম্পারে কোনও খালাসি ছিল না বলে স্থানীয়রা অভিযোগ জানিয়েছেন।”

## টেট-এ প্রশ্নে ‘ভুল’, পর্ষদকে স্থায়ী সমাধান করতে বললেন বিচারপতি

কলকাতা, ১২ মার্চ (হি.স.) : ২০২২ সালের টেটে প্রশ্ন ভুলের অভিযোগে মামলা দায়ের কলকাতা হাই কোর্টে। আদালতের দ্বারস্থ হলেন মৌসোনা মিত্র-সহ ৫০০ জন পরীক্ষার্থী।

তাঁদের দাবি, ২০২২ সালের টেটে ১৫টি প্রশ্ন নিয়ে বিভ্রান্তি রয়েছে। ওই পরীক্ষার কয়েকটি প্রশ্ন ভুলও ছিল। প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছে বক্তব্য জানতে চান বিচারপতি রাজাশেখর মান্থা।

তাঁর মন্তব্য, প্রশ্ন ভুল নিয়ে কোনও স্থায়ী সমাধান বার করতে হবে পর্ষদকে। তারা কী পদক্ষেপ করবে, পরবর্তী শুনানিতে তা আদালতকে জানাতে হবে। নয়তো আদালতই নীতি নির্ধারণ করবে। আগামী ২০ মার্চ এই মামলার পরবর্তী শুনানি।

আবেদনকারীদের আইনজীবী বিক্রম বন্দ্যোপাধ্যায়ের দাবি, রাজ্য সরকার নিয়োগ নিয়ে জটিলতা বৃদ্ধির জন্য প্রশ্ন ভুল করে। এর আগে ২০১৪ সাল, ২০১৭ সালের টেটে প্রশ্ন ভুল করা হয়েছিল। ২০২২ সালের টেটেও তা-ই করা হয়েছে। আদালতের পর্যবেক্ষণ, প্রশ্ন ভুল হলে কোন ক্ষেত্রে কাদের নম্বর দেওয়া হবে, কাদের দেওয়া হবে না, সেই নিয়ে পর্ষদকে নীতি নির্ধারণ করতে হবে। তারা না পারলে আদালতই সেই নীতি নির্ধারণ করবে।

## মরিশাসে সম্মানিত দ্রৌপদী মুর্মু, ডক্টর অফ সিভিল ল-র সম্মানসূচক ডিগ্রি পেলেন রাষ্ট্রপতি

মোকা, ১২ মার্চ (হি.স.) : মরিশাসে সম্মানিত হলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মঙ্গলবার রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে ডক্টর অফ সিভিল ল-র সম্মানসূচক ডিগ্রি প্রদান করা হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে মরিশাস বিশ্ববিদ্যালয় কর্তৃক ডক্টর অফ সিভিল ল-র সম্মানসূচক ডিগ্রি প্রদান করা হয়েছে।

এদিন মরিশাসের মোকায় মহাত্মা গান্ধী ইনস্টিটিউট সমাবেশে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী মোদী। তিনি বলেছেন, ’মরিশাসে আমার আগমনের পর থেকে আমি যে হৃদয়স্পর্শী স্নেহ এবং উষ্ণ অভ্যর্থনা পেয়েছি তাতে আমি অভিভূত। এই আপ্যায়ন ভারত-মরিশাস সম্পর্কের স্থায়ী শক্তি প্রদর্শন করে।’ রাষ্ট্রপতি মুর্মু আরও বলেছেন, ’মরিশাস ইউনিভার্সিটি থেকে ডক্টর অফ সিভিল ল-র সম্মানসূচক ডিগ্রি পেয়ে আমি বিশেষভাবে সম্মানিত বোধ করছি। আমি আশা করছি, এটি সমস্ত তরুণদের, বিশেষ করে যুবতীদের, তাদের অনন্য আবেগ আবিষ্কার করতে এবং তাদের স্বপ্নগুলি অনুসরণ করতে অনুপ্রাণিত করবে।’

## সিএএ কার্যকরের প্রেক্ষিতে দিল্লি ফ্ল্যাগ মার্চ পুলিশের, শান্তি কমিটির বৈঠক আয়োজিত

নয়াদিল্লি, ১২ মার্চ (হি.স.) : সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ) কার্যকর হতেই রাজধানী দিল্লিতে ফ্ল্যাগমার্চ শুরু করল দিল্লি পুলিশ ও কেন্দ্রীয় আধাসামরিক বাহিনী। মঙ্গলবার দিল্লির জগৎ পুরী ও খুরেজি খাস এলাকায় ফ্ল্যাগমার্চ করে দিল্লি পুলিশ ও কেন্দ্রীয় আধাসামরিক বাহিনী, শান্তির পরিবেশ বজায় রাখতেই এদিন ফ্ল্যাগমার্গ করেছে পুলিশ। ডিসিপি শাহদারা বিষ্ণু শর্মা বলেছেন, ’গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সিএএ-র নিয়মগুলি অবহিত করেছে। শান্তি কমিটির বৈঠকের আয়োজন করা হয়েছে এবং বলা হয়েছে যে এই আইন থেকে

## দরখাস্ত করলেই এতদিনকার নাগরিকত্ব বাতিল, হুঁশিয়ারি মমতার

উত্তর ২৪ পরগনা, ১২ মার্চ (হি.স.): ”যেই সিএএ পোর্টালে দরখাস্ত করবেন, তখনই আপনাদের এতদিনকার নাগরিকত্ব বাতিল হবে।” বরাবরের মতো এবারও সিএএ বিরোধিতায় সুর একেবারে সপ্তমে চড়ালেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

সিএএ কার্যকর হওয়ার পর দেশজুড়ে তোলপাড় শুরু হয়েছ। মামলা গড়িয়েছে সুপ্রিম কোর্টের দোরগোড়ায়। এই পরিস্থিতিতে তাঁর সাবধানবাণী, “দরখাস্ত করলে এতদিন যে সুযোগ সুবিধা পেতেন, তা বাদ হয়ে যাবে। তাই দরখাস্ত করার আগে ভালো করে ভেবে দেখবেন।” হাবড়ার সভা থেকে তিনি বললেন, ”এর কোনও ভিত্তি নেই, স্বচ্ছতা নেই। ভোটের আগে যুদ্ধ-যুদ্ধ খেলা। জেনে রাখবেন, এর সঙ্গে এনআরসি যুক্ত আছে। পরের ধাপ এনআরসি। ”

মুখ্যমন্ত্রীর বক্তব্য, এটা পুরোপুরি ভাঁওতা, জুমলা। আগে আপনাদের নাগরিকত্ব কেড়ে নেবে। তার পর সিএএ-র মাধ্যমে নাগরিকত্ব ফিরিয়ে দেওয়ার প্রক্রিয়া চলবে। কিন্তু সেই অধিকার আবার ফিরে পাবেন কিনা, তার নিশ্চয়তা নেই।”

মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখে বার বার শোনা গেল সিএএ-র ‘বিপদ’। বেশ কিছু প্রশ্ন তুলে তিনি বলেন, যাঁরা এতদিন নাগরিক ছিলেন, তাঁরাই হয়ে যাবেন অনুপ্রবেশকারী। আপনাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হবেন। আপনাদের জায়গা হবে ডিটেনশন ক্যাম্পে।

তিনি বলেন, আমি থাকতে রাজ্যে কোনও ডিটেনশন ক্যাম্প হতে দেব না এখানে। জীবন দিয়ে দেব, তবু কারও নাগরিকত্বের অধিকার কাড়তে দেব না। কেউ বঞ্চিত হলে আমরা আশ্রয় দেব। এই আইন কার্যকর করার কোনও পদ্ধতি বিজ্ঞপ্তিতে বলা নেই।

তিনি বলেন, “আমি বলি, এই আইন অসাংবিধানিক এবং বিভেদকামী। নইলে কেন তিন প্রতিবেশী রাজ্যের শুধু হিন্দুদের আশ্রয় দেওয়ার কথা বলা হচ্ছে?”

বঙ্গবাসীকে আশ্বস্ত করে মমতার আরও বার্তা, ”আপনাদের ভয় পাওয়ার দরকার নেই। আপনারা বহাল তবিয়তে বাংলায় থাকুন। কারও কিচ্ছু হবে না। কারও কিছু হলে আমরা আপনাদের আশ্রয় দেব। আইনটা সরিয়ে ফেলুন। আগামী দিনে সাবধানে থাকতে হবে।”

## কলকাতা মেডিক্যাল কলেজে ক্যানসার ভবনের উদ্বোধনে মমতা বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১২ মার্চ (হি.স.): পশ্চিমবঙ্গে একাধিক মেডিক্যাল কলেজে চালু হতে চলেছে আঞ্চলিক ক্যানসার নিরাময় কেন্দ্র। মঙ্গলবার কলকাতা মেডিক্যাল কলেজে খুলল ক্যানসার ভবন। দুপুরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হাবড়া থেকে ভার্চুয়ালি উদ্বোধন করলেন চিকিৎসাকেন্দ্রের।

কলকাতা মেডিক্যালের মূল ভবন ও অধ্যক্ষ অফিসের মাঝামাঝি জায়গায় তৈরি হয়েছে এই সাততলা ক্যানসার ভবন। ১০৯ শয্যার ওই ক্যানসার চিকিৎসা কেন্দ্র উদ্বোধনের পরেই চালু করে দেওয়া হয়েছে বলে দাবি করেছেন হাসপাতাল কর্তৃপক্ষ। তাঁরা জানিয়েছেন, ক্যানসার বিভাগ, আউটডোর, ইনডোর চলছিল আগে থেকেই। বিভাগীয় চিকিৎসক ও কর্মীরা কাজ শুরু করেছিলেন। এবার আনুষ্ঠানিকভাবে সাততলা ভবনটির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

দুয়ারে ক্যানসার চিকিৎসা! এমনই মনোভাব নিয়ে এগোচ্ছে রাজ্যসরকার ও স্বাস্থ্য দফতর। ক্যানসার আক্রান্ত রোগীকে চিকিৎসা দিতে একাধিক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে খবর। ইতিমধ্যেই জেলায় জেলায় চালু হয়েছে ক্যানসার চিকিৎসার বহির্বিভাগ। কেমোথেরাপিও জেলা হাসপাতালে বসেই নিতে পারবেন রোগীরা। কলকাতা মেডিক্যালের চিকিৎসকরা বলছেন, এই রিজিওনাল ক্যানসার সেন্টারে আধুনিক চিকিৎসার ব্যবস্থা থাকছে। রেডিওথেরাপি, কেমোথেরাপি দেওয়ার সবরকম ব্যবস্থা থাকবে।

## পেট্রোল-ডিজেলের দাম স্থিতিশীল, অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৩ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ১২ মার্চ (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ৮৩ ডলার এবং ডব্লিউটিআই ক্রুড প্রায় ৭৯ প্রতি ব্যারেল। সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি মঙ্গলবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৬.৭২ টাকা, ডিজেল ৮৯.৬২ টাকা, মুম্বাইতে পেট্রোল ১০৬.৩১ টাকা, ডিজেল ৯৪.২৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৬.০৩ টাকা, ডিজেল ৯২.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০২.৬৩ টাকা, ডিজেল ৯৪.২৪ টাকা প্রতি লিটার। আন্তর্জাতিক বাজারে সপ্তাহের দ্বিতীয় দিনে ব্র্যান্ডেড ক্রুড প্রথম বাণিজ্যে ০.২৪ ডলার বা ০.২৯ শতাংশ বৃদ্ধির সাথে ব্যারেল প্রতি ৮২.৪৫ ডলারে ঘোরাফেরা করছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অশোধিত তেল ব্যারেল প্রতি ০.১৮ ডলার বা ০.২৩ শতাংশ বৃদ্ধির হয়ে ৭৮.১০ ডলারে লেনদেন করছে।

## উইলিয়ামসনকে পিছনে ফেলে মাসের সেরা জয়সওয়াল

দুবাই, ১২ মার্চ (হি.স.): ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজটা স্বপ্নের মতো কাটানোর পুরস্কার পেলেন ভারতের তরুণ ওপেনার যশস্বী জয়সওয়াল। আইসিসি-র ফেব্রুয়ারি মাসের সেরা খেলোয়াড় নির্বাচিত হলেন তিনি।

মঙ্গলবার ফেব্রুয়ারি মাসের সেরা খেলোয়াড়ের নাম প্রকাশ করেছে আইসিসি। যশস্বী নিউজিল্যান্ডের সেরা তারকা কেন উইলিয়ামসন এবং শ্রীলঙ্কার ওপেনার পাতুম নিশাঙ্কাকে পিছনে ফেলে এই পুরস্কার জিতলেন।জয়সওয়াল বলেছেন, ”আইসিসির পুরস্কার জিতে আমি সত্যিই অনেক খুশি এবং আশা করি ভবিষ্যতে আরও অনেকবার পুরস্কার জিতব আমি।”

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

কেন্দ্রের উদ্দেশ্য। বিদ্যা সমীক্ষা কেন্দ্র প্রকৃতপক্ষে শিক্ষা দপ্তরের কমান্ড ও কন্টোল সেন্টারের মতো কাজ করবে। কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের বিভিন্ন শিক্ষাগত উন্নয়নমূলক প্রকল্পগুলির রূপায়ণের ক্ষেত্রে কি কি প্রতিবন্ধকতা রয়েছে সেগুলি বিদ্যা সমীক্ষা কেন্দ্রের মাধ্যমে সুস্পষ্টভাবে জানা সম্ভব হবে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বুনিয়াদি শিক্ষা অধিকর্তা স্মিতা মল এবং সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা এন সি শর্মা। বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন ছাড়াও মুখ্যমন্ত্রী এদিন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ট্যাব বিতরণ কর্মসূচির শুভ সূচনা করেন। প্রতীকি স্বরূপ অনুষ্ঠানমঞ্চে ২ জন প্রাথমিক শিক্ষক ও ৩টি পিএম-শ্রী বিদ্যালয়ের প্রধানদের হাতে ট্যাব তুলে দেন মুখ্যমন্ত্রী।

## এসবিআই

● প্রথম পাতার পর

এসবিআই-এর চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টরকে একটি হলফনামা জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

## রক্ষীরা

● প্রথম পাতার পর

জি এম হাসপাতালে কর্মরত সিকিউরিটি গার্ডরা ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তায় ভুগছেন।

সিকিউরিটি গার্ডরা আই জি এম হাসপাতালে সুপারেনটেন্ডের সাথে সাক্ষাৎ করে কথা বলে অনুরোধ করেন বিষয়টা দেখার জন্য। তিনি আশ্বাস দেন এই বিষয়টা তিনি দেখবেন। সিকিউরিটি গার্ডদের বক্তব্য একজন কর্মীকে ছাটাই করার জন্য এক মাস আগে বলতে হয়। কিন্তু তাদের এভাবে না বলে গত ছয় মার্চ জানিয়ে দেওয়া হয় চাকুরি শেষ হয়ে যাবে আগামী ১৩ মার্চ। তারপর তাদের মাথায় আকাশ ভেঙ্গে পড়ে বলে জানান অসহায় সিকিউরিটি গার্ডরা।

উল্লেখ্য, বিগত কয়েক বছরে আইজিএম হাসপাতালের সিকিউরিটি গার্ডরা সুনাম অর্জন করতে পারেনি। বরং রোগীর পরিবার পরিজনদের মারধর করে দুর্নাম হয়েছে। বিভিন্ন সময় তাদের বিরুদ্ধে দুর্ব্যবহারের অভিযোগে উঠেছে। যেন মনে হয়েছিল হাসপাতাল তাদের হাতের মুঠোয়। পুরুষ মহিলা সিকিউরিটি গার্ডের যন্ত্রণায় মানুষ অতিষ্ঠ হয়ে কখনো কখনো আইজিএম হাসপাতালে যাওয়া পর্যন্ত বিরক্ত বোধ করত। যার প্রভাব পড়ল সংশ্লিষ্ট সংস্থার টেন্ডার পেতে বলে মনে করছে অনেকে। বিশেষ করে বলা যায় হাসপাতালে মানুষ অসহায় হয়ে চিকিৎসা করতে যায়। তাদের সাথে এ ধরনের দুর্ব্যবহার কোনভাবেই কাম্য নয়।

## আশিস

● প্রথম পাতার পর

কেলেঙ্কারির সম্পকে জানতে পারবেন। কারা অনৈতিক ভাবে কোন রাজনৈতিক দলকে কি পরিমান অর্থ প্রদান করেছেন তা ওই তালিকায় প্রকাশ পাবে। তাই বিজেপি সরকার জনগণের দৃষ্টি ঘুরাতে দেশে নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) লাগু করেছে।এদিন তিনি নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) লাগু নিয়ে তিপরা মথাকে একহাত নিয়েছেন। তিনি বলেন, একসময় নাগরিকত্ব সংশোধনী আইনের বিরোধিতা করেছিল তিপরা মথা। কিন্তু তারা এখন শাসক দল মিশে গিয়েছে। যার কারণে এই আইনের বিরুদ্ধে কোনো আওয়াজ তুলছে না।

## সূচনা

● প্রথম পাতার পর

আধুনিক রেল ইঞ্জিন এবং কোচ কারখানার মতো পরবর্তী প্রজন্মের ট্রেন, এই সবই একবিংশ শতাব্দীতে ভারতীয় রেলের চিত্র পাল্টে দিচ্ছে।' মোদী বলেছেন, 'বন্দে ভারত ট্রেনের নেটওয়ার্ক এখন দেশের ২৫০টিরও বেশি জেলায় পৌঁছেছে। জনগণের অনুভূতিকে সম্মান জানিয়ে সরকার ক্রমাগত বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের রুট বাড়াচ্ছে।'

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (**টোলফ্রি : ২৪ ঘন্টা**)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (**পি বি এক্স**), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# অভিষেকের ব্যবসার সম্পত্তি 'অ্যাটাচ' করেছে ইডি, বিস্ফোরক মমতা

শিলিগুড়ি, ১২ মার্চ, (হি.স.): অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ব্যবসার সব সম্পত্তি 'অ্যাটাচ' করেছে ইডি। শিলিগুড়ির প্রশাসনিক সভা থেকে বিস্ফোরক দাবি করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। একইসঙ্গে ইডি-সিবিআইয়ের বিরুদ্ধেও তোপ দাগলেন। তাঁর দাবি, বিভিন্ন ব্যবসায়ীদের ভয় দেখাচ্ছে ইডি। ওঁরা তল্লাশি করে কোনও কিছু বাজেয়াপ্ত করলে তার সিজার লিস্টও দেয় না।

নির্বাচনের আগে রাজ্যে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার সক্রিয়তা নিয়ে সরব হন তৃণমূল নেত্রী। অভিষেকের সম্পত্তি 'অ্যাটাচ' করা নিয়ে তোপ দাগেন তিনি। মমতার অভিযোগ, "আপনারা জানেন না, অভিষেক তো ইয়ং ছেলে। বিয়ে করেছে। বউ আছে, দুই ছেলেমেয়ে আছে। বাড়িতে বসে থাকলে খাবার আসবে না। কিছু তো করতে হবে। ও একটা ব্যবসা করে। ইডি সেই ব্যবসার সব সম্পত্তি অ্যাটাচ করে দিয়েছি। তাও আমি কিছু বলিনি।" কিন্তু "আমি বলছি লোকতন্ত্র কেড়ে নেবেন না", হুঙ্কার মমতার। উল্লেখ্য, গত কয়েক বছর ধরেই বাংলায় 'অতিসক্রিয়' কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলি। কখনও নিয়োগ দুর্নীতি তো কখনও রেশন দুর্নীতি, কখনও কয়লা পাচার তো কখনও গরু পাচার নিয়ে তদন্ত চালাচ্ছে তারা। তৃণমূল বার বার অভিযোগ করেছে, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এই সমস্ত অভিযান চালানো হচ্ছে। তদন্তের সূত্র ধরে একের পর এক নেতা-মন্ত্রী গ্রেফতার হয়েছেন। এই আবহে শাসকদলের অনেক নেতা আবার শিবির পরিবর্তনও করেছেন।

# আই সি সি সোশ্যাল ইমপ্যাক্ট অ্যাওয়ার্ড পেল ভক্তি বেদান্ত রিসার্চ সেন্টার

কলকাতা, ১২ মার্চ (হি.স.): ভারতীয় সাহিত্য, সংস্কৃতি ও দর্শনের প্রচার - প্রসার এবং পুরানো নথি ও পাণ্ডুলিপি সংরক্ষণে দীর্ঘদিন ধরে কাজ করে চলেছে কলকাতার ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টার। সামাজিক ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের বিশেষ অবদানের জন্য এ বছর তাদের দেওয়া হল ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স সোশ্যাল ইম্প্যাক্ট এওয়ার্ড।

মঙ্গলবার কলকাতায় এক অনুষ্ঠানে ভক্তি বেদান্ত রিসার্চ সেন্টারের ডিন বলরাম লিলা প্রভুর হাতে আই সি সি সোশ্যাল ইমপ্যাক্ট অ্যাওয়ার্ড তুলে দেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। এছাড়াও উপস্থিত ছিলেন ভক্তিবেদান্ত গবেষণা কেন্দ্রের উন্নয়ন প্রধান অনুরাগ পারেখ,ডেপুটি রেজিস্টার আরাধ্য ভগবান দাস এবং উন্নয়ন উপদেষ্টা অনুরাগ শর্মা প্রমুখ।সামাজিক ক্ষেত্রে অনন্য অবদানকে স্বীকৃতি দিতে ২০১৯ সাল থেকে জাতীয় স্তরে এই পুরস্কার চালু করে আইসিসি। আবেদনকারী কর্পোরেট, স্বেচ্ছাসেবী সংগঠন ও অন্যান্য প্রতিষ্ঠানের মধ্য থেকে পুরস্কার প্রাপককে বেছে নেওয়া হয়। এই পুরস্কার প্রদানের জন্য সবচেয়ে বেশি জোর দেওয়া হয়েছে - এমন উদ্ভাবনমূলক কাজকে, যার ইতিবাচক প্রভাব সামাজিক উন্নয়নের উপরে পড়ে।সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে এবছর ভক্তি বেদান্ত রিসার্চ সেন্টারকে এই পুরষ্কার দিতে পেরে তাঁরা খুশি বলে জানালেন আইসিসি সোশ্যাল ইমপ্যাক্ট অ্যাওয়ার্ডের নলেজ পার্টনার সাস্টেনেবেল সলিউশানের এর নির্দেশক মাধবী গুহ।তিনি বলেন, ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য ভক্তি বেদান্ত রিসার্চ সেন্টার যে কাজ করে চলেছে, তা সমাজে একটি ইতিবাচক প্রভাব সৃষ্টি করেছে। দেশে এই ধরনের কাজ করে এরকম এন জি ও খুবই কম রয়েছে বলে তিনি আরও জানান।ভক্তি বেদান্ত রিসার্চ সেন্টারের ডিন ড় সুমন্ত রুদ্র বলেন, কিছুদিন আগেই ইনফোমেরিক্সের বিচারে গ্রেড ওয়ান এন জি ও র তকমা পেয়েছে ভক্তি বেদান্ত রিসার্চ সেন্টার।

# সিএএ-কে সামনে রেখে কেন্দ্রকে নিশানা অধীরের

বহরমপুর, ১২ মার্চ, (হি.স.): সোমবার দেশজুড়ে নাগরিকত্ব সংশোধনী আইন লাগু করার জন্য বিজ্ঞপ্তি জারি করেছে কেন্দ্র। ইতিমধ্যেই এই নিয়ে সুর চড়িয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার অধীর চৌধুরীর কণ্ঠে শোনা গেল বিরোধিতার সুর। সিএএ-কে সামনে রেখে কেন্দ্রকে নিশানা করেছেন তিনি।মঙ্গলবার বহরমপুরে সাংবাদিকদের মুখোমুখি হন অধীর চৌধুরী। সেখানেই তিনি বলেন, "সরকার নাগরিকত্ব আইনের নামে দেশের মানুষের মধ্যে অদ্ভুত বিভাজনের রাজনীতি তৈরি করল যা আদতে অপ্রয়োজনীয়।"অধীরবাবুর সংযোজন, "২০২১ সালে সংসদে প্রশ্ন তোলা হয় নাগরিক আইন পাশ হওয়ার পর দেশে কতজন অমুসলিমকে নাগরিকত্ব দেওয়া হয়েছে নিয়ম অনুযায়ী। এই নিয়ে সরকারের তরফে যে আইন আনা হয়েছে তাতে কতজন অমুসলিম সুবিধা পেয়েছে তার তালিকা সংসদে পেশ করা হয়। সেখানে মাত্র ১৪১৪ জনকে সেই সুযোগ দেওয়া হয়েছে বলে জানানো হয়।'অধীরবাবুর সংযোজন, "অযথা বিভাজনের রাজনীতি করার জন্য একটি ধর্মীয় সম্প্রদায়কে লক্ষ্য করা হচ্ছে। কোনও স্বাধীন দেশে এই নিয়ম হতে পারে না। ২০১৯ সালে আইন নিলেও ২০২৪ সালে নির্বাচনের আগে তার নিয়ম কেন প্রকাশ করা হচ্ছে?"অধীর চৌধুরী এদিন বলেন, "সিএএ নিয়ে বাংলার মানুষ কেউ বিভ্রান্ত হবেন না। কারও নাগরিকত্ব খারিজ হবে না। এটি নির্বাচনী জুমলা। জাতীয় কংগ্রেস মানুষের পাশে থাকবে। রমজান মাসের প্রথম দিন এটা আমার অঙ্গীকার।"

# রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের নয়া চেয়ারম্যান

কলকাতা, ১২ মার্চ (হি.স.): রাজ্যের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হচ্ছেন মহুয়া বন্দ্যোপাধ্যায়। রাজ্যের তরফে পিএসসি চেয়ারম্যান পদে অবসরপ্রাপ্ত আইএএস মহুয়া বন্দ্যোপাধ্যায়ের নাম প্রস্তাব করা হয়। রাজ্য সরকারের সেই প্রস্তাবে মঙ্গলবার অনুমোদন দিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস।নিয়োগ দুর্নীতির কারণে অপসারণ করা হয়েছিল পিএসসি-র চেয়ারম্যানকে। দীর্ঘদিন পদটি শূন্য পড়ে ছিল। ফাঁকা রয়েছে বেশ কয়েকজন আধিকারিকের পদও। এই পরিস্থিতিতে নিয়োগ এবং প্রশাসনিক কোনও সিদ্ধান্ত নিতে পারছে না পিএসসি। তার অবসান চেয়ে সরকারকে চিঠিও দিয়েছিলেন রাজ্যপাল। গত ১৮ জানুয়ারি রাজভবন থেকে একটি সংক্ষিপ্ত বিবৃতি জারি করে রাজ্য সরকারকে এই নিয়োগের ক্ষেত্রে গতি আনতে নির্দেশ দেওয়া হয়।

উল্লেখ্য, গত বছর পঞ্চায়েত নির্বাচনে অশান্তির সময় রাজভবনে 'পিসরুম' চালু করেন রাজ্যপাল। যেখানে কোথাও কেউ আক্রান্ত হলে কিংবা কোনও অশান্তি হলে ফোন করে অভিযোগ জানানো যাবে। সেখানেই পিএসসি-র চেয়ারম্যান না থাকায় নিয়োগ স্থগিত রয়েছে বলে অভিযোগ করেন অনেকে।রাজভবনের বক্তব্য ছিল, পিএসসি-র চেয়ারম্যান ও সদস্য নিয়োগ না হওয়ায় যোগ্য চাকরিপ্রার্থীরা চাকরি পাচ্ছেন না। এমন অভিযোগ পাওয়ার পরেই রাজ্যকে এই সংক্রান্ত বিষয়ে উদ্যোগী হতে বলেন রাজ্যপাল। যদিও রাজভবনের অভিযোগকে মানতে নারাজ ছিল সরকার পক্ষ।

রাজভবনের চিঠির যাওয়ার প্রায় দু''মাস বাদে পিএসসি-র চেয়ারম্যানের নাম প্রস্তাব করে সরকার। আর রাজ্যের প্রস্তাবে মহুয়া বন্দ্যোপাধ্যায়ের নিয়োগে সম্মতি দিলেন রাজ্যপাল। মহুয়া ছিলেন হেল ইকুইপমেন্ট প্রোকিওরমেন্ট কর্পোরেশন'-এর এমডি।

## রাজীব

● আটের পাতার পর

সুবিধা পেয়েছেন তা জানার জন্য কর্মসূচি শুরু হয়েছে।সাথে তিনি যোগ করেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন সুযোগ সুবিধা গুলো নিয়ে মতবিনিময় করার জন্য লাভ্যার্থীদের জনসম্পর্ক অভিযান শুরু হয়েছে।

# প্রতাপগড় ঋষি কলোনীতে পুকুরের পুনরুজ্জীবন ও সৌন্দর্যায়নের ভিত্তিপ্রস্তর স্থাপন

**আগরতলা, ১২ মার্চ।।** রাজ্যবাসীর মৌলিক অধিকারকে সুনিশ্চিত করতে সরকার আন্তরিকভাবে কাজ করছে। সরকারের মুখ্য উদ্দেশ্যই হচ্ছে শুধুমাত্র উন্নয়ন। বর্তমান সরকার সবাইকে সাথে নিয়ে রাজ্যের বিকাশে কাজ করছে। বর্তমানে সারা রাজ্যে উন্নয়ন কর্মযজ্ঞ অব্যাহত রয়েছে। এই সরকার উন্নয়নের ক্ষেত্রে কোনও ধরণের রাজনীতিতে বিশ্বাস করেনা। আজ আগরতলা পুরনিগমের ৪৩নং ওয়ার্ডের প্রতাপগড় ঋষি কলোনীতে পুকুরের পুনরুজ্জীবন ও সৌন্দর্যায়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করে মুখ্যমী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, মানুষের আর্থসামাজিক মান উন্নয়ন না হলে কোনভাবেই কোনও দেশ, রাজ্য, সমাজ বা এলাকার উন্নয়ন হতে পারে না। বর্তমান সরকার মানুষের মৌলিক চাহিদাগুলি পূরণে সচেষ্ট। এই সরকার জনগণের সরকার। প্রতি ঘরে সুশাসন অভিযান এবং বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচির মাধ্যমে সরকারের প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। তিনি বলেন, ঋষি কলোনী প্রধানত বস্তি এলাকা। পূর্বে এই এলাকার উন্নয়নে সেভাবে নজর দেওয়া হয়নি। বর্তমান রাজ্য সরকার এই এলাকার উন্নয়নে উদ্যোগী হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমী আরও বলেন, আগরতলা পুরনিগম সহ ২০টি নগর শাসিত সংস্থাগুলিতে সরকারের উন্নয়ন কর্মযজ্ঞ চলছে। পরিকাঠামো সহ যোগাযোগ ব্যবস্থা বিশেষ করে সড়ক উন্নয়নের কাজ ত্বরানিত হচ্ছে। প্রধানমী নরেন্দ্র মোদি অ্যাক্ট ইষ্ট পলিসির মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলের উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। তিনি মনে করেন, উত্তর পূর্বাঞ্চলের উন্নয়ন ছাড়া দেশের উন্নতি হতে পারে না। প্রধানমীর ঘোষিত হীরা মডেলের বাস্তবায়নের মাধ্যমে রাজ্যের যোগাযোগ ব্যবস্থায় ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। বর্তমানে ৬টি জাতীয় সড়ক রয়েছে। আরও ৪টি'র নীতিগত সিদ্ধান্ত হয়েছে। প্রযুক্তির ক্ষেত্রেও রাজ্যে নতুনমাত্রা সংযোজিত হয়েছে। মুখ্যমী বলেন, আগরতলা শহরকে আধুনিক রূপ দেওয়ার প্রচেষ্টা নেওয়া হয়েছে। মটর স্ট্যাণ্ড এলাকায় মাল্টি লেভেল কার পার্কিং গড়ে তোলা হচ্ছে। ১ হাজার ফ্ল্যাট বিশিষ্ট লাইট হাউস প্রকল্পেটির কাজও দ্রত সম্পাদিত হচ্ছে। প্রধানমী আবাস যোজনা (গ্রামীণ ও আরবান) মিলে রাজ্যে প্রায় ৪ লক্ষ ঘর অনুমোদিত হয়েছে। এরমধ্যে প্রায় ৩ লক্ষ ৩০ হাজার ঘর নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমী বলেন, বর্তমান সরকারের সময়ে মহিলা পরিচালিত স্বসহায়ক গোষ্ঠীর সংখ্যা অনেকটাই বৃদ্ধি পেয়েছে। প্রায় সাড়ে ৫ লক্ষ মহিলা এই স্বসহায়ক গোষ্ঠীর সাথে যুক্ত রয়েছেন। মহিলাদের ক্ষমতায়ন ও তাদের সুরক্ষা প্রদানে সরকারের বিভিন্ন পদক্ষেপসমূহের কথা মুখ্যমী বিস্তারিতভাবে উল্লেখ করেন। তিনি আরও বলেন, রাজ্যের জনগনের কাছে স্বাস্থ্য পরিষেবার সুবিধা পৌছে দিতে রাজ্য সরকার আয়ুমান ভারত-প্রধানমী জন আরোগ্য যোজনার মতো চিফ মিনিষ্টার জন আরোগ্য যোজনা চালু করেছে। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত বলেন, কেন্দ্রে প্রধানমী নরেন্দ্র মোদি ক্ষমতায় আসার পর এবং রাজ্যে বর্তমান সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর দেশে ও রাজ্যে উন্নয়নের ধারা চলছে। তিনি বলেন, এক সময় ঋষি কলোনী এলাকাটি উন্নয়ন শব্দ থেকে বঞ্চিত ছিল। বর্তমানে এই এলাকার উন্নয়নে সরকার উদ্যোগী হয়েছে। এই পুকুরের উন্নয়ন ও সৌন্দর্যায়ন এলাকাবাসীর দীর্ঘদিনের স্বপ ছিল। আজ এই স্বপ বাস্তবায়িত হতে যাচ্ছে। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের কমিশনার ড. শৈলেশ কুমার যাদব বলেন, ৩ কানি থেকে বেশী এই পুকুরটির পুনরুজ্জীবন সৌন্দর্যায়ণ আমরুট প্রকল্পে রূপায়িত হবে। এজন্য ব্যয় হবে ৩ কোটি ২৪ লক্ষ টাকা। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজমদার, কর্পোরেটর অভিজিৎ মল্লিক, ত্রিপুরা জল বোর্ডের চীফ ইঞ্জিনিয়ার মিহির কান্তি গোপ, সমাজসেবী অসীম ভট্টাচার্য্য, চিত্তরঞ্জন দেব প্রমুখ উপস্থিত ছিলেন।

# ডার্টি ট্রিকস" ডিপার্টমেন্ট, বহিরাগত- দুর্নীতির অভিযোগ উড়িয়ে পাল্টা তোপ কীর্তি আজাদের

দুর্গাপুর, ১২ মার্চ (হি.স.) : "ডজন ডজন মানহানি র মামলা চলছে। বহুবার ক্ষমা চেয়েছে। মানসিক ভারসাম্যহীন। যে কাউকে বদনাম করেন। বিজেপির ডার্টি ট্রিকস ডিপার্টমেন্ট।" মঙ্গলবার দুর্গাপুর ভিড়িঙ্গি কালী বাড়িতে পুজো দিয়ে অমিত মালব্যের অভিযোগের পাল্টা তোপ দাগলেন বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থী তথা প্রাক্তন ক্রিকেটার কীর্তি আজাদ। আগামী লোকসভা নির্বাচনে বর্ধমান -দুর্গাপুর লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রার্থী হয়েছেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার কীর্তি আজাদ। তাঁর প্রার্থী হতেই রাজ্য বিজেপি বহিরাগত বলে কড়া আক্রমণকরেন। এমনকি বিজেপির আইটি সেলের সর্ব ভারতীয় ইনচার্জ অমিত মালব্য। সংবাদপত্র টেলিগ্রাফের ২০০৫ সালের একটি প্রতিবেদনের লিঙ্ক শেয়ার করে অমিত মালব্য লিখেছেন,'মমতা বন্দ্যোপাধ্যায় ভাগবত ঝা আজাদের ছেলে কীর্তি আজাদকে টিকিট দিয়েছেন, যার ঘনিষ্ঠ সহযোগীরা ভাগলপুরে নিজের বাড়ি থেকে একটি বাঙালি হিন্দু মেয়েকে অপহরণ করেছিল, ৫০,০০০ বাঙালির দুঃখজনক দেশত্যাগের সূত্রপাত করেছিল, যারা প্রজন্মের পর প্রজন্ম ধরে সেখানে বসবাস করেছিল।" তিনি "ধিক্কার" আরও বলেছেন,' কীর্তি আজাদের বাবা ৫০,০০০ বাঙালিকে তাড়িয়েছিলেন-তার লোকেরা বাঙালি হিন্দু মেয়েকে অপহরণ করেছিল, হিন্দু নির্যাতনকারী শেখ শাহজাহানকে রক্ষা করার মতোই তাকেও রক্ষা করতে চাইছেন মমতা ব্যানার্জি।' উল্লেখ্য, কীর্তি আজাদ ১৯৯৯ থেকে ২০১৯ সালে বিজেপিতে ছিলেন। ২০১৪ সালের লোকসভা ভোটে বিহারের দারভাঙ্গা থেকে নির্বাচিতও হন। ২০১৯ সালে তিনি দলত্যাগ করে কংগ্রেসে যোগ দেন। ফের দলত্যাগ ২০২১ সালে, কংগ্রেস ছেড়ে যোগ দেন তৃণমূল কংগ্রেসে। মমতা ব্যানার্জি তাকে গোয়া তৃণমূল কংগ্রেসের ইনচার্জ করেন। এবারে আসন্ন লোকসভা নির্বাচনে বর্ধমান-দুর্গাপুর থেকে তাকে টিকিট দিল তৃণমূল। তবে ২০১৪ সালের লোকসভার পর কোনো নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করে জয়ী হওয়ার নজির নেই কীর্তি আজাদের।

মঙ্গলবার দুর্গাপুর ভিড়িঙ্গি কালিবাড়ীতে পুজো দিয়ে প্রচার শুরু করেন তৃণমূল প্রার্থী কীর্তি আজাদ। এদিন তার সঙ্গে ছিলেন রাজ্যের মন্ত্রী প্রদীপ মজুমদার , পশ্চিম বর্ধমান জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি নরেন্দ্রনাথ চক্রবর্তী সহ অন্যান্য নেতৃত্বরা। পুজো দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বিজেপির বিরুদ্ধে পাল্টা তোপ দাগেন। এদিন তিনি বলেন,' ২০১৫ সালের ১৫ মার্চ সরকারি নথী ছিল। যেখানে ৪ হাজার কোটি টাকার দুর্নীতির বিরুদ্ধে সরব হয়েছিলাম।' তিনি আরও বলেন, ' আমার বিরুদ্ধে দুর্নীতির কেন সত্যতা নেই। কোন প্রমাণ দেখাতে পারবে না। সিপিএম আর বিজেপি মুগ আর মসুর ডাল।' তিনি আরও বলেন,' অমিত মালব্যর বিরুদ্ধে ডজন ডজন মানহানি মামলা আছে। কমপক্ষে ১৫ বার ক্ষমা চেয়েছে। মানসিক ভারসাম্যহীন। যে কাউকে বদনাম করেন।' তিনি বিজেপির আইটি সেলকে কটাক্ষ করে আরও বলেন,' এটা বিজেপির ডার্টি ট্রিকস ডিপার্টমেন্ট।'

## কংগ্রেস

● প্রথম পাতার পর

ভার তুলে দেওয়ার জন্য দুইটি আসনে বিপুল ভোটে জয়লাভ করতে হবে।

## পলাতক

● প্রথম পাতার পর

ন্যাক্কারজনক এবং তিনি এই ঘটনাকে ধিক্কার জানিয়েছেন এবং অবিলম্বে দোষীকে গ্রেফতার করার জন্য পুলিশ কর্তৃপক্ষকে অনুরোধ করেছেন এবং দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক বলে জানিয়েছেন তিনি।

## টিগ্গার সঙ্গে দ্বন্দ্ব মিটিয়ে পাশে থাকার বার্তা বিদায়ী বিজেপি সাংসদ বার্লার

আলিপুরদুয়ার, ১২ মার্চ, (হি.স.): আলিপুরদুয়ার কেন্দ্রের বিজেপি প্রার্থী মনোজ টিগ্গার সঙ্গে দ্বন্দ্ব মিটিয়ে হাতে হাত রাখার বার্তা দিলেন বিদায়ী সাংসদ জন বার্লা। মঙ্গলবার রেলের এক শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত হয়ে বার্লা জানালেন, 'মনোজ আমার ভাই।' উত্তরে প্রধানমন্ত্রীর সভার ঠিক পর বার্লার বার্তায় কিছুটা হলেও স্বস্তির হাওয়া বিজেপি শিবিরে।আসন্ন লোকসভা নির্বাচনের আগে ডুয়ার্সে গেরুয়া শিবিরের গোষ্ঠীদ্বন্দ্ব চরম আকার নিয়েছিল। আলিপুরদুয়ার লোকসভায় টিকিট না পেয়ে মনোজ টিগ্গার দিকে অভিযোগের আঙুল তুলেছিলেন বিদায়ী সাংসদ জন বার্লা। অভিযোগ করেছিলেন, মনোজের 'ফুসমন্ত্রে'ই নাকি টিকিট পাননি তিনি। যদিও গত ৯ তারিখ শিলিগুড়িতে মোদীর সভায় এবং সরকারি অনুষ্ঠানে হাজির থেকে পরে সুর বদলালেন জন বার্লা।মঙ্গলবার আলিপুরদুয়ার জংশন স্টেশনে রেলের একাধিক প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত হন বিদায়ী সাংসদ। সেখানেই 'সংঘাতে' দাড়ি টেনে তিনি বলেন, "মনোজ আমার ভাই। একটি পরিবারে গন্ডগোল হতেই পারে। সেটাকে আপনারা বাড়িয়ে দেখাচ্ছেন।'

# নিখোঁজ বালকের গলাকাটা দেহ উদ্ধার, পোলবায় উত্তেজনা

হুগলি, ১২ মার্চ, (হি.স.): সোমবার সন্ধ্যে থেকে নিখোঁজ ছিল পোলবার রাজহাট গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা ও ষষ্ঠ শ্রেণির পড়ুয়া দেব ঘোষ। মঙ্গলবার দেবের গলাকাটা দেহ উদ্ধার হয়েছে এলাকার একটি পুকুরপাড় থেকে। যা নিয়ে ব্যাপক উত্তেজনা ছড়ায় এলাকায়।পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও র‍্যাফ। ঘটনায় খুনের অভিযোগ তুলে অপরাধীদের ফাঁসির শাস্তি চেয়েছেন মৃত নাবালকের মা। তবে এনিয়ে এখনই কিছু বলতে নারাজ পুলিশ।জানা গিয়েছে, পোলবার রাজহাট গ্রাম পঞ্চায়েতের দিল্লি রোডের পাশে মামার বাড়িতে মায়ের সঙ্গে থাকত বছর বারোর দেব। বাড়ির উলটো দিকে একটি জায়গায় অফিস তৈরির কাজ চলছে। সেখানেই গ্যাস পাইপ লাইনের কাজ করতে আসেন বিহারে কিছু শ্রমিক। টিনের ঘর বানিয়ে সেখানেই থাকতেন শ্রমিকরা। দেব ওই শ্রমিকদের ফাইফরমাস খাটত। জল এনে দিত।

সোমবার সন্ধ্যায় তাকে চাউমিন, এগরোল আনতে পাঠিয়েছিলেন শ্রমিকরা। অভিযোগ তার পর থেকেই আর খোঁজ মেলেনি দেবের। মঙ্গলবার সকালে তার বাড়ি থেকে কিছু দূরে একটি পুকুরেপাড়ে দেহটি পড়ে থাকতে দেখা যায়। পুলিশ জানিয়েছে, দেবের গলায় কাটা চিহ্ন আছে।এই ঘটনায় কান্নায় ভেঙে পড়ে দেবের পরিবার। মৃতের মা মামনি ঘোষের অভিযোগ, "ছেলেকে গলা কেটে খুন করা হয়েছে। জল তুলে দেওয়ার জন্য দুশো টাকা পেত ও। আমরা ভেবেছি সেই টাকাই আনতে গিয়েছে। রাতে বাড়ি না ফেরায় খোঁজাখুঁজি করি। তার পর এই কাণ্ড। ছেলে ক্লাস সিক্সে পড়ত। এই সেদিন আদি সপ্তগ্রামের হাইস্কুলে ভর্তি করে এলাম।মৃতের মা বলেন, "আমার ওই ছেলের সঙ্গে কার কী শত্রুতা থাকতে পারে? যারা এরকম করেছে তাদের ফাঁসি চাই। হিমঘরের ছেলেগুলো আমার ছেলেকে নিয়ে যায়। ওখানে মোট ২ দিন গিয়েছিল। গতকাল সন্ধ্যা ৭টার সময়ে চাউমিন আনতে বের হল। আর বাড়ি ফেরেনি। আজ গলা কাটা দেহ উদ্ধার হয়েছে।"এদিন দেহ উদ্ধারের পর থেকেই উত্তেজনা ছড়ায় ঝাপা এলাকায়। অভিযুক্ত সন্দেহে শ্রমিকদের ঘর ভাঙচুর করে এলাকার বাসিন্দারা। পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়ে ওঠে যে পোলবা থানার পুলিশ র‍্যাফ ও কেন্দ্রীয় বাহিনী নিয়ে গিয়ে তা সামাল দেয়। পরে ঘটনাস্থলে আসেন হুগলি গ্রামীণ পুলিশের অতিরিক্ত সুপার কল্যাণ সরকার। দেহ উদ্ধার করে চুঁচুড়া ইমামাবাড়া হাসপাতালে ময়না তদন্তে পাঠানো হয়।

# শ্রীরামকৃষ্ণর ১৮৯ তম জন্মতিথিতে উৎসবের মেজাজ কামারপুকুরে

হুগলি, ১২ মার্চ, (হি.স.): ২৮ ফাল্গুন শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৮৯ তম জন্মতিথি। যার উপলক্ষে মঙ্গলবার উৎসবের মেজাজ ছিল হুগলীর কামারপুকুরে। মহা সমারোহে পালিত হয় ঠাকুরের জন্মতিথি। সকাল থেকেই ভক্তদের ভিড়।মঙ্গলবার থেকে তিনদিন ব্যাপি রামকৃষ্ণ পরমহংসদেবের জন্মতিথি ও উৎসব পালিত হচ্ছে এখানে। এদিন ভোর সাড়ে চারটের সময় মঙ্গলারতি ও বেদ পাঠের মাধ্যমে আজকের দিনটির সূচনা হয়। তারপর শ্রী শ্রী রামকৃষ্ণ কথামৃত পাঠ, বিশেষ পুজো ও চণ্ডীপাঠ অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে সাতটায় এক বিশেষ শোভাযাত্রা কামারপুকুর এলাকা পরিক্রমা করে। যেখানে প্রচুর ভক্ত শোভাযাত্রায় পা মেলান। হাজার হাজার মানুষ কামারপুকুরে উপস্থিত হয়ে ভক্তি নিবেদন করেন। প্রত্যেক বছরের মত এবারেও প্রশাসনের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হয়। সারাদিন শ্রীরামকৃষ্ণ সম্পর্কিত বিভিন্ন পুজোপাঠ আলোচনা ভজন নাম সংকীর্তন আয়োজিত হয়।

## ধৃত তিন

● প্রথম পাতার পর

লরিটিতে দলবল নিয়ে যথারীতি তল্লাশি চালান গেট ইনচার্জ প্রণব মিলি।এতে বিভিন্ন কাপড়ের প্যাকেটের আড়াল থেকে ১৯৩ কার্টুনে ৯৭০০ বোতল নেশা জাতিয় এস্কাফ ও ফেন্সিডিল কফ সিরাফ বাজেয়াপ্ত হয়।যার কালোবাজারী মুল্য প্রায় এক কোটি টাকার মত হবে।এ কান্ডে উক্ত লরির চালক ও সহচালককেও পাকড়াও করেছে পুলিশ।ধৃতদের মধ্যে রয়েছে সদানন্দ রায় ও সঞ্জয় রায়।তাদের উভয়ের বাড়ি পশ্চিমবঙ্গে।পুলিশ ধৃতদের বিরুদ্ধে সুনির্দিষ্ট ধারায় মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে।অসম পুলিশের এহেন ঘন ঘন নেশা বিরোধি অভিযানে সন্তোষ প্রকাশ করেছেন এলাকার সচেতন মহল। ধৃতদের বুধবার জেলা সিজেএম আদালতে সোপর্দ করা হবে বলে পুলিশ জানিয়েছে।

## জেটি ভেঙে ফের বন্ধ ফেরি পরিষেবা

হাওড়া, ১২ মার্চ, (হি.স.): হাওড়ার শিবপুর লঞ্চঘাটের জেটি ভেঙে যাওয়ার ফলে বন্ধ ফেরি পরিষেবা। সূত্রে মারফত জানা গিয়েছে জলের তোড়ে জেটির চেন ভেঙে যায়। যার ফলে ঘটে যায় এই বিপত্তি। এর জেরে সোমবার থেকে পরিষেবা বন্ধ।ফলত বহু যাত্রী অসুবিধা সম্মুখীন হচ্ছেন। জেটি ভেঙে যাওয়ার পর হুগলি নদী জলপথ পরিবহণ সমবায় সমিতির তরফ থেকে এই পরিষেবা অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়। যার জেরে নদী পারাপারের ক্ষেত্রে চরম অসুবিধা সম্মুখীন হচ্ছে নিত্যযাত্রীরা।এক যাত্রী বলেন, "রবিবার সকালে একটা চেন ভেঙেছিল, আর রাত্রে একটা ভাঙে। তারপর থেকে ফেরি পরিষেবা বন্ধ রয়েছে। এর আগেও অনেকবার হয়েছে। আধিকারিকরা এসেছিলেন, দেখে গিয়েছেন, কিন্তু এখনও কিছু হয়নি। ফলে অসুবিধা হচ্ছে।" অপর এক যাত্রী বলেন, "বছরে ৩ - ৪ বার করে জেটি ভেঙে যায়।

াঙ্গন



# জুটমিল ও ভগিনী নিবেদিতা টিম তৈরি জার্সি প্রদানে পি পি পাবলিকেশন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ভালো খেলার পাশাপাশি লক্ষ্য রয়েছে সাফল্যেরও। একদিকে জুট মিল প্লে সেন্টার, অপরদিকে নতুন আঙ্গিকে মাঠে আসা ভগিনী নিবেদিতা মহিলা সমিতি ক্রিকেট টিম। সাফল্যকে উদ্দেশ্য করে ভালো খেলার মনোবৃত্তি তৈরি করে চলছেন দুই কোচ মনোজিৎ দাস ও অরূপ রায় বর্মন। আগামীকাল থেকেই ম্যাচ শুরু। টিসিএ আয়োজিত সিনিয়র মহিলা আমন্ত্রণ মূলক টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট। জুট মিল প্লে সেন্টার আগামীকাল লাল বাহাদুর ব্যায়ামাগারের সঙ্গে খেলবে, বেলা একটা থেকে বামুটিয়ার তালতলা স্কুল মাঠে। ভগিনী নিবেদিতা মহিলা সমিতি ক্রিকেট দল আগামীকাল মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে বেলা ১১ টায় ক্রিকেট অনুরাগীর বিরুদ্ধে খেলবে।

মঙ্গলবার বিকেলে অনাড়ম্বর এক অনুষ্ঠানে দু”দলের খেলোয়ারদের জার্সি প্রদান করা হয়। বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক এবং সংগঠক সুপ্রভাত দেবনাথ দুজনের খেলোয়াড়দের হাতে জার্সি তুলে দেন। পাশাপাশি মাঠে দুই দল ভালো খেলা প্রদর্শন করবে বলে শুভেচ্ছা জানান। এদিকে,

সারা বিশ্বজুড়ে রাষ্ট্র সংঘের প্রচেষ্টা চলছে খেলাধুলার মাধ্যমে




মহিলাদের ক্ষমতায়ন বৃদ্ধি করা। সেই আদর্শে অনুপ্রাণিত পি পি পাবলিকেশনও ত্রিপুরার মেয়েদের পড়াশোনার পাশাপাশি, খেলাধূলাতে মেধার উৎকর্ষ বিকাশে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। জুটমিল ক্রিকেট একাডেমির পাশে। যাতে বেশী বেশী সংখ্যক মেয়েরা উৎসাহিত হয় এবং রাজ্য ও দেশের নাম উজ্জ্বল করতে পারে।এছাড়াও পি পি পাবলিকেশন মহিলা ফুটবল লিগের সাথেও যুক্ত। ভবিষ্যতেও পড়াশোনার পাশাপাশি মেয়েদের খেলাধূলায় সাহায্য করতে পিপি পাবলিকেশন প্রতিশ্রুতি বদ্ধ। সবশেষে পি পি পাবলিকেশনের কর্ণধার প্রণব রায় জুটমিল ক্রিকেট একাডেমির সমস্ত প্রশিক্ষক ও খেলোয়াড়দের উদ্দেশ্য শুভেচ্ছাবার্তা জানিয়েছেন। কোচদের তরফ থেকে মনোজিৎ ও অরূপ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

# সুপার লিগে ২য় জয় সংহতির টানা ৩ ম্যাচে পরাজিত শতদল

## সংহতি-২৭৭/৯ শতদল সঙ্ঘ-২৬২/৮

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। তৃতীয় ম্যাচের মাথায় দ্বিতীয় জয় সংহতি ক্লাবের। এদিকে টানা তিন ম্যাচে হেরে অনেকটা পিছিয়ে পড়েছে শতদল সঙ্ঘ। হারলেও মঙ্গলবার দুর্দান্ত লড়াই করলো শতদল সঙ্ঘের ক্রিকেটাররা। দুর্ভাগ্য অনিল মাউরার দুরন্ত লড়াই সত্বেও জয় পেলো না শতদল সঙ্ঘ। রাজ্য ক্রিকেট সংস্থা আযোজিত সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে সংহতি জয়লাভ করে ১৫ রানে। সংহতির গড়া ২৭৭ রানের জবাবে শতদল সঙ্ঘ ২৬২ রান করতে সক্ষম হয়। শতদল সঙ্ঘের অনিল মাউরা ৯৫ রান করেন। আসরে দ্বিতীয় জয় পেলো সংহতি। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ৫০ ওভারে সংহতি ২৭৭ রান করে ৯ উইকেট হারিয়ে। দলের পক্ষে শ্রীদাম পাল ৬১ বল খেলে ৭ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৭, সম্রাট সূত্রধর ৫৯ বল খেলে ৭ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৩, শঙ্কর পাল ৩৮ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২,বিক্রম দেবনাথ ৪১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ৩০,সপ্তজিৎ দাস ৪৬ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২৯ এবং রাণা দত্ত ১৪ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২২ রান করেন। শতদল সঙ্ঘের পক্ষে শুভম কেথোয়াস ৫৫ রানে ৩ টি,ভিকি সাহা ৬১ রানে এবং কাদল সূত্রধর ৬৬ রানে ২ টি করে উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে নির্ধারিত ওভারে ৮ উইকেট হারিয়ে ২৬২ রান করতে সক্ষম হয় শতদল সঙ্ঘ। দলের পক্ষে অনিল মাউরা ৭৬ বল খেলে ১০ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৯৫ (অপ:), অর্পিত প্যাটেল ৫৯ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ৪০, আনন্দ ভৌমিক ৪৮ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ৩৭, শুভম কেথোয়াস ১৬ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২ এবং ভিকি সাহা ২৭ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২২ রান করেন। সংহতির পক্ষে অমরেশ দাস ৫৮ রানে ৩ টি উইকেট দখল করেন।

# কাগুজে বাঘের আস্ফালনে ত্রিপুরার দায়িত্ব নেসা-র হাতে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। নাম ত্রিপুরার, লোগো ত্রিপুরার। কিন্তু রাজ্য দলকে 'হ্যান্ডেল' করবে নেসা। অর্থাৎ নর্থ ইস্ট স্পোর্টস অ্যাসোসিয়েশন এর তত্ত্বাবধানে ত্রিপুরা দলকে এবার খেলতে হচ্ছে নাগাল্যান্ডে অনুষ্ঠিতব্য তৃতীয় নর্থ-ইস্ট গেমসে।

আসলে কাগজে কলমের গ্যারাকল এতটাই গভীরে প্রবেশ করেছে, পাছে ত্রিপুরার এন্টি নিয়ে কোনরকম যেন আইন আদালত না হয়, এর জন্যেই মুখ্যত সরকারিভাবে এই প্রয়াস। কার্যত ত্রিপুরার খেলোয়াড়রা উত্তর-পূর্বের বৃহত্তম ক্রীড়া যজ্ঞে খেলতে পারবে সেটাও বড় খবর বলা যেতে পারে। ত্রিপুরা স্টেট অলিম্পিক অ্যাসোসিয়েশন ক্রীড়া জগতে এতটাই গভীরে প্রবেশ করেছে। কার্যত বিকল্প পথ অনুসরণ করতে হচ্ছে রাজ্য সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরকে।


ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশন এবং ত্রিপুরা ক্রীড়া পর্ষদ, এমনকি রাজ্য ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরও দায়িত্ব নিয়ে এবারকার জাম্বু টিম পাঠাতে অপারগ, শুধু কাগজে-কলমে এফিলিয়েশন আর অনুমোদনের গ্যারাকলে।

নর্থ ইস্ট স্পোর্টস অ্যাসোসিয়েশনের কর্মকর্তারা রাজ্যে এলেন, উচ্চ পর্যায়ের বৈঠকে বসলেন, সবকিছু সরেজমিনে দেখলেন, সাংবাদিকদের সবিস্তারে জানালেন এবং উপলব্ধির ফলশ্রুতিতে শেষ পর্যন্ত নিজেদের কাঁধে দায়িত্ব নিয়ে ত্রিপুরা দলকে 'হ্যান্ডেল' করার ভূমিকা পর্যন্ত গ্রহণ করলো নেসা।

# সুপার ডিভিশন লিগ ক্রিকেটে আজও মাঠে নামবে চার দল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে চলছে এখন ঘরোয়া বিপুল মজুমদার স্মৃতি সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট। টুর্নামেন্টের সূচি অনুযায়ী আগামীকাল বুধবার ময়দানে নামবে চারটি দল। পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে এদিন মুখোমুখি হবে ব্লাড মাউথ ক্লাব ও শতদল সংঘ। ম্যাচটি শতদল সংঘের চতুর্থ ম্যাচ হলেও তাদের প্রতিপক্ষ ব্লাডের তৃতীয় ম্যাচ। টানা তিনটি ম্যাচ খেলে এখনো পর্যন্ত জয়ের মুখ দেখিনি শতদল। সেই জায়গায় ব্লাড মাউথ গত দুই ম্যাচের মধ্যে একটি ম্যাচে জয় ছিনিয়ে নিতে সক্ষম হয়। জয় দিয়ে অভিযান শুরু করার পর নিজেদের দ্বিতীয় ম্যাচেই পরাজয়ের মুখ দেখে ব্লাড। এই অবস্থায় প্রতিপক্ষ দুর্বল শতদলের বিরুদ্ধে ফের জয়ের মুখ দেখার প্রত্যাশা নিয়ে আগামীকাল মাঠে নামবে ব্লাড মাউথের ক্রিকেটাররা। অপরদিকে নরসিংগড় বিআইটি মাঠে এদিন মুখোমুখি হবে ইউনাইটেড ফ্রেন্ডস ও স্ফুলিঙ্গ। এদিন নিজেদের তৃতীয় ম্যাচ খেলতে নামবে ইউনাইটেড। পরপর দুই ম্যাচে জয়ের ধারাবাহিকতা বজায় রাখায় যেদিন হ্যাট্রিকের লক্ষ্যমাত্রা সামনে রেখেই ময়দানে নামবে ইউনাইটেড ফ্রেন্ডসদের ক্রিকেটাররা। তবে স্ফুলিঙ্গ গত তিন ম্যাচের মধ্যে দুটি ম্যাচে জয়লাভ করে। শুরুটা প্রত্যাশিতভাবে স্ফুলিঙ্গ করতে না পারলেও, পরবর্তী দুই ম্যাচেই অনেকটা ঘুরে দাঁড়ায়। এই অবস্থায় চলতি এই টুর্নামেন্টে টানা তিন ম্যাচে জয়ের হ্যাট্রিকের লক্ষ্যমাত্রা নিয়ে মাঠে নামবে দল। এখন দেখার বিষয় পূর্ব নির্ধারিত চার দলের ম্যাচ দুটিকে শেষ পর্যন্ত কোন দল জয়ের তকমা নিয়ে মাঠ ছাড়ে।


## নিখোঁজ সংবাদ



**Ref : Bishalgarh Women PS G.D. Entry No.-08, Dated - 03-03-2024**

উপরিউক্ত ছবিটি শ্রীমতী পুতুল অধিকারী, বয়স ৬০ বছর, স্বামী- মৃত দীলিপ অধিকারী, সাং-জাঙ্গালিয়া, রবীন্দ্রনাথ কলোনি, থানা - বিশালগড়, সিপাহিজলা ত্রিপুরা, উচ্চতা-৪ ফুট, গায়ের রং-শ্যামলা, চুল-কালো, মুখমন্ডল- গোলাকার এবং পড়নে লাল রং এর শাড়ী। উক্ত ব্যাক্তিটি গত ২৭-০২-২০১৪ ইং তারিখ হইতে নিখোঁজ। উপরিউক্ত নিখোঁজ মহিলাটি সম্বন্ধে কেহ কোনো খবর পাইলে বা সন্ধান পাইলে অনুগ্রহ করে নিকটবর্তী থানা বা নিম্নলিখিত ঠিকানায় বা দূরভাষ নম্বরে যোগাযোগ করিবেন।

*যোগাযোগের ঠিকানা :-*
*পুলিশ সুপার সিপাহীজলা, ত্রিপুরা-*
দূরভাষ নম্বর :-
৬০০৯৪২০৬০৮ (এস.পি, ডি.আই.বি সিপাহীজলা)
৯৪৮৫০১৩১১৭ (ও. সি বিশালগড় মহিলা থানা )

ICA-D-1951-24 ইতি - পুলিশ সুপার, সিপাহীজলা, ত্রিপুরা, বিশ্রামগঞ্জ



**CORRIGENDUM**

Please read the name of work
"Mtc. of road at Amtali, Ballabpur from the H/O Ripan Mia to the H/O Satya Ranjan Roy (L=800.00mtr) uni of Central -Vill Sub-Division, PWD(R&B) under AMC ward No. 50 for the year 2024-25 / SH: Patch Metalling, Grouting, Pucca drain, Carpeting etc".
in stead of
"Mite. of road at Amtali, Ballabpur from the H/O Ripan Mia to the H/O Satya Ranjan Roy (L=800.00mtr) under jurisdiction of Central -VIll Sub-Division, PWD(R&B) of AMC ward No. 50 under Bardowali Assembly Constituency for the year 2024-25 / SH: Patch Metalling, Grouting, Pucca drain, Carpeting etc".
vide SI. No. 2, DNIT No, 45/ DNIT/EE-V/AGT/PWD/2023-24 invited against e-PNIT No. : 43 /EE-VIAGTIPWD(R&B)/23-24 Dated 5!" March ,2024 circulated vide Memo No.F.TECH-4/Pt-X/EE-V/2023-24/10181-10249
Dated. Agt the 5 March,2024 .
All other terms & condition etc. will remain unchanged other than circled memo no. earlier .
" FOR AND ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA ".
ICA/C-5171/24

Executive Engineer
Agartala Division No. V, PWD(R&B),
Agartala, West Tripura.

**MEMORANDUM**

Due to technical problem the last date of document downloading and bidding & opening of tender against Press Notice Inviting e-Tender No. 47/EE/UDP- DIVN/UDP/2023-24 dated, 20.02.2024 and circulated vide memo No. F.TC/01/EE/UDP-DIVN/UDP/ 12720-12787 dated 20.02.2024 is hereby extended as follows :-
1. The last date & time for Document Downloading and Bidding: - Upto 3.00 P.M. on 22.03.2024.
2. The date & time for opening of Bid:- At 11.00 A.M. on 26.03.2024 if possible.
All others terms and condition will remain unchanged.
This Memorandum can also be seen at Website at
www.tripura.nic.in Or www.tripurainfo.com Or www.neindia.com or www.tripuratenders.gov.in
ICA/C-5169/24

Executive Engineer,
PWD (R&B), Udaipur Division,

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 28/EE/PWD (G)/((R&B)/GNT/2023-24, Dt. 11-03-2024**

The Executive Engineer, Gonda Twisa Division, PWD (G), Gonda Twisa, Dhalai District behalf of the "Governor of Tripura', invites online percentage rate / item-rate e-tender in single bid / twe-bi system from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors / Firms Private Ltd. Firm / Agencies of Appropriate Class registered with PWD / TTAADC / MES / CPWD / Railway Govt. Organization of other State & Central for the following works:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST (in Rs.) | EARNEST MONEY (in Rs.) | TIME FOR COMPLETION |
|---|---|---|---|---|
| 1. | Construction of new 10(ten) bedded PHC building with provision of meeting room in 1st floor along with Kitchen, Morgue Garage & Driver Room at Jagabandhupara PHC, Dhalai Tripura /SH- Building portion including Internal Water Supply, Sanitary Installation, Sewage & Drainage Works. DNIeT No: CE(Buildings)/PWD/ACE/Project Unit/DNIT/53/2023-24 | 5,07,49,183.00 | 10,14,984.00 | 600 (Six Hundred) Days |

Date of publishing of bid : 12 - 03 — 2024
Last date and time for document downloading and bidding: Up to 1500 Hrs on 02- 04-2024
Class of tenderer: Appropriate Class.
Bid fee and Earnest Money are to be paid electronically.
Document downloading and bidding at application; https://tripuratenders.gov.in. For further enquiry, contact to the office of the undersigned.

ICA/C-5168/24


(Er. L. barma)
Executive Engineer
Gonda Twisa Division, PWD (G)
Gonda Twisa, Dhalai District

**PNIe-T NO: 115 /EE/PNIe-T/MECH.DIVN/AGT/2023-24 Dated : 04/03/2024**

The Executive Engineer, Mechanical Division, Agartala on behalf of the 'Governor of Tripura', invites online item rate e-tender in single bid system from Original Equipment Manufacturer (OEM) of Johnson Lift / Original Equipment Manufacturer(OEM) authorized service provider or the firm having license/authorization issued by Government for maintenance of lifts or any reputed firm having specified experience in maintenance of lifts for the following work:
Name of work: Comprehensive Annual Maintenance Contract (CAMC) for 06 (Six) Nos. 20 passenger capacity Johnson Make lifts (OEM lift Sl No. M9962-67) installed at Super Specialty Building( G+3) of AGMC & GBP Hospital, Agartala, West Tripura for a period of 3(three) year during 2024-2027
1. Estimated Cost: Rs 40,75,956,00
2. Earnest Money: Rs 81,519.00
3. Bid Fee: Rs 1,000.00
4. last date & time for online Bidding: 18/03/2024 upto 3:00 PM
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-5162/24

Executive Engineer
Mechanical Division, Agartala




**PNI 45 /EE/DWS/BLG/ 2023-24 dated 07/3/2024**

The Executive Engineer, DWS Division, Bishalgarh Sepahijala District, Tripura on behalf of the "Governor of Tripura" invites online percentage rate single bid system from eligible bidders up to 15.00 hrs, on 26/03/2024 for "Construction of CC platforms, G1 post in/e necessary fittings attached to different DTW & SBDTW under DWS Division, Bishalgarh" -For details please visit https://tripuratenders .gov.in and https://etenders.gov.in / eprocu or contact with at the O/O the Executive Engineer, DWS Division, Bishalgarhfor clarific any.

ICA/C-5157/24

(Er.Subir Das)
Executive Engineer
DWS Division, Bishalgarh

**SHORT NOTICE INVITING TENDER**

On behalf of Governor of Tripura the undersigned invites sealed Quotation of rate in the plain paper for procurement of Audio Conference System(Mic/ Delegate Unit) for use in the Conference Hall of Mandwi RD Block, West Tripura.
The Tender Box will be kept opened for dropping of quotation by the intending Quotationer in the office chamber of the undersigned from 07/03/2024 to 13/03/2024 from 10.00 AM to 3.00 PM except Govt. holiday and the Box will be opened on 15/03/2024 after 3.00 PM or the next day if any unavoidable circumstances happen.

ICA/C-5152/24

Block Development Officer
Mandwi R.D. Block
West Tripura

**Short Notice Inviting Quotation**

The undersigned hereby invites SNIQ on "Supply of Books-II through NEC project" from the experienced book suppliers/publishers/ dealers for supply of several books to Women's Polytechnic, Hapania, Tripura.
Last date of dropping quotations is 19/03/2024 upto 2.00 pm. Details about the SNIQ are available in the office of the undersigned or visit the institute website Www.wptripura.nic.in.
ICA/C-5146/24

(Dr. Tirtharaj Sen, FIE)
Principal
Women's Polytechnic

জাগরণ 13 March 2024, Wednesday আগরতলা ১৩ মার্চ ২০২৪ ইং, ■ ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ, বুধবার
■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


## ৫০ শয্যাবিশিষ্ট জিরানীয়া মহকুমা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন

# রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে : মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ।।** রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবার সম্পসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে। এই লক্ষ্যে জেলা, মহকুমা ও গ্রামীণ এলাকাগুলিতে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। আজ ৫০ শয্যাবিশিষ্ট জিরানীয়া মহকুমা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। এ উপলক্ষে জিরানীয়া ব্লক চৌমুহনিস্থিত পুরাতন স্বাস্থ্যকেন্দ্রের প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আজ জিরানীয়াবাসীর দীর্ঘদিনের স্বপ বাস্তবায়িত হতে যাচ্ছে। এই মহকুমা হাসপাতাল নির্মাণে ব্যয় হবে ৪১ কোটি ৫৩ লক্ষ টাকা। এই মহকুমা হাসপাতালে ১৬টি স্টাফ কোয়ার্টার সহ হাসপাতালের যাবতীয় প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণ করা হবে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন নির্মাণ সংস্থা কাজের গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যেই হাসপাতালের নির্মাণ কাজ শেষ করবে। তিনি বলেন, উন্নয়ন কাজে সরকার দুর্নীতি বা গাফিলতিকে কখনও প্রশ্রয় দেবে না। অনুষ্ঠানে সম্মানীয় অতিথি খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এলাকাবাসীর দীর্ঘদিনের স্বপ পূরণের জন্য মুখ্যমী প্রফেসর (ডা.) মানিক সাহাকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে বলেন, ২০১৮ সাল থেকে এই জিরানীয়া মহকুমায় ১টি মহকুমা হাসপাতাল স্থাপনের দাবি ছিলো। আজ সেই দাবি পূরণ হলো। তিনি আশা প্রকাশ করেন আগামীদিনে এই এলাকার মানুষ উন্নত স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো পাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ ও বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে। উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডা. সঞ্জীব দেববর্মা। অনুষ্ঠানে ২ জন গর্ভবতী মহিলাকে মুখ্যমন্ত্রী মাতপুষ্টি উপহার যোজনায় ২ হাজার টাকার, ক্ষুদ্র ব্যবসার জন্য ১ জন মহিলাকে ১০ হাজার টাকার চেক ও ২ জনকে বাদ্যয দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাদের হাতে সেই সহায়তা তুলে দেন।

# রাজ্যের মহিলাদের স্বশক্তিকরণের লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে ঃ টিংকু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ :** রাজ্যের মহিলাদের স্বশক্তিকরণের লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। স্বসহায়ক দলগুলির সাথে যুক্ত করে গ্রামীণ এলাকার মহিলাদের স্বনির্ভর করে তোলা হচ্ছে। আজ আগরতলা টাউনহলে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে এক আলোচনাসভায় প্রধান অতিথি শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন।

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে এই আলোচনাসভার আয়োজন করা হয়। আলোচনাসভার উদ্বোধন করেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায়। আলোচনাসভায় শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে মহিলাদের এগিয়ে আসতে হবে। সেই লক্ষ্যেই মহিলাদের আত্মনির্ভর করে তোলা হচ্ছে।

আলোচনাসভার উদ্বোধন করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় বলেন, মহিলাদের অংশগ্রহণ ছাড়া বিকশিত ভারত নির্মাণ সম্ভব নয়। মহিলাদের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। তিনি বলেন, সংকল্প নিয়ে কাজ করলে সফলতা আসবেই। রাজ্যে মহিলারা বিভিন্ন সরকারি সহায়তায় আত্মনির্ভর হয়ে উঠছেন। ইতিমধ্যেই স্বসহায়ক দলের সাথে যুক্ত রাজ্যের ৮৩ হাজার মহিলা লাখপতি দিদি হয়েছেন।

আলোচনাসভায় বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় বলেন, নারী ক্ষমতায়নকে ভিত্তি করে সমাজ নিরন্তর বদলাচ্ছে। সমাজের দৃষ্টিভঙ্গি পাল্টাচ্ছে। মহিলাদের বাদ দিয়ে সমাজ, রাজ্য ও দেশ কোনোভাবেই সমৃদ্ধ হতে পারে না। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বেটি বাঁচাও, বেটি পড়াও, সুকন্যা সমৃদ্ধি, লাখপতি দিদি প্রভৃতি যোজনার লক্ষ্য হলো মহিলাদের স্বাবলম্বী করে গড়ে তোলা।

আলোচনাসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক মিনারাণী সরকার, পদ্মশ্রী স্মৃতিরেখা চাকমা, পশ্চিম ত্রিপুরার অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি প্রমুখ। আলোচনাসভায় স্বাগত বক্তব্য রাখেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরে যুগ্ম অধিকর্তা বিজন চক্রবর্তী। আলোচনাসভার শুরুতে মহিলা স্বশক্তিকরণের উপর একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। আলোচনাসভার শেষে বিভিন্নভাবে সফল মহিলাদের সংবর্ধনা ও পুরস্কার প্রদান করা হয়।

# বিলোনীয়া ও সাব্রুম মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ ।।** জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ভারতীয় ফৌজদারি দন্ডবিধি ১৯৭৩'র ১৪৪ ধারা অনুযায়ী জেলার অন্তর্গত বিলোনীয়া ও সাব্রুম মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটারের মধ্যে রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত সময়ে জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই বিধিনিষেধ ১১ মার্চ, ২০২৪ থেকে কার্যকর হয়েছে এবং তা ৮ জুন, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। উল্লেখিত সময়ে ৪ জনের বেশী মানুষের জমায়েতের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

দক্ষিণ জেলার পুলিশ সুপার, বিলোনীয়া ও সারুম মহকুমার মহকুমা শাসকের বৈধ অনুমতিপত্র ছাড়া কোন ব্যক্তি বা যানবাহণের চলাচল, অনুমতিবিহীন মিছিল অথবা পাঁচ বা ততোধিক ব্যক্তির জমায়েত এবং লাঠি, অস্ত্রসস্ত্র ও পাথরের মতো জিনিষ যেগুলিকে অস্ত্র হিসেবে ব্যবহার করা যেতে পারে এমন জিনিষ নিয়ে আন্তর্জাতিক সীমান্তের ৫ কিলোমিটার এলাকায় চলাচল করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

এছাড়াও আন্তর্জাতিক সীমান্তের ৫০০ মিটার এলাকায় হাঁটিয়ে বা বাহণে করে কোন ধরণের গবাদি পশু নিয়ে যাবার উপরও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। একইসঙ্গে চিনি, আটা, ময়দা, চাল, ধান, গম, গমজাত দ্রব্যাদি, কেরোসিন তেল, সরিষার তেল, নারকেল তেল, সার, জামাকাপড়, লোহা এবং স্টিলজাত সামগ্রী, বিড়িপাতা, বিভিন্ন মেশিনের যন্ত্রাংশ, বেবিফুড, সাইকেলের পার্টস, লবন, চা, টায়ার ও টিউব, সমস্ত ধরণের ব্যাটারি, পেট্রোল ও ডিজেল, পাটের কাচামাল, ডাল, মিল্ক পাউডার, সিগারেট, মদ/বিয়ার, মাছ, শুকনো মাছ, রেজার ও ব্লেড, কয়লা, ঔষধ, সিন্থেটিক ড্রাগ, গাজা, কাঠের লগ, মোবাইল ফোনের মতো বিভিন্ন জরুরী সামগ্রী বহন করার উপরও বিধিনিষেদ্ধ আরোপ করা হয়েছে। আন্তর্জাতিক সীমান্তের ১ কিলোমিটারের কাছাকাছি অবস্থিত হাট/বাজার/দোকান রাত্র ৮টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত সময়ে খোলার উপরও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। তাছাড়াও এই আদেশে আন্তসীমান্ত নদীসমূহে শেষ আলো থেকে প্রথম আলো পর্যন্ত ফেরি সার্ভিস চলাচলের উপরও নিষেধাজ্ঞা আরোপকরা হয়েছে।

এই আদেশ আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্য, দক্ষিণ জেলার পুলিশ সুপার ও বিলোনীয়া ও সাবুম মহকুমার মহকুমা শাসকের জারি করা বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসি'র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

# রাজ্যে নারী কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে ঃ সমবায়মন্ত্রী

**আগরতলা, ১২ মার্চ।।** নারী স্বশক্তিকরণ ও নারীদের নিরাপত্তা রক্ষায় সরকার অগ্রাধিকার দিয়েছে। রাজ্যে সরকারি চাকরিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ পদ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আজ জোলাইবাড়ি কমিউনিটি হলে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যে নারী কল্যাণে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজমদার, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপা বৈদ্য, দক্ষিণ ত্রিপুরা জেলা সামাজিক ন্যায় কমিটির চেয়ারম্যান রুমা পাল বৈদ্য প্রমুখ। তাছাড়াও অনুষ্ঠানে ভারতচন্দ্রনগর, ঋষ্যমুখ, পোয়াংবাড়ি, রূপাইছড়ি, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতি ও বিএসি'র চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজশিক্ষা পরিদর্শক প্রবীর দেববর্মা। সমবায় মী শুক্লাচরণ নোয়াতিয়া আজ গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ঠাকুরছড়া, বড়পাথরীছড়া ও মহুরীনদীর উপর তিনটি পাকা সেতুর উদ্বোধন করেন।

## বাইক ও অটোর সংঘর্ষে আহত অন্তঃসত্ত্বা মহিলা সহ পাঁচ

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১২ মার্চ।।** বাইক ও অটোর সংঘর্ষে আহত হয়েছেন পাঁচ মাসের অন্তঃসত্ত্বা এক মহিলা সহ পাঁচজন। আজ বিশালগড় কদমতলী কাঁঠালিয়া বাজার এলাকায় স্থানীয় মানুষ আহতদের উদ্ধার করে বিশালগড় হাসপাতালে নিয়ে গিয়েছে। ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ বিশালগড় কদমতলী কাঁঠালিয়া বাজার এলাকায় অটোকে পিছন থেকে আসে একটি বাইক সজোরে আসে ধাক্কা দেয়। তাতে অটোতে থাকা পাঁচজন যাত্রী গুরুতর আহত হয়েছে। আহতদের মধ্যে পাঁচ মাসের অন্তঃসত্ত্বা এক মহিলাও ছিল। স্থানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে সাথে সাথে দমকলবাহিনীকে খবর পাঠিয়েছেন। দমকলকর্মীরা আহতদের উদ্ধার করে বিশালগড় হাসপাতালে নিয়ে গিয়েছেন।

## মিড-ডে-মিলের রান্না ঘরে চোরের থাবা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ।।** মিড-ডে-মিলের রান্না ঘরে চোরের থাবা। গতকাল চুরির ঘটনা প্রকাশ্যে আসতে জনমনে আতঙ্ক দেখা দিয়েছে। জানা গিয়েছে, গতকাল বিকেলে বোধজং স্কুলের কর্তৃপক্ষের নজরে চুরি যাওয়ার বিষয়টি আসে। বোধজং স্কুলের মিড ডে মিল ঘরে চোরের দল হানা দিয়েছে। চোরের দল দরজা ভেঙে ভিতরে প্রবেশ করেছিল। আজ স্কুল কর্তৃপক্ষের তরফ থেকে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হবে। স্কুলের জনৈক শিক্ষক জানিয়েছেন, চোরের দল দুইটি রান্নার চুলা সহ বিভিন্ন সামগ্রী নিয়ে পালিয়েছে।

## গণধর্ষণের অভিযোগ ধৃত ২, ফেরারি ১

কলকাতা, ১২ মার্চ, (হি.স.): কলকাতার প্রগতি ময়দান এলাকায় গাড়ির মধ্যে ১৯ বছরের এক তরুণীকে গণধর্ষণের অভিযোগ ঘিরে চাঞ্চল্য দেখা দিয়েছে। রবিবার রাতে চা খেতে বার হয়েছিলেন ওই তরুণী। তখনই তাঁকে নির্যাতন করা হয় বলে অভিযোগ উঠেছে তিন জনের বিরুদ্ধে। মঙ্গলবার খবরটি প্রকাশ্যে এসেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, অভিযুক্তরা নির্যাতিতার পরিচিত। ঘটনায় দু'জনকে গ্রেফতার করা হয়েছে। তৃতীয় অভিযুক্তের খোঁজ চলছে। প্রগতি ময়দান থানায় ১১ মার্চ, সোমবার অভিযোগ দায়ের করেছেন তরুণী। তার ভিত্তিতে এফআইআর দায়ের করে তদন্ত শুরু করেছে পুলিশ। নির্যাতিতার অভিযোগের সূত্রে জানা গিয়েছে, রবিবার রাতে চা খেতে বার হয়েছিলেন তিনি। প্রগতি ময়দান থানার অন্তর্গত দুর্গাপুর এলাকায় একটি খালি গাড়িতে তাঁকে গণধর্ষণ করা হয়েছে। অভিযুক্তেরা হলেন বিকাশ দত্ত, শ্রীকান্ত, চন্দন গুপ্ত।

# রাজ্যে মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

**আগরতলা, ১২ মার্চ।।** ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পরিচালনায় আজ মাধ্যমিক (নতুন সিলেবাস) এর সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোস্যাল সায়েন্স (ইকনমিক্স ও জিওগ্রাফি) এবং মাদ্রাসা আলিম (নতুন সিলেবাস) এর সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোস্যাল সায়েন্স (ইকনমিক্স ও জিওগ্রাফি) পরীক্ষা গ্রহণ করা হয়। পর্ষদ থেকে জানানো হয়েছে, রাজ্যের মোট ৬৯টি মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজ মাধ্যমিক ও মাদ্রাসা আলিম নতুন সিলেবাসের সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোস্যাল সায়েন্স (ইকনমিক্স ও জিওগ্রাফি) পরীক্ষায় ৩২,৭১৪ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ছাত্র ১৫,২৭৬ জন ও ছাত্রী ১৭,৪৩৮ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৩২,৪৮৪ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১৫,১৮৬ ও ছাত্রী ১৭,২৯৮ জন। অনুপস্থিতির সংখ্যা ৯০ জন ছাত্র ১৪০ জন ছাত্রী। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.৩০। আজকের পরীক্ষায় পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী ও সচিব ড. দুলাল দে উদয়পুর পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত দক্ষিণ বাগমা সমতলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, চন্দ্রপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, গামারিয়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, গর্জি সিমসিমা মাধ্যমিক বিদ্যালয়, মাতঙ্গিনী হাজরা বালিকা বিদ্যালয়, ত্রিপুরা সুন্দরী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, তৈরুপাবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, শালগড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং উদয়পুর রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাস্থলগুলি পরিদর্শন করেন। আগামী ১৩ মার্চ উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস) এর ম্যাথেমেটিক্স/ফিলোজফি এবং মাদ্রাসা ফাজিল আর্টস (নতুন সিলেবাস) এর ফিলোজফি পরীক্ষা নেওয়া হবে।

# ভিডিও কনফারেন্সিং'র মাধ্যমে অধিকরণের কাজের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি ধর্মনগর ১২ ই মার্চ।।** মঙ্গলবার থেকে ধর্মনগর রেল স্টেশন প্রাঙ্গনে এক অনুষ্ঠান শুরু হয়েছে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেছেন ধর্মনগর বিধানসভার বিধায়ক তথা অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উপস্থিত ছিলেন উত্তর জেলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, ধর্মনগর পৌর পরিষদের চেয়ারম্যান প্রদ্যুৎ দে সরকার, বিশিষ্ট সমাজসেবী শ্যামল নাথ সহ রেল দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তারা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চারটে স্টেশনে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অধিকরণের কাজের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী জানান উত্তর পূর্বাঞ্চলে রেলের উন্নতির জন্য ১০ হাজার ৩৭৯ কোটি টাকা বরাদ্দ করে কাজে এগিয়ে চলেছে। ৬০ টি স্টেশন কে আধুনিকরণের কাজে হাত দেওয়া হয়েছে। তার মধ্যে লামডিং ডিভিশনের আন্ডারে ৪৬ টি স্টেশন রয়েছে। আজ ত্রিপুরার চারটি স্টেশনে এই ধরনের ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আধীকরণের কাজ উদ্বোধন হয়। এই চারটি স্টেশন হলো ধর্মনগর, কুমারঘাট, উদয়পুর এবং রাজ্যের রাজধানী আগরতলা। প্রধানমন্ত্রী জানান ২০০৪ থেকে ২০১৪ সাল পর্যন্ত ভারতীয় রেলের কোন ধরনের উন্নতির সাধন হয়নি। ২০১৪ সালের পর থেকে ভারতীয় রেলের উন্নতি একের পর এক হয়ে চলেছে। শুধুমাত্র যাত্রীবাহী রেল নয় মালবাহী ট্রেনের সংখ্যা বাড়িয়ে দেওয়া হয়েছে। যাতে অতি সহজে এবং কম খরচে এক জায়গা থেকে অন্য জায়গা দ্রব্য সামগ্রী নিয়ে আসা-যাওয়া সহজ সহজতর হয়।

ধর্মনগর স্টেশনের পুরনো বিল্ডিং কোয়ার্টার এইসব ভেঙে সম্পূর্ণ নতুনরূপে ধর্মনগর স্টেশন আত্মপ্রকাশ করবে যা একটা বিশ্বসারের স্টেশনের মর্যাদায় সমতুল্য হয়ে দাঁড়াবে। তার জন্য আপামর দেশবাসীকে তিনি অভিবাদন জানিয়েছেন। যে প্রধানমন্ত্রী হিসেবে ওনাকে মানুষ যেভাবে কাজ করার জন্য উৎসাহ দিয়ে যাচ্ছেন তার জন্য। এই উৎসাহ ভবিষ্যতে দেশের অগ্রগতির ক্ষেত্রে বিশাল ভূমিকা গ্রহণ করবে বলে তিনি জানান।

# প্রধানমন্ত্রীর বিকাশের মন্ত্রকে পাথেয় করে এগিয়ে চলেছে বিজেপি ডাবল ইঞ্জিন সরকার : রাজীব



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মার্চ।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকাশের মন্ত্রকে পাথেয় করে এগিয়ে চলেছে বিজেপি ডাবল ইঞ্জিন সরকার। আজ বনমালীপুর মন্ডলের অন্তর্গত ২৩ নং ওয়ার্ডের ৩ নং বুথের লাভ্যার্থীদের সাথে মতবিনিময় কর্মসূচিতে একথা বলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য।

এদিন তিনি বলেন, সারা দেশের সাথে রাজ্যেও লোকসভা নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে বিজেপি সরকার। এরই অঙ্গ হিসেবে আজ বাড়ি বাড়ি লাভ্যার্থীদের সাথে জনসম্পর্ক অভিযান শুরু হয়েছে। পাশাপাশি কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্পে তাঁরা কতটুক ☛ ৬ এর পাতায় দেখুন

# জনজাতি অধ্যুষিত এলাকায় উন্নত শিক্ষার পরিকাঠামো গড়ে তুলতে সরকার পদক্ষেপ নিয়েছে ঃ বিকাশ

**আগরতলা, ১২ মার্চ।।** শিক্ষা ছাড়া সমাজ তথা দেশের উন্নতি সম্ভব নয়। জনজাতি অংশের মানুষের কল্যাণ ও জনজাতি অধ্যুষিত এলাকায় উন্নত শিক্ষার পরিকাঠামো গড়ে তুলতে সরকার পদক্ষেপ নিয়েছে। আজ মুঙ্গিয়াকামী ব্লকের আঠারমুড়া ভিলেজের বিলাধন রিয়াং চৌধুরী পাড়া হাইস্কুলের ৫০ শয্যাবিশিষ্ট ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং মুঙ্গিয়াকামী ব্লকেরই উত্তর মাহারাণী ভিলেজের বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ১০০ শয্যাবিশিষ্ট ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপনের অনুষ্ঠানটি হয় ৪৩ মাইল বাজার সংলগ্ন কমিউনিটি হলে। ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপনের অনুষ্ঠানটি হয় রাসমোহন সাধুপাড়ায়। দুটি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, গুণগত শিক্ষার প্রসারের উপর রাজ্যের বর্তমান সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। ছাত্রছাত্রীরা যাতে প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে উঠতে পারে সেজন্য নানা উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য কমল কলই বলেন, শিক্ষার উন্নয়নে রাজ্য সরকারের পাশাপাশি এডিসি'র প্রশাসনও সমান গুরুত্ব দিয়ে কাজ করছে। প্রতিটি ছেলেমেয়েকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত করে তুলতে এবং নেশার বিরুদ্ধে প্রবল জনমত গড়ে তুলতে তিনি সবার প্রতি আহ্বান জানান। বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, রাজ্যের বর্তমান সরকার মানুষের কল্যাণে পাহাড় ও সমতলে সমান ভাবে কাজ করে চলেছে। দুটি অনুষ্ঠানেই স্বাগত বক্তব্য রাখেন এডিসি'র চিফ ইন্জিনীয়ার টিংকু জমাতিয়া। সভাপতিত্ব করেন সমাজসেবী প্রণজিৎ দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক শীর্ষেন্দ দেববর্মা ও জনজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা আনন্দহরি জমাতিয়া।

## আগরতলায় রান ফর টি

# রাজ্যের চা শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে ঃ শিল্প ও বাণিজ্য মন্ত্রী



**আগরতলা, ১২ মার্চ।।** রাজ্যের চা শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। বর্তমান সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভোকাল ফর লোকাল-এর দিশায় কাজ করছে। খুব শীঘ্রই রাজ্যে একটি টি অকশন সেন্টার খোলা হবে। আজ বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইবেরী প্রাঙ্গণে রান ফর টি'র উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা একথা বলেন। ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেড ও টি বোর্ড ইণ্ডিয়া যৌথভাবে এই রান ফর টি অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী বলেন, ত্রিপুরা রাজ্যে চা শিল্প বিকাশের পাশাপাশি চা বাগিচার শ্রমিকদের কল্যাণেও সরকার বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, রাজ্যের চা শিল্পের এক প্রাচীন ঐতিহ্য রয়েছে। রাজ্যের চা শ্রমিকদের আর্থ সামাজিক মান উন্নয়ন হলেই চা শিল্পের উন্নয়ন ত্বরান্বিত হবে। পূর্বতন সরকার রাজ্যের চা বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়নে তেমন গুরুত্ব দেয়নি। চা বাগানের শ্রমিকদের কল্যাণে রাজ্যে মুখ্যমন্ত্রী চা শ্রমিক কল্যাণ প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে চা শ্রমিকদের জীবন যাত্রারমান উন্নয়নে উদ্যোগ নেওয়া হয়েছে। তাদের জন্য আবাসন, জমির পাট্টা, পানীয়জল ও শৌচালয়ের ব্যবস্থা করা হচ্ছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ। উদ্বোধনী অনুষ্ঠানের পর বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইবেরীর প্রাঙ্গণ থেকে রান ফর টি র‍্যালি শুরু হয়। র‍্যালিতে শিল্প ও বাণিজ্য মী সান্তনা চাকমা, যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধায়ক রামপদ জমাতিয়া, প্রাক্তন চেয়ারম্যান সন্তোষ সাহা, নিগমের বোর্ড অব ডিরেক্টরগণ, টি বোর্ড অব ইণ্ডিয়ার প্রতিনিধি পার্থ দাস, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, অধিকর্তা বিশ্বশ্রী বি, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যবত নাথ, ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর মানিক লাল দাস, ট্রাফিক পুলিশ, শারীর শিক্ষক, বিভিন্ন কোচিং সেন্টারের খেলোয়াড়গণ, এন জি ও এবং বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীসহ প্রায় ২০০০ জন প্রতিনিধি অংশ নেন। এই বর্ণাঢ্য র‍্যালী শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা শেষে পুরনায় বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইবেরীর প্রাঙ্গনে এসে সমাপ্ত হয়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।